# গার্ল গাইডস্ বার্তা

২৮ বর্ষ, ২য় সংখ্যা-২০২০



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন



বরিশাল অঞ্চলের মুজিববর্ষ দিবস পালন উপলক্ষে পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর কর্মসূচিতে গাইডার ও গাইডদের অংশগ্রহণ



রাজধানী অঞ্চলের আইডিয়াল স্কুল এন্ড কলেজের রেঞ্জার ইউনিটের রেঞ্জারদের দীক্ষা প্রদান



চট্টগ্রাম অঞ্চলের মুজিব শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠানে হলদে পাখিদের মাঝে মাস্ক বিতরণ

# গার্ল গাইডস বার্তা

২৮ বর্ষ, ২য় সংখ্যা-২০২০

## প্রচ্ছদ পরিচিতি




বিশ্ব চিন্তা দিবস-২০২০ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে গার্ল গাইডের পক্ষ হতে শিক্ষা মন্ত্রীকে গার্ড অব অনার দেয়া হয়

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| সম্পাদকীয় | ২ | চট্টগ্রাম অঞ্চল | ১৪ |
| বিশ্ব চিন্তা দিবস উদযাপন | ৩ | কুমিল্লা অঞ্চল | ২০ |
| মুজিববর্ষ উদ্‌যাপন | ৩ | ঢাকা অঞ্চল | ২৬ |
| হলদে পাখি সম্প্রসারণ বিষয়ক প্রশিক্ষকদের প্রশিক্ষণ | ৪ | খুলনা অঞ্চল | ২৯ |
| কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক কর্মশালা | ৪ | ময়মনসিংহ অঞ্চল | ৩৫ |
| জাতীয় কার্যনির্বাহী কমিটির সভা | ৪ | রাজশাহী অঞ্চল | ৩৮ |
| প্লাস্টিকের দূষণ | ৫ | সিলেট অঞ্চল | ৪৪ |
| ক্যাপাসিটি এসেসমেন্ট কর্মশালা | ৬ | রংপুর অঞ্চল | ৪৯ |
| করোনায় ক্ষতিগ্রস্থদের মাঝে আর্থিক সহায়তা প্রদান | ৬ | শোক সংবাদ | ৫৪ |
| বঙ্গমাতার জন্মবার্ষিকী পালন | ৬ | গাইডের গান | ৫৫ |
| জাতীয় শোক দিবস পালন | ৬ | বিশ্ব চিন্তা দিবস | ৬৫ |
| বরিশাল অঞ্চল | ৭ | আনন্দ ভ্রমন | ৫৭ |
| রাজধানী অঞ্চল | ৯ | জীবনে প্রথম প্লেনে উঠা-প্রথম বিদেশ ভ্রমনমালয়েশিয়ায় আমার ব্রাউনিস লিড ইন্টারন্যাশনাল ক্যাম্প-২০১৯ - এর অভিজ্ঞতা | ৫৮ |


## দশ অঞ্চলের ঠিকানা

**আঞ্চলিক কমিশনার**
রাজধানী অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গাইড হাউজ, নিউ বেইলী রোড
ঢাকা - ১০০০
ফোন ঃ ৪৮৩২১১২৯

**আঞ্চলিক কমিশনার**
ঢাকা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা - ১০০০
ফোন ঃ ৯৩৫৩৮১৯

**আঞ্চলিক কমিশনার**
চট্টগ্রাম অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৩০৫, বাকলিয়া হাইস্কুল রোড
পশ্চিম বাকলিয়, চট্টগ্রাম।
ফোন ঃ ০৩১/৬৩৪২৩৮

**আঞ্চলিক কমিশনার**
সিলেট অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
বিহঙ্গ, ২৫/এ, কাজীটুলা, সিলেট
(কর অফিস সংলগ্ন, উত্তর পাশে)
ফোন ঃ ০১৭১২২৭৫১৮১

**আঞ্চলিক কমিশনার**
খুলনা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৫৮, স্যার ইকবাল রোড,বাইতি পাড়া, খুলনা।
মোবাইল ঃ ০২৪৪/১১০৭৫৪।

**আঞ্চলিক কমিশনার**
রাজশাহী অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
বিলসিমলা, রাজপাড়া
(শহীদ কামরুজ্জামান স্টেডিয়ামের সামনে)
পোস্ট অফিস সেনানিবাস, রাজশাহী।
ফোন ঃ ০৭২১/ ৭৬১২৬৬

**আঞ্চলিক কমিশনার**
বরিশাল অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
অধ্যাপক রফিকুল ইসলাম সড়ক
বরিশাল - ৮২০০
ফোন ঃ ০৪৩১/২১৭৪৭৬৯

**আঞ্চলিক কমিশনার**
কুমিল্লা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ফয়জুন নেসা সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় কুমিল্লা
মোবাইল ঃ ০১৮১৪২২৩৬০৫

**আঞ্চলিক কমিশনার**
রংপুর অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর
মোবাইল ঃ ০১৫৫৬৩০৭৭২৯

**আঞ্চলিক কমিশনার**
ময়মনসিংহ অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গ্রীনল্যান্ড সিরাজ টাওয়ার
১৫ নং-অমৃতবাবু রোড, গোল পুকুর পাড়
ময়মনসিংহ
মোবাইল ঃ ০১৭৩১০২৫২৭৬

**সম্পাদনা পরিষদ**

সম্পাদক : শাহনাজ মালিক আহমেদ
উপদেষ্টা : কাজী জেবুন্নেছা বেগম
সম্পাদনা পরিষদ : শাহনাজ মালিক আহমেদ
প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ
নূরজাহান আরা বেগম
রিফাত আরা সাহানা, মাহমুদা আপন

## সম্পাদকীয় নীতি

'গার্ল গাইডস্ বার্তা' মূলত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর মুখপত্র। এর মূল উদ্দেশ্য হচ্ছে বিভিন্ন কর্মসূচির ধ্যানধারণার পারস্পরিক মতামত ও ভাবের আদান-প্রদানের মাধ্যমে গাইডিং-কে প্রত্যেকের দ্বারে পৌঁছে দেওয়া। দেশে এবং বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন গাইড সংক্রান্ত অনুষ্ঠানাদির সচিত্র প্রতিবেদন গইড বার্তা নিয়মিত প্রকাশ করে। গাইড বার্তা বিভিন্ন শ্রেণির মানুষের ভিন্ন ভিন্ন মতামত ও সহযোগিতাকে স্বাগত জানায়। লেখা ও ছবি ই-মেইলে পাঠাতে হবে। পরিষ্কার রঙিন ছবি পাঠালে ভালো হয়। গাইড বার্তা সম্পাদনা পরিষদ বাছাই ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে। মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

## যোগাযোগের ঠিকানা

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০
ফোন: ৪৮৩১৫৫০১, ফ্যাক্স: ৪৮৩১৫৫৯২
ই-মেইল: bgguidesho@gmail.com
ওয়েবসাইট: girlguides.org.bd
ফেসবুক: facebook.com/bggaHQ

## বিজ্ঞাপন

বিজ্ঞাপন সংক্রান্ত বিষয়ে যেকোন অনুসন্ধান প্রতিটি আঞ্চলিক কার্যালয় এবং ঢাকাস্থ জাতীয় কার্যালয় থেকে আনা সম্ভব। এ গাইড বার্তায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তুর ব্যাপারে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন কোন প্রকার দায়ী থাকবে না।

## প্রতি কপির মূল্য ২০ টাকা মাত্র

বাৎসরিক চাঁদার হার : ডাক ১০০.০০ টাকা মাত্র (বাংলাদেশ)
বাৎসরিক চাঁদার হার : ডাক ১২০.০০ টাকা মাত্র (ভারত)

মুদ্রণে :
মদিনা প্রিন্টার্স এন্ড পাবলিশার্স
২৭৮/৩, এলিফ্যান্ট রোড, কাঁটাবন, ঢাকা-১২০৫

# সম্পাদকীয়



বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্থ সারা বিশ্ব। তার প্রভাব আমাদের দেশেও পরেছে। সংবাদ মাধ্যমগুলোতে প্রতিদিনই প্রচারিত হচ্ছে কোভিডে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ। কখনো সংখ্যা উর্দ্ধগতি আবার কখনো নিম্ন গতি। গাইড সদস্যদের আত্মীয় স্বজন অনেকেই এই মহামারী থেকে রেহাই পা ননি। বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রতিনিয়ত ভ্যাক্সিন আবিষ্কারের খবর প্রচার করে যাচ্ছেন। তাই বলে মানুষ এখন আর ঘরবন্দী নেই। প্রয়োজনের তাগিদে বাইরে বের হতেই হচ্ছে। কিন্তু মানুষের মাঝে সচেতনতার খুব অভাব পরিলক্ষিত হচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা কিন্তু বার বার হুঁশিয়া করে যাচ্ছেন দিনে কয়েকবার সাবান দিয়ে নিদেনপক্ষে ২০ সেকেন্ড ধরে হাত ধুতে। বাইরে বের হওয়ার সময় মাস্ক ব্যবহার করতে। আসুন আমরা বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা মেনে চলি, নিজে সচেতন হই, অন্যকেও সচেতন করি।

এই মহামারী করোনা পরিস্থিতিতে গার্ল গাইডের কার্যক্রম থেমে থাকেনি। আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্ব চিন্তাদিবস পালন। হলদে পাখি সম্প্রসারণ কার্যক্রম বিষয়ক বিভিন্ন কর্মসূচি, জুম অ্যাপের মধ্যমে জাতীয় কার্যনির্বাহী কমিটির সভা, করোনায় হতদরিদ্রদের মাঝে আর্থিক সহায়তা প্রদান, অঞ্চলগুলো তাদের নিয়মিত কার্যক্রমগুলো করছে।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতার জন্মশত বার্ষিকীতে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে ১৭ মার্চ, ২০২০ গাইড হাউজে জন্মশত বার্ষিকী উদযাপিত হয়। আগস্ট শোকের মাসে জাতীয় শোক দিবস, বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা মুজিবের জন্ম বার্ষিকী পালন সহ বিভিন্ন অনুষ্ঠান পালন করা হয়।

সর্বোপরি গার্ল গাইডের বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে মানুষের পাশে থেকে সহায়তা করে যাওয়ার প্রয়াস অব্যাহত থাকুক এটাই আমাদের মূল উদ্দেশ্য।

**শাহনাজ মালিক আহমেদ**
প্রকাশনা কমিশনার ও
সম্পাদক, গার্ল গাইডস্ বার্তা

## বিশ্ব চিন্তা দিবস উদযাপন

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর জাতীয় কার্যালয় ও রাজধানী অঞ্চলের যৌথ উদ্যোগে ২২ ফেব্রুয়ারি, ২০২০ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ের অডিটোরিয়ামে 'বিশ্ব চিন্তা দিবস' উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারে মাননীয় শিক্ষা মন্ত্রী, ডা. দীপুমনি এম.পি উপস্থিত ছিলেন। শিক্ষা মন্ত্রী স্কাউটের একটি অনুষ্ঠানে গিয়ে তাদের সাথে কথা বলে জানতে পারেন তাদের প্রতিটি কাজেই সচিবরা সহযোগিতা করছেন, গার্ল গাইডের পাশে তেমন কেউ নেই। তিনি গার্ল গাইডের পাশে থাকার মত ব্যক্ত করে বলেন, আমাদের বর্তমান প্রধান মন্ত্রী একজন দিক্ষীত গাইড। তাই তিনি গাইডের সকল কাজে যথাসাধ্য সহযোগিতা করে যাবেন। এ ছাড়া তিনি নারী ও পুরুষের সমান অধিকার রক্ষা করতে সকলের প্রতি আহবান জানান। বিশেষ অতিথি ছিলেন **মুনশী শাহাবুদ্দীন আহমেদ**, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস ২২ ফেব্রুয়ারি। বিশ্বব্যাপী গাইড সদস্যবৃন্দ তাঁদের জন্ম দিবসকে স্মরণীয় করে রাখার জন্য 'বিশ্ব চিন্তা দিবস' উদ্‌যাপন করে। এবারের থিম : Living Threads. DIVERSITY, EQUITY AND INCLUSION

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। স্বাগত বক্তব্য দেন প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম)। ধন্যবাদ জ্ঞাপন করেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল।

জাতীয় কমিশনারের বাণী পাঠ, প্রতিজ্ঞা নবায়ন, চিন্তা দিবসের চাঁদা প্রদান, পুরস্কার বিতরণ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠান সম্পন্ন হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড ও রেঞ্জাররা সঙ্গীত, নৃত্য ও নাটিকা পরিবেশন করে। শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা অধিদপ্তর, শিক্ষা বোর্ড সহ বিভিন্ন মন্ত্রণালয়ের গন্যমান্য ব্যক্তিবর্গ, রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদেপাখি, গাইড, রেঞ্জার, গাইডার, গাইড সদস্য ও জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্যসহ সাত শতাধিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।




বিশ্ব চিন্তা দিবস উদযাপন



চিন্তা দিবস অনুষ্ঠানে শিক্ষামন্ত্রীর কাছ থেকে পুরস্কার গ্রহণ করছে একজন বিশেষ হলদেপাখি

## মুজিববর্ষ উদ্‌যাপন

১৭ মার্চ, ২০২০ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, জাতীয় কার্যালয়ের উদ্যোগে গাইড হাউজে মুজিববর্ষ উদ্‌যাপন করা হয়। জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে কেক কেটে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে আলোচনা হয়। এ ছাড়া বিশ্বে বহুল আলোচিত করোনা ভাইরাস সম্পর্কে সকলকে সচেতন করা ও সবার মাঝে মাস্ক বিতরণ করেন জাতীয় কমিশনার। হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, কার্যনিবাহী কমিটির সদস্য, অফিস স্টাফ সহ শতাধিক অংশগ্রহণ করেন।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে অনুষ্ঠিত কার্মসূচিতে অংশগ্রহণকারীদের মাঝে মাস্ক বিতরণ




বৈশ্যিক মহামারী করোনা ভাইরাস সম্পর্কে সচেতন করছেন একজন চিকিৎসক

## হলদে পাখি সম্প্রসারণ বিষয়ক প্রশিক্ষকদের প্রশিক্ষণ

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যালয়ের উদ্যোগে ৪ ও ৫ মার্চ, ২০২০ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে হলদে পাখি সম্প্রসারণ বিষয়ক প্রশিক্ষকদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের উদ্বোধন করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন। জেনারেল সেক্রেটারি, জাতীয় কার্যালয়ের সকল কর্মকর্তা, হিসাব রক্ষক, সহকারী হিসাব রক্ষক, কম্পিউটার অপারেটর, সকল অঞ্চল হতে আঞ্চলিক কমিশনার, ট্রেজারার, কার্যনির্বাহী কমিটির সদস্য, ট্রেইনার, অফিস সহকারী, কম্পিউটার অপারেটর ও রেঞ্জারগণ প্রশিক্ষণ গ্রহণ করেন। একই দিন হলদে পাখি সম্প্রসারণ বিষয়ে বাজেট নিয়ে বিষদ আলোচনা হয়।




হলদে পাখি সম্প্রসারণ বিষয়ক প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম




হলদেপাখি সম্প্রসারণ বিষয়ক বাজেট পর্যালোচনা

## কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক কর্মশালা



কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক কর্মশালা

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে ৪ ও ৫ মার্চ, ২০২০ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে দু'দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার , বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।

## জাতীয় কার্যনির্বাহী কমিটির সভা

৫ মার্চ, ২০২০ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যনির্বাহী কমিটির (২০১৮-২০২১) ৫ম সভা নিউ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। সভায় জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



জাতীয় কার্যনির্বাহী কমিটির সভা

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর কারণে জুম অ্যাপস দ্বারা ভিডিও কনফারেন্সের মাধ্যমে ২৮ জুন, ২০২০ জাতীয় কার্যনির্বাহী কমিটির ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হয়। সকল আঞ্চলিক কমিশনার ও কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ অনলাইনে সভায় যোগদান করেন। অনলাইনে সকলকে স্বাগত জানিয়ে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম সভা পরিচালনা করেন।



জাতীয় কার্যনির্বাহী কমিটির জুম সভা

## Tide Turners Plastic Challenge Badge Program




প্লাস্টিকের দূষণ সম্পর্কে সচেতন করতে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারীবৃন্দ

জাতিসংঘের পরিবেশ বিষয়ক প্রোগ্রাম (UNEP) তরুণ প্রজন্মকে প্লাস্টিকের দূষণ সম্পর্কে সচেতন করতে এবং পরিবেশগত সমস্যাগুলি সমাধানের ভূমিকায় উৎসাহিত করার অংশ হিসাবে সম্প্রতি World Association of Girl Guides and Girl Scout (WAGGGS), Tide Turners Plastic Challenge Badge Program হাতে নিয়েছে। প্রোগ্রামের অংশ হিসেবে ৬ মার্চ, ২০২০ গাইড হাউজে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করেন। আঞ্চলিক কমিশনার, ট্রেইনার, গাইডারসহ এসোসিয়েশনের কর্মকর্তা কর্মচারিরা প্রশিক্ষণে উপস্থিত ছিলেন।



করোনা ভাইরাস সচেতনতায় নিজের দুই হাত মাঝে মধ্যেই পরিষ্কার, স্বচ্ছ পানি দিয়ে ধুয়ে নিন। এরপর হাতে সাবান লাগিয়ে হাতের তালু এবং পৃষ্ঠতল ঘষে ফেনা তুলুন। আঙ্গুলগুলোর মাঝেও একইভাবে পরিষ্কার করুন। এরপর আবারও পানি দিয়ে হাত ধুয়ে ফেলুন।

## ক্যাপাসিটি এসেসমেন্ট কর্মশালা




ক্যাপাসিটি এসেসমেন্ট কর্মশালায় অংশগ্রহণকারীবৃন্দ

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যালয়ের উদ্যোগে বেইলী রোড, গাইড হাউজে ১৫ ও ১৬ নভেম্বর, ২০১৯ দু'দিন ব্যাপী বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থা (ওয়াগ্স) হতে প্রেরিত ক্যাপাসিটি এসেসমেন্ট টুল (ক্যাট) কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম কর্মশালার উদ্বোধন করেন। কমিশনার, ট্রেইনার, গাইডারসহ এসোসিয়েশনের কর্মকর্তা কর্মচারিরা কর্মশালায় অংশগ্রহন করেন।

## করোনায় ক্ষতিগ্রস্থদের মাঝে আর্থিক সহায়তা প্রদান

১০ এপ্রিল, ২০২০ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যালয়ের উদ্যোগে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্থ হতদরিদ্রদের মাঝে আর্থিক সহায়তা প্রদান করা হয়। জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম ক্ষতিগ্রস্থ দরিদ্রদের হাতে অর্থ তুলে দেন। আরো উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ জাহান আরা বেগম, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) সাবিনা ফেরদৌস, জাতীয় কমিশনারের ব্যাক্তিগত কর্মকর্তা মালেকা পারভিন ও  হিসাব শাখার মোঃ জাহাঙ্গীর হোসেন।



করোনায় ক্ষতিগ্রস্থ হতদরিদ্রদের মাঝে আর্থিক সহায়তা প্রদান

## বঙ্গমাতার জন্মবার্ষিকী পালন




বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের জন্ম বার্ষিকী পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯০তম জন্ম বার্ষিকী উপলক্ষে ৮ আগস্ট, ২০২০ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম হলদে পাখি, গাইড, রেঞ্জার ও গাইড সদস্যদের নিয়ে কেক কেটে জন্মদিনের শ্রদ্ধা জ্ঞাপন করেন।

'ত্যাগ ও সুন্দরের সাহসী প্রতীক' প্রতিপাদ্যকে অনুসরণ করে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম, ডেপুটি জাতীয় কমিশনার সাবিনা ফেরদৌস (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ (প্রোগ্রাম), একজন গাইড সদস্য, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের হলদেপাখি মেহজাবীন নূর মালিহা, সিদ্ধেশ্বরী বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড তাসনুভা বিনতে সিরাজ, জাতীয় রেঞ্জার কাউন্সিলের সেক্রেটারি তাহমিনা বিনতে সিরাজ বঙ্গমাতার কর্মময় জীবনের উপর আলোচনা করেন। এর আগে বঙ্গমাতার আত্মার শান্তি কামনা করে দোয়াখায়ের ও বিশেষ মুনাজাত পরিচালনা করেন রাজধানী অঞ্চলের গাইড সদস্য তানজিলা আশরাফ। অনুষ্ঠানে কোষাধ্যক্ষ জাহান আরা বেগম, গাইড কমিশনার নুরজাহান আরা বেগম, জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য, রাজধানী, ঢাকা ও জাতীয় কার্যালয়ের ট্রেইনার, কর্মকর্তা, কর্মচারী ও রেঞ্জারবৃন্দ উপস্থিত ছিলেন।

## জাতীয় শোক দিবস পালন

১৫ আগস্ট, জাতীয় শোক দিবস। স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকী। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব সহ পরিবারের বেশিরভাগ সদস্য কিছু বিপথগামী সেনা সদস্যের হাতে নৃসংশ হত্যাযজ্ঞের শিকার হন। জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট, ২০২০ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম এর নেতৃত্বে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, কালো ব্যাজ ধারণ, পবিত্র কোরান তেলাওয়াত, দোয়া মাহফিল ও মুনাজাত অনুষ্ঠিত হয়।



জাতীয় শোক দিবসে গাইড সদস্যদের উদ্দেশ্যে জাতীয় কমিশনার বক্তব্য দেন

অনুষ্ঠানের ২য় পর্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর মাল্টিমিডিয়াতে আলোকচিত্র প্রদর্শন, তাঁর কর্মময় জীবনের উপর মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতি কাজী জেবুন্নেছা বেগম জাতির পিতার আদর্শকে লালন করে গার্ল গাইডের কার্যক্রমকে দৃঢ়তার সাথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গাইড সদস্যদের প্রতি আহবান জানান। বঙ্গবন্ধুর বিশাল রাজনৈতিক জীবন, জেল জুলুম ও কর্মময় জীবনের উপর কবিতা আবৃত্তি ও মুক্ত আলোচনায় অংশ নেন কোষাধ্যক্ষ জাহান আরা বেগম, ডেপুটি জাতীয় কমিশনার সাবিনা ফেরদৌস (প্রশাসন), গাইড কমিশনার নুরজাহান আরা বেগম, জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য বেলা রানী সরকার, গাইড সদস্য, হলদে পাখি, গাইড ও রেঞ্জারগণ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ডেপুটি জাতীয় কমিশনার প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ (প্রোগ্রাম)।

## বরিশাল অঞ্চল

### বিশ্ব চিন্তা দিবস পালন



বিশ্ব চিন্তা দিবস পালন

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল এর যুগ্ম জন্মদিবস ২২ ফেব্রুয়ারি 'বিশ্ব চিন্তা দিবস' হিসেবে পালন করা হয়। এ উপলক্ষে বরিশাল আঞ্চলিক কার্যালয়ে 'বিশ্ব চিন্তা দিবস, ২০২০' পালিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব এস,এম, ফারুক, বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ। বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ আনোয়ার হোসেন, জেলা শিক্ষা কর্মকর্তা, বরিশাল। অনুষ্ঠানে বরিশালের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে হলদে পাখি, গাইড, রেঞ্জার ও গাইডার সহ ৩৫০ জন উপস্থিত ছিলেন। এ ছাড়া বরিশাল অঞ্চলের গাইড সদস্য ও কমিশনারগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বরিশাল অঞ্চলের আঞ্চলিক কমিশনার বেগম রাবেয়া খাতুন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।



দুঃস্থদের মাঝে শীত বস্ত্র বিতরণ

জানুয়ারি থেকে জুন, ২০২০ পর্যন্ত বরিশাল অঞ্চল বিভিন্ন কর্মসূচি সম্পন্ন করেছে। কর্মসূচির মধ্যে ছিলো জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন কৃচি শীতবস্ত্র বিতরণ, জেলা কমিটির সভা, আঞ্চলিক কার্যানির্বাহী কমিটির সভা, ইনভেস্টটিচার কোর্স প্রশিক্ষণ, রেঞ্জার গাইডারদের সভা, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বরিশাল কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পণ, বিশ্ব নারী দিবস পালন, করোনা মহামারী ও ডেঙ্গু প্রতিরোধের জন্য বরিশাল গাইড হাউজে পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসূচি পালন, ত্রাণ বিতরণ, ইত্যাদি সম্পন্ন হয়।



ইনভেস্টটিচার কোর্স



পেট্রোল লিডার প্রশিক্ষণ ইনভেস্টটিচার কোর্স







আন্তর্জাতিক নারী দিবস করোনা মহামারিতে ক্ষতিগ্রস্থদের মাঝে ত্রাণ বিতরণ

## হলদে পাখি সম্প্রসারণ কার্যক্রম




হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে  সমন্বয় সভা

৯ জুন, ২০২০ হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে সমন্বয় সভা এবং অঞ্চল পর্যয়ে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ১১ জুন ঝালকাঠী জেলার সমন্বয় সভা এবং অঞ্চল পর্যায়ে সাংগঠনিক কর্মশালা অনুষ্টিত হয়। ১৪ জুন মুজিব বর্ষ-২০২০ উদযাপন এবং বৃক্ষরোপন কর্মসূচি পালিত হয়। অনুষ্ঠানে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, জেলা ও স্থানীয় কমিশনার, সচিব, জেলা কমিটির সদস্য, সরকারি প্রাথ মিক বিদ্যালয়ের শিক্ষক, হলদে পাখি, গাইড ও রেঞ্জাররা অংশগ্রহণ করেন।

## সেমিনার

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে একদিনের সেমিনার বরিশাল অঞ্চলের ৫টি জেলাতে অনুষ্ঠিত হয়। সম্পূর্ণ স্বাস্থ্য বিধি মেনে ও সামাজিক দুরত্ব বজায় রেখে কর্মসূচিগুলি অনুষ্ঠিত হয়।



কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দের সেমিনারে অংশগ্রহণ

আপনার যদি জ্বর, কাশি এবং শ্বাস প্রশ্বাসে কষ্ট হয়, তাহলে সঙ্গে সঙ্গেই নিকটস্থ চিকিৎসকের পরামর্শ নিন। আপনি সম্প্রতি কোথায় ভ্রমণ করেছেন, সেসব কথা তাকে খুলে বলুন।



## রাজধানী অঞ্চল

### বিশ্ব চিন্তা দিবস এর কর্মশালা

২১ হতে ২৩ জানুয়ারি, ২০২০ রাজধানী অঞ্চলের উদ্যোগে গাইড হাউজ, নিউ বেইলি রোডে ৩ দিন ব্যাপি অঞ্চলের ৮টি জেলার হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও গাইড সদস্যদের নিয়ে বিশ্ব চিন্তা দিবসের এবারের প্রতিপাদ্য living thread- Diversity, Equity And Inclusion এর উপর কর্মশালা অনুষ্ঠিত হয়। ১২০ জন গাইড সদস্য কর্মশালায় অংশগ্রহণ করেন।



বিশ্ব চিন্তা দিবসের অনুষ্ঠিত কর্মশালায় হলদেপাখি, গাইড ও রেঞ্জারদের অংশগ্রহণ

### সম্মেলন

২২ জানুয়ারি, ২০২০ কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকায় RHRN Bangladesh Platform এর উদ্দ্যোগে 'যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার: পরিবর্তনের জন্য একসাথে শীর্ষক জাতীয় সম্মেলন: নেতৃত্বে তারুণ্য' অনুষ্ঠিত হয়। সম্মেলনের প্রধান অতিথি ছিলেন জনাব মোহাম্মদ আব্দুল মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের পক্ষে উপস্থিত ছিলেন তিথি দে, জুনিয়র ট্রেইনার, রাজধানী অঞ্চল।

### শীতবস্ত্র বিতরণ

রাজধানী অঞ্চল ও আগা খান মুক্ত দলের যৌথ উদ্যোগে ২০, ২১, ২৬ ও ২৯ জানুয়ারি শহীদ মনুমিঞা সরকারি উচ্চ বিদ্যালয়, আই পি এইচ স্কুল এন্ড কলেজে, ঢাকা মেডিকেল কলেজের কিডনী বিভাগের ডায়ালাইসিস ওয়ার্ড, মতিঝিল আইডিয়াল কলেজ ও কমলাপুর রেলওয়ে স্টেশনের কম্বলসহ পুরাতন শীতবস্ত্র দুস্থ, অসহায়, দরিদ্র শীতার্ত মানুষের মাঝে বিতরণ করা হয়।




দুস্থ, অসহায়, দরিদ্র শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়

### শ্রেষ্ঠ জয়িতাদের সংবর্ধনা

১৯ ফেব্রুয়ারি, ২০২০ মহিলা বিষয়ক অধিদপ্তর আয়োজিত ঢাকা বিভাগের শ্রেষ্ঠ জয়িতাদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফজিলাতুন্নেছা ইন্দিরা, নারী ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। সভাপতিত্ব করেন মো: মোস্তাফিজুর রহমান পিএএ, প্রধান ঢাকা বিভাগীয় কমিশনার। সংবর্ধনা অনুষ্ঠানে রাজধানী অঞ্চল হতে ১০ জন রেঞ্জার অংশগ্রহণ করে।

### বিশ্ব চিন্তা দিবস উদ্‌যাপন

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ ব্যাডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস উপলক্ষে ২২ ফেব্রুয়ারি, ২০২০ গাইড হাউজ, জাতীয় কার্যালয়, অডিটোরিয়ামে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন এর উদ্যোগে বিশ্ব চিন্তা দিবস পালিত হয়। প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি ও বিশেষ অতিথি ছিলেন মুনশী শাহাবুদ্দীন আহমেদ, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। ধন্যবাদ জ্ঞাপন করেন রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম। ফুলেল শুভেচ্ছা, গার্ড অফ অনার, প্রার্থনা, প্রতিজ্ঞা নবায়ন ও সাংস্কৃতিক অনুষ্ঠানে রাজধানী অঞ্চল হতে হলদে পাখি, গাইড, রেঞ্জারা অংশগ্রহণ করে। এছাড়াও




বিশ্ব চিন্তা দিবসে প্রধান অতিথি, বিশেষ অতিথি সহ গাইড সদস্যদের প্রতিজ্ঞা নবায়ন

রাজধানী অঞ্চল হতে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, গাইড সদস্য ও গাইড জেলা কমিশনার এবং রাজধানী অঞ্চলের কর্মকর্তা ও কর্মচারীসহ চার শতাধিক গাইড সদস্য অংশগ্রহণ করেন।

### হলদে পাখি গাইডার প্রশিক্ষণ

২৫ হতে ২৭ ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত ইস্পাহানী গার্লস স্কুল এন্ড কলেজে ৩ দিন ব্যপি রেঞ্জারদের হলদে পাখি গাইডার কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৫০ জন রেঞ্জার প্রশিক্ষণ গ্রহণ করে। প্রশিক্ষণ প্রদান করে আঞ্চলিক জুনিয়র ট্রেইনার মোসা: কামরুন নাহার। সার্বিকভাবে সহযোগিতা করেন প্রতিষ্ঠানের রেঞ্জার গাইডার সাহান আরা বেগম।

## সভায় অংশগ্রহণ

২৬ মার্চ, ২০২০ স্বাধীনতা দিবস পালন উপলক্ষে ৪, ২০, ২৪, ২৫ ফেব্রুয়ারি সরকারের প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়। রাজধানী অঞ্চলের পক্ষে উপস্থিত ছিলেন, আমিনা খাতুন, জেলা কমিশনার, তেজগাঁও জেলা, রোকসানা আলতাফ, রেঞ্জার গাইডার, খিলগাঁও গার্লস স্কুল এন্ড কলেজ, নুরুন্নাহার, গাইডার, মাইলস্টোন কলেজ ও জুনিয়র ট্রেইনার তিথি দে।

১১ ফেব্রুয়ারি, মোহাম্মদপুর থানা শিক্ষা কর্মকর্তার কার্যালয় মোহাম্মদপুর বালক উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে থানা শিক্ষা কর্মকর্তা রাজু আহম্মেদ এর সভাপতিত্বে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সেলিনা হোসেন চৌধুরী, জেলা কমিশনার, মোহাম্মদপুর জেলা, জেলার গাইড সদস্যবৃন্দ, রাজধানী অঞ্চলের জুনিয়র ট্রেইনার তিথি দে।

২৫ ফেব্রুয়ারি, বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদ্‌যাপন উপলক্ষে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক(উপ-সচিব) জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। রাজধানী অঞ্চলের আঞ্চলিক জুনিয়র ট্রেইনার মোসা: কামরুন নাহার সভায় অংশগ্রহণ করেন।

২ মার্চ, বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কাওরান বাজার (টিসিবি ভবন)-এ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় জুনিয়র ট্রেইনার মোসা: কামরুন নাহার অংশগ্রহণ করেন।

৩ মার্চ, স্বাস্থ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত করোনা বিষয়ক অবহিতকরণ সভায় অংশগ্রহণ করেন জুনিয়র ট্রেইনার তিথি দে।

১৯ মার্চ, মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জেলা প্রশাসক আয়োজিত সভায় রাজধানী অঞ্চলের পক্ষে অংশগ্রহণ করেন জুনিয়র ট্রেইনার তিথি দে।

১৩ ও ১৪ জুন, অনলাইনে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে হলদে পাখি কার্যক্রম সম্প্রসারণ ক্রয় সাব-কমিটির সভা, অর্থ সাব-কমিটির সভা ও আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়।

## দীক্ষাদান

মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, রেঞ্জার- ৫০
ইস্পাহানি গার্লস স্কুল এন্ড কলেজ, রেঞ্জার- ৫০
কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজ, রেঞ্জার- ২৫, গাইড- ১০৪
মাইলস্টোন কলেজ, রেঞ্জার- ৩০, গাইড- ৭০
রেঞ্জার মোট - ১৫৫
গাইড মোট - ১৭৪

কর্মশালা ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের হলদে পাখি কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যালয়ে ৫ মার্চ, ২০২০ এক দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় আঞ্চলিক কমিশনার, ট্রেইনার, আঞ্চলিক ট্রেজারার, জুনিয়র ট্রেইনার, শিক্ষানবীশ জুনিয়র ট্রেইনার, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর অংশগ্রহণ করেন।

প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মসূচি ঃ ৫ মার্চ, ২০২০ হলদে পাখি কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে জাতীয় কার্যালয়ে অনুষ্ঠিত কর্মসূচিতে ট্রেইনার, জুনিয়র ট্রেইনার, শিক্ষানবীশ জুনিয়র ট্রেইনার অংশগ্রহণ করেন।

## আন্তর্জাতিক নারী দিবস

৮ মার্চ, ২০২০ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক নারী দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শিক্ষামন্ত্রী ড. দিপু মনি এম.পি এসময় উপস্থিত ছিলেন। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন হতে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) সাবিনা ফেরদৌস, (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, কোষাধ্যক্ষ জাহান আরা বেগম, জেনারেল সেক্রেটারী তানজিনা বিনতে মোশাররফ, জাতীয় কমিশনারের ব্যক্তিগত কর্মকর্তা মালেকা পারভীন, রাজধানী অঞ্চলের জেলা কমিশনার (মিরপুর জেলা) শাহনাজ বেগম, শিক্ষানবীশ জুনিয়র ট্রেইনার তিথি দে, গাইড, রেঞ্জার, গাইডার সহ ১০০ জন উপস্থিত ছিলেন।




আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে গাইড, রেঞ্জার ও গাইড সদস্যদের আলোচনা অনুষ্ঠান

১১ মার্চ, প্রজন্ম হোক সমতার, সকল নারীর অধিকার এই প্রতিপাদ্য নিয়ে মোহাম্মদপুর জেলার উদ্যোগে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। প্রধান অতিথি রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, প্রধান আলোচক বেলা রানী সরকার, অর্থ কমিশনার উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সেলিনা বেগম চৌধুরী, জেলা কমিশনার, মোহাম্মদপুর জেলা। সিনিয়র ট্রেইনার ইয়াসমিন আখতার বানু, জুনিয়র ট্রেইনার মোসা: কামরুন নাহার এবং মোহাম্মদপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গাইড, রেঞ্জার ও গাইডারগণ উপস্থিত ছিলেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে মোহাম্মদপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গাইড ও রেঞ্জার মেয়েরা অংশগ্রহণ করেন।

## জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস

১০ মার্চ, ২০২০ ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডা: মো: এনামুর রহমান এম.পি, মাননীয় প্রতিমন্ত্রী দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন সহ বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের স্বেচ্ছাসেবীদের কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদান করা হয়। আঞ্চলিক কমিশনার, জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা, জুনিয়র ট্রেইনার, জাতীয় রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যান সহ ১৫ জন রেঞ্জার অংশগ্রহণ করেন।




জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস অনুষ্ঠানে রেঞ্জারদের সেবা প্রদান

## শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন

১১ মার্চ, ২০২০ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, আঞ্চলিক ট্রেইনার ইয়াসমিন আখতার বানু ও জুনিয়র ট্রেইনার মোসা: কামরুন নাহার আজিমপুর গার্লস স্কুল এন্ড কলেজ পরিদর্শন করেন এবং অত্র প্রতিষ্ঠানের অধ্যক্ষের সাথে গাইডিং এর কার্যক্রম নিয়ে আলোচনা করেন। অধ্যক্ষ মহোদয় তার প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণে সার্বিক সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করেন।

**১২ মার্চ,** রমনা জেলার জেলা কমিশনার তানজিল আশ্রাফ ও আঞ্চলিক জুনিয়র ট্রেইনার মোসা: কামরুন নাহার ইস্কাটন গার্ডেন উচ্চ বিদ্যালয় ও প্রভাতী উচ্চ বিদ্যানিকেতন দু'টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন। প্রতিষ্ঠানদ্বয়ের প্রধান শিক্ষক মহোদয়ের সাথে গাইডিং এর সার্বিক বিষয় নিয়ে কথা হয় এবং প্রধান শিক্ষক মহোদয় নিজ নিজ প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম পরিচালনায় সার্বিক সহায়তা প্রদান করবেন বলেন ।

## মানববন্ধন

৫ ও ৮ মার্চ, ২০২০ বিশ্ব নারী দিবসের পূর্ব প্রস্তুতি উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা এর আয়োজনে কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে মানব বন্ধন অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হল রেঞ্জার ইউনিটের ১০ জন রেঞ্জার মানব বন্ধনে অংশগ্রহণ করেন।

## বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট

৪ মার্চ, ২০২০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে বঙ্গবন্ধু গোলকাপ প্রাথমিক ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০১৯ এর মাঠ ব্যবস্থাপনা, মঞ্চ ও ডিসপ্লে উপ-কমিটির সভায় জুনিয়র ট্রেইনার মোসা: কামরুন নাহার অংশগ্রহণ করেন।

## জেলা পর্যায়ে হলদে পাখি সম্প্রসারণ বিষয়ক সমন্বয় সভা

প্রাথামিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ৭ ফেব্রুয়ারি উত্তরা জেলায় আনোয়ারা মান্নাফ গার্লস স্কুল এন্ড কলেজ, ৯ ফেব্রুয়ারি তেজগাঁও জেলায় বি এ এফ শাহীন কলেজ এবং ২৭ ফেব্রুয়ারি মিরপুর জেলায় কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। থানা শিক্ষা কর্মকর্তা, জেলা কার্যনিবাহী কমিটির সদস্য ও গাইডারগণ সভায় উপস্থিত ছিলেন।

## অঞ্চল পর্যায়ে সাংগঠনিক ওয়ার্কশপ

৫ ফেব্রুয়ারি, ১২ মার্চ ও ৬ জুন, ২০২০ গাইড হাউজ, নিউ বেইলী রোডে রাজধানী অঞ্চলের উদ্যোগে অঞ্চল পর্যায়ে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। আঞ্চলিক কার্যনিবাহী কমিটির সদস্য, মিরপুর, তেজগাঁও ও উত্তরা জেলা কার্যনিবাহী কমিটির সদস্যগণ ওয়ার্কশপে উপস্থিত ছিলেন।



সাংগঠনিক ওয়ার্কশপে আঞ্চলিক ও জেলা কার্যনির্বাহী কমিটির সদস্যদের অংশগ্রহণ

## জেলা পর্যায়ে বিজ্ঞ পাখিদের ওরিয়েন্টেশন

প্রাথামিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে জেলা পর্যায়ে ৩ ফেব্রুয়ারি তেজগাঁও জেলা, ৯ ফেব্রুয়ারি উত্তরা জেলার আনোয়ারা মান্নাফ গার্লস স্কুল এন্ড কলেজ এবং ১ মার্চ মিরপুর জেলায় কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজে হলদে পাখি গাইডারদের (বিজ্ঞ পাখিদের) এক দিনের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। তেজগাঁও, উত্তরা ও মিরপুর জেলার বিভিন্ন প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রধান শিক্ষক, সহকারি শিক্ষক, আঞ্চলিক কমিশনার ও জেলার কার্যনিবাহী কমিটির সদস্যবৃন্দ ওরিয়েন্টেশনে অংশগ্রহন করেন।

## বিজ্ঞ পাখি মৌলিক কোর্স প্রশিক্ষণ

প্রাথামিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে জেলা পর্যায়ে তেজগাঁও জেলায় ৯ হতে ১৩ ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত প্রাথমিক থানা শিক্ষা অফিস, তেজগাঁও শিল্পাঞ্চল এলাকা, ঢাকা ও উত্তরা জেলায় ১৬ হতে ২০ ফেব্রুয়ারি আনোয়ারা মান্নাফ গার্লস স্কুল এন্ড কলেজ এবং মিরপুর জেলায় ৮ হতে ১২ মার্চ পর্যন্ত কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজে ৫ দিনের বিজ্ঞ পাখি মৌলিক (বেসিক) কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে তেজগাঁও, উত্তরা ও মিরপুর জেলার বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান হতে ১৩৫ জন শিক্ষক (বিজ্ঞ পাখি) অংশগ্রহণ করেন।

## নৈপূণ্য সূচক ব্যাজ পরীক্ষা

২৪ ফেব্রুয়ারি, ২০২০ রাজধানী অঞ্চল এর পুরাতন হলদে পাখিদের নৈপুন্য সূচক ব্যাজ পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় রমনা ও পুরাতন ঢাকা জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ৫০ জন হলদে পাখি অংশগ্রহণ করে।

## মুজিববর্ষ উদ্‌যাপন

১৮ মার্চ, ২০২০ রাজধানী অঞ্চল বেইলী রোড, গাইড হাউজে মুজিববর্ষ উদ্‌যাপন করে। অনুষ্ঠানে ১০০ টি বেলুন উড়ানো, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জীবনী নিয়ে ডকুমেন্টারি প্রদর্শনসহ কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে রাজধানী অঞ্চলের আঞ্চলিক কার্যনিবাহী কমিটির সদস্যগণ, জেলা কমিশনারগণ, গাইডারগণ, রেঞ্জার, গাইড ও হলদে পাখিরা অংশগ্রহণ করে।



রাজধানী অঞ্চল গাইড হাউজে মুজিববর্ষ উদ্‌যাপন করে

## করোনা বিষয়ক সচেতনতা

১৭ জুন, ২০২০ প্রাথামিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে অঞ্চল পর্যায়ে গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকায় ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতাসহ হলদে পাখিরা করোনায় নিজেদের কিভাবে রক্ষা করতে পারে, সে বিষয়ে সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে করোনা বিষয়ক সচেতনতা নিয়ে আলোচনা করেন প্রফেসর ডাঃ তাহমীনা বেগম (গাইনী বিশেষজ্ঞ) হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল, ঢাকা। সেমিনারে মিরপুর, উত্তরা ও তেজগাঁও জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখিরা অংশগ্রহণ করে।




হলদে পাখিরা করোনায় নিজেদের কিভাবে রক্ষা করতে পারে, সে বিষয়ে সেমিনার

## ট্রাফিক সচেতনতা মূলক প্রশিক্ষণ

১৭ জুন, ২০২০ প্রাথামিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকায় হলদে পাখিদের নিয়ে ট্রাফিক সচেতনতা মূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে মিরপুর, উত্তরা ও তেজগাঁও জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখিরা অংশগ্রহণ করে।



হলদে পাখিদের নিয়ে ট্রাফিক সচেতনতা মূলক প্রশিক্ষণ

## বৃক্ষরোপণ কর্মসূচি

প্রাথামিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে জেলা পর্যায়ে ১৮ জুন, ২০২০ তেজগাঁও জেলায় তেজগাঁও মডেল হাই স্কুল, ২৭ জুন আনোয়ারা মান্নাফ গার্লস স্কুল এন্ড কলেজ, উত্তরা জেলা এবং মিরপুর জেলার কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজে বৃক্ষরোপণ করা হয়। কর্মসূচিতে তেজগাঁও, উত্তরা ও মিরপুর জেলার জেলা কার্যনিবার্হী কমিটির সদস্যগণ, প্রধান শিক্ষক, হলদে পাখি গাইডারগণ ও হলদে পাখিরা অংশগ্রহণ করে।




জেলা পর্যায়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালন

## ওয়ার্কশপ

প্রাথামিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে জেলা পর্যায়ে মিরপুর, তেজগাঁও ও উত্তরা জেলার সমন্বয়ে Bangladesh NGOs Network for Radio and Communication এর মাধ্যমে হলদে পাখিদের সচেতন বৃদ্ধির লক্ষ্যে শিশু পাচার, ট্রাফিক আইন, ব্যক্তিগত স্বাস্থ্য পরিচ্ছন্নতা বিষয়ক মাসব্যাপী বিভিন্ন কর্মসূচির বাস্তবায়ন করা হয়।

## পূর্ব প্রস্তুতিমূলক সভা

২৬ জুন, ২০২০ রাজধানী অঞ্চল, মোহাম্মদপুর জেলার উদ্যোগে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে অনলাইনে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে পূর্ব প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় সেলিনা চৌধুরী, জেলা কমিশনার,আফরোজা সুলতানা, সেক্রেটারী ও বেলা রাণী সরকার, সদস্য সহ জেলা কার্যনিবার্হী কমিটির গাইড সদস্য বৃন্দ অনলাইনে যুক্ত হয়ে মতামত প্রদান করেন।

## গাইডিং কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি

২৩ জুন, ২০২০ রাজধানী অঞ্চল, তেজগাঁও জেলার উদ্যোগে একদিনের সেমিনার ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট-এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনলাইনে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে উদ্বোধন করেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন কলেজের অধ্যক্ষ মো: জাকির হোসেন এবং স্বাগত বক্তব্য সহ গার্ল গাইডিং কার্যক্রম সর্ম্পকে বিশদ আলোচনা করেন আমিনা খাতুন, জেলা কমিশনার। অনুষ্ঠানে বিভিন্ন প্রতিষ্ঠান (কারিগরি ও মাদ্রাসা) হতে অধ্যক্ষ ও শিক্ষক মন্ডলীসহ জেলা কার্যনিবার্হী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

মোহাম্মদপুর জেলা ঃ ২৭ জুন, ২০২০ রাজধানী অঞ্চল, মোহাম্মদপুর জেলার উদ্যোগে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। উদ্বোধনী বক্তব্য প্রদান করেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার। স্বাগত বক্তব্য দেন সেলিনা চৌধুরী, জেলা কমিশনার। বিশেষ অতিথি ছিলেন মো: রাজু আহমেদ, থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মোহাম্মদপুর। এছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান (কারিগরি ও মাদ্রাসা) হতে অধ্যক্ষ ও শিক্ষক অনলাইনে যুক্ত হয়ে তাদের মতামত প্রদান করেন। গাইডিং বিষয়ে আলোচনায় যুক্ত হন বেলা রাণী সরকার, অর্থ কমিশনার ও সদস্য, অত্র জেলার সেক্রেটারী, গাইড সদস্যবৃন্দ।




কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজে একদিনের সেমিনার

রমনা জেলা ঃ ২৮ জুন, ২০২০ রাজধানী অঞ্চল, রমনা জেলার উদ্যোগে গাইড হাউজ, নিউ বেইলী রোডে একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। অনলাইনে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে বক্তব্য দেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার ও তানজিল আশ্রাফ, জেলা কমিশনার, রমনা জেলা। সেমিনারে বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও শিক্ষকগণ অংশগ্রহণ করেন। সেমিনার পরিচালনায় ছিলেন অধ্যক্ষ রাফিকা আফরোজ, সেক্রেটারী, রমনা জেলা। গাইডিং এর বিভিন্ন দিক, সমস্যা ও সমাধানের বিষয়ে আলোচনা শেষে সেমিনারে আগত অতিথিগণ সার্বিক সহায়তা প্রাদানের আশ্বাস প্রদান করেন। সেমিনারে নাজনীন কবির চৌধুরী, কোষাধ্যক্ষ, রমনা জেলা সহ জেলার সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



রমনা জেলার উদ্যোগে গাইড হাউজে একদিনের সেমিনার

গুলশান-বনানী জেলা ঃ ২৮ জুন, ২০২০ গুলশান-বনানী জেলার উদ্যোগে গাইড হাউজ, নিউ বেইলী রোডে একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। স্বাগত বক্তব্য প্রদান করেন মেহেরুন্নেসা,জেলা কমিশনার। সেমিনারে বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে অধ্যক্ষ ও শিক্ষক সহ মাসুদা বেগম, জেলা সেক্রেটারী ও কাজী আলেয়া, কোষাধ্যক্ষ এবং জেলার সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

পুরাতন-ঢাকা জেলা ঃ  ২৮ জুন পুরাতন ঢাকা জেলার উদ্যোগে ফুলকড়ি আইডিয়াল হাই স্কুল, যাত্রাবাড়ীতে একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে অধ্যক্ষ ও শিক্ষকগণ অংশগ্রহণ করেন এবং গাইডিং সম্প্রসারণ করণের লক্ষ্যে মতামত ব্যক্ত করেন। সেমিনারে জেলা কার্যনিবার্হী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সেমিনার পরিচালনায় ছিলেন রাজিয়া সুলতানা - সেক্রেটারী ও সার্বিক দায়িত্বে ছিলেন খায়রুন নাহার (শিল্পী), সদস্য, পুরাতন ঢাকা জেলা।

উত্তরা জেলা ঃ ২৯ জুন উত্তরা জেলা এর উদ্যোগে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে অধ্যক্ষ ও শিক্ষকবৃন্দসহ জেলা কার্যনিবার্হী কমিটির সদস্যবৃন্দ অনলাইনে যুক্ত হন এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ নিয়ে যথাযথ আলোচনা হয়। সার্বিক দায়িত্বে ছিলেন সাবরিনা রশীদ চৌধুরী- জেলা কমিশনার, উত্তরা জেলা।

ধানমন্ডি জেলা ঃ ২৯ জুন ধানমন্ডি জেলার উদ্যোগে গাইড হাউজ, নিউ বেইলী রোডে একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান হতে আগত অধ্যক্ষ ও শিক্ষকবৃন্দসহ জেলা কার্যনিবার্হী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সেমিনারে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ে আলোচনা হয় এবং উপস্থিত শিক্ষকবৃন্দ সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন।


মিরপুর জেলা ঃ ২৯ জুন কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজে একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে উদ্বোধন করেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার। স্বাগত বক্তব্য দেন শাহনাজ বেগম, জেলা কমিশনার, মিরপুর জেলা। শুভেচ্ছা বক্তব্য সহ গার্ল গাইডিং এর বিষয়ে সম্যক ধারণা প্রদান করেন হোসনে আরা বেগম, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ফেরদৌসী আক্তার ডলি, গাইড সম্প্রসারণ কমিশনার ও ১৫ টি প্রতিষ্ঠান (কারিগরি ও মাদ্রাসা) হতে আগত অধ্যক্ষ ও শিক্ষক মন্ডলীসহ জেলা কার্যনিবার্হী কমিটির সদস্য এবং কলেজের গাইডারবৃন্দ।

## চট্টগ্রাম অঞ্চল

### ওরিয়েন্টেশন কোর্স ও শীতবস্ত্র বিতরণ কর্মসূচী

১১ জানুয়ারী, ২০২০ চট্টগ্রাম অঞ্চলের ব্যবস্থাপনায় সন্দ্বীপ উপজেলায় প্রথম বারের মতো উপজেলার ২৭টি শিক্ষা প্রতিষ্ঠানের ২০০ জন ছাত্রীর উপস্থিতিতে 'গার্ল গাইডিং ও তার পরিচিতি' এ বিষয়ে ওরিয়েন্টশন কোর্স এবং নতুন গাইডদের মাঝে এসোসিয়েশনের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়। কর্মসূচীতে প্রধান অতিথি ছিলেন বিদর্শী সম্বোধি চাক্মা, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সন্দ্বীপ উপজেলা, চট্টগ্রাম। বিশেষ অতিথি ছিলেন নিরূপা দেওয়ান, আঞ্চলিক কমিশনার, বিনয় কুমার রায়, উপজেলা শিক্ষা সুপারভাইজার, সন্দ্বীপ উপজেলা, উপজেলা স্কাউটস্ কমিশনার, সন্দ্বীপ উপজেলা, বীনা প্রভা চাক্মা, জেলা গাইড কমিশনার, রাংগামাটি পার্বত্য জেলা, চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন, আঞ্চলিক ট্রেজারার,  নাজনীন হক চৌধুরী, আঞ্চলিক সদস্যা এবং উজনী চাক্মা, যুবানেত্রী। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব মোঃ তাইয়ুব, প্রধান শিক্ষক, মোমেনা সিকান্দার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সন্দ্বীপ সদর উপজেলা, চট্টগ্রাম।

অনুষ্ঠিত কর্মসূচিতে ছিল প্রার্থনা, জাতীয় সঙ্গীত, বিশ্ব গাইড সঙ্গীত এবং বিশ্ব গার্ল গাইড সংস্থার লক্ষ্য,উদ্দেশ্য এবং Free Being Me, Art for Change ইত্যাদি বিষয়ের উপর সেশন প্রদান এবং প্রধান অতিথির মাধ্যমে উপস্থিত ছাত্রীদের মাঝে শীতবস্ত্র তুলে দেওয়া হয়।



কোভিড-১৯ থেকে নিজে সচেতন থাকুন এবং অন্যকে সচেতন রাখতে সহায়তা করুন।



ওরিয়েন্টেশন কোর্সে মঞ্চে উপবিষ্ট রয়েছেন আঞ্চলিক কমিশনার সহ অতিথিবৃন্দ



অঞ্চলের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়

২০১৭ সালে ২২ জুলাই হতে ৫ আগস্ট পর্যন্ত বিশ্ব গার্ল গাইডস্ সংস্থার International The Danish National Jamboree- তে ডেনমার্কে অনুষ্ঠিত কর্মসূচীতে বাংলাদেশ হতে চট্টগ্রাম অঞ্চল থেকে

অংশগ্রহনকারী চারজন সদস্য ক্যাম্প শেষে ইতালীর রোম শহরে ভ্রমণকালীন সময়ে রোম এবং ভ্যাটিকান সিটি সহ বিভিন্ন ঐতিহাসিক স্থানসমূহ পরিদর্শনে সার্বিক সহযোগিতা করেন সন্দ্বীপ উপজেলার স্থানীয় বাসিন্দা (যিনি বর্তমানে ইতালীতে অবস্থান করছেন) রিয়াদ হোসেন বাবু। এই অনুষ্ঠানে চট্টগ্রাম অঞ্চলের পক্ষ থেকে তাঁকে ধন্যবাদ এবং শুভেচ্ছা স্মারক তুলে দেন প্রধান অতিথি বিদর্শী সম্বোধি চাক্মা। শেষে ট্যাপস্ এর মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান। কর্মসূচি বাস্তবায়নে দায়িত্ব পালন করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল।

## গাইড ডে-ক্যাম্প

২৮ জানুয়ারি, ২০২০ চট্টগ্রাম অঞ্চলের উদ্যোগে বান্দরবান পার্বত্য জেলার উদ্যোগে ডনবস্কো উচ্চ বিদ্যালয় মাঠে একদিনের ডে-ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পের থিম 'এসো স্ব-মহিমায় উজ্জ্বল হই। ৭টি স্কুল হতে ১৩০ জন গাইড, ১৪ জন গাইডার ও গাইড সদস্যসহ ১৫৩ জন ক্যাম্পে অংশগ্রহন করেন।

গাইডরা দিনব্যাপী বিভিন্ন শিক্ষামূলক কাজ যেমন, গ্যাজেট তৈরী, জীবন দক্ষতা বিষয়ক আলোচনা, ফ্রি বিইং মি, সাংস্কৃতিক অনুষ্ঠান, তাঁবু জলসা অনুষ্ঠানের মহড়া ইত্যাদি করে। বিকেলে তাঁবু জলসা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোহাম্মদ দাউদুল ইসলাম, জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা। বিশেষ অতিথি ছিলেন মোঃ নোমান হোসেন,



প্রধান অতিথি অগ্নি প্রজ্জ্বলনের মধ্য দিয়ে মহা তাঁবু জলসার উদ্বোধন করেন

উপজেলা নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা সদর, ব্রাদার সিলভেস্টারা মৃধা টি.এস.পি. প্রধান শিক্ষক, ডনবস্কো উচ্চ বিদ্যালয়, বান্দরবান পার্বত্য জেলা সদর। গাইডরা মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে এবং ট্যাপস্ এর মাধ্যমে ডে-ক্যাম্পের সমাপ্তি ঘোষণা করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নিরূপা দেওয়ান, আঞ্চলিক কমিশনার। চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলর প্রফেসর রীতা দত্ত, আঞ্চলিক ট্রেজারার চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন এবং শায়লা শাবরিন, জুনিয়র ট্রেইনার, উপস্থিত ছিলেন। ক্যাম্প কর্মসূচী বাস্তবায়নে পরিকল্পনা ও সার্বিক ব্যবস্থা গ্রহনে সহযোগিতা করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল।

## ৫ম জেলা রেঞ্জার ক্যাম্প

'গাইড এর আলোয় খুঁজি নতুন দ্বার, আগামী দিন শুভ সম্ভাবনার' এই মর্মবাণীকে সামনে রেখে ৭ হতে ১০ মার্চ ২০২০ পর্যন্ত চট্টগ্রাম জেলা সদরের গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজে ৫ম জেলা রেঞ্জার ক্যাম্প অনুষ্ঠিত হয়। ১৩টি কলেজের রেঞ্জার, রেঞ্জার গাইডার, গাইডার, গাইড সদস্য, কমিশনার ও অফিস স্টাফসহ ২১০ জন ক্যাম্পে অংশগ্রহন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান উপস্থিত ছিলেন।



বোর্ডের চেয়ারম্যান অগ্নি প্রজ্জ্বলনের মধ্য দিয়ে তাঁবু জলসার উদ্বোধন করেন

মূল ক্যাম্প 'কর্ণফুলী' হালদা, বাঁকখালী, কাঁচালং, চেঙ্গী ও শঙ্খ ৫টি সাব ক্যাম্পে ভাগ করা হয়। কর্মসূচীর মধ্যে ছিলো গ্যাজেট তৈরী, তাঁবু পরিচর্যা, ফ্রি বিইংমি কর্মসূচি, করোনা ভাইরাস নিয়ে আলোচনা, গানের সেশন, হাইকিং, স্বাস্থ্য সচেতনতা বিষয়ক সেশন ইত্যাদি। রেঞ্জারদের "চৌচিলা বীচ" ভ্রমণ করানো হয়। প্রত্যেকটি কর্মসূচীতে রেঞ্জাররা উৎসাহ ও আনন্দের সাথে অংশগ্রহন করেন।

৯ মার্চ, মহাতাঁবু জলসা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর প্রদীপ চক্রবর্তী, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

বিশেষ অতিথি ছিলেন রাহেনারা বেগম, প্রাক্তন আঞ্চলিক কমিশনার এবং আলম আকতার, অধ্যক্ষ, গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম জেলার জেলা গাইড কমিশনার হাসমত জাহান। মহাতাঁবু জলসা অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের পর ট্যাপস্ এর মাধ্যমে ক্যাম্পের সমাপ্তি ঘোষনা করা হয়।

## বিশ্ব চিন্তা দিবস পালন



চট্টগ্রাম পার্বত্য জেলায় বিশ্ব চিন্তা দিবসের অনুষ্ঠানে অতিথিবৃন্দকে ফুলেল শুভেচ্ছা জানায় হলদেপাখিরা



ওমর গনি রেঞ্জার ইউনিটের রেঞ্জাররা যথাযোগ্য মর্যাদায় লর্ড ও লেডী ওলেভ বেডেন পাওয়েলের যৌথ জন্মদিন পালন করে

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন

২১ ফেব্রুয়ারি, ২০২০ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা অর্পণ করেন চট্টগ্রাম অঞ্চলের গাইড ও রেঞ্জারবৃন্দ। অঞ্চলের আওতাধীন ৫টি জেলার সকল উপজেলা সমূহে যথাযথ মর্যাদার সাথে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়।



কেন্দ্রীয় শহীদ মিনারে হলদে পাখিরা ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করে

## আন্তর্জাতিক নারী দিবস পালন

৮ মার্চ, ২০২০ চট্টগ্রাম জেলা ও গার্হস্থ্য অর্থনীতি সিটি কর্পোরেশন কলেজ, উত্তর হালিশহর, চট্টগ্রামে ৫ম জেলা রেঞ্জার ক্যাম্পের ২য় দিনে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়।



চট্টগ্রাম জেলায় আন্তর্জাতিক নারী দিবস পালন



আন্তর্জাতিক নারী দিবসে প্রধান অতিথি বক্তব্য দেন

## পুষ্টি বিষয়ক কর্মশালা



পুষ্টি বিষয়ক কর্মশালায় গাইডদের সচেতন করা হয়

২৩ ফেব্রুয়ারি, ২০২০ পুষ্টি বিষয়ক কর্মশালা হালিমা রোকেয়া মেমোরিয়াল হল, লায়ন্স চক্ষু হাসপাতাল, জাকির হোসেন রোড, নাছিরাবাদ, চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। পুষ্টি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে BIID Foundation & Nutrition International এর যৌথ ব্যবস্থাপনায় অনুষ্ঠিত কর্মসূচিতে গাইড, গাইডার এবং ট্রেইনারসহ ৬১ জন অংশগ্রহন করেন।

**ভাইরাস আক্রান্ত অঞ্চলে জীবন্ত পশুর বাজার এড়িয়ে চলুন এবং পশুপাখিকে স্পর্শ করা থেকে বিরত থাকুন।**

## মত বিনিময় সভা

২৪ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাসিরাবাদে জেলার উদ্যোগে ১৪ টি উপজেলার স্থানীয় কমিশনার ও স্থানীয় সচিবদের অংশগ্রহণে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন উপজেলার স্থানীয় কমিশনার, স্থানীয় সচিব ও অফিস স্টাফসহ ৩০ জন উপস্থিত ছিলেন। জেলা গাইড কমিশনার হাসমত জাহান সভায় সভাপতিত্ব করেন।

## হলদে পাখি সম্প্রসারণ ওয়ার্কশপ, পলিথিন নিরোধ এবং ফ্রি বিইং মি কর্মসূচি

৪ হতে ৬ মার্চ, ২০২০ পর্যন্ত নিউ বেইলী রোড, গাইড হাউজে হলদে পাখি সম্প্রসারণ ওয়ার্কশপ, পলিথিন নিরোধ এবং ফ্রি বিইং মি কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান, ট্রেজারার চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন, জুনিয়র ট্রেইনার শায়লা শাবরিন এবং ক্লার্ক-কাম-টাইপিস্ট কাজী মুহাম্মদ এমরান হোসেন অংশগ্রহন করেন।

## জাতীয় ভোটার দিবস

'ভোটার হয়ে ভোট দিব, দেশ গড়ায় অংশ নেব' প্রতিপাদ্য বিষয় নিয়ে ২মার্চ, ২০২০ চট্টগ্রাম সার্কিট হাউজ হতে লালখান বাজার পর্যন্ত অনুষ্ঠিত বর্ণাঢ্য র‌্যালী ও আলোচনা সভায় ওমর গণি এম.ই.এস. কলেজ, নাসিরাবাদ হতে ১৫ জন রেঞ্জার, রেঞ্জার গাইডার এবং শায়লা শাবরিন, জুনিয়র ট্রেইনার অংশগ্রহন করেন।

## আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা

৫ জানুয়ারি ও ১৯ ফেব্রুয়ারি ২০২০ পশ্চিম বাকলিয়াস্থ চট্টগ্রাম গাইড হাউজে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্টিত হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান। সভায় আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সকল সদস্যা উপস্থিত ছিলেন।

## স্থানীয় কার্যনির্বাহী কমিটি গঠন

রাঙ্গামাটি পার্বত্য জেলার লংগদু উপজেলায় ২২ জানুয়ারী,২০২০ উপজেলা নির্বাহী কর্মকর্তার সভা কক্ষে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন জনাব প্রবীর কুমার রায়, উপজেলা নির্বাহী কর্মকর্তা, লংগদু উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা। বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা, জনাব আবদুল বারেক সরকার, উপজেলা চেয়ারম্যান, লংগদু উপজেলা। বীনা প্রভা চাকমা, জেলা গাইড কমিশনার, উপজেলার ২১টি স্কুলের প্রধান শিক্ষক, গাইড গাইডার এবং জুনিয়র ট্রেইনার শায়লা শাবরিন সহ ১৩০ জন গাইড সদস্য মত বিনিময় সভায় অংশগ্রহন করেন। সভাপতিত্ব করেন নিরূপা দেওয়ান, আঞ্চলিক কমিশনার।

সভায় লংগদু উপজেলায় গাইডিং সম্প্রসারণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। একই দিনে উপজেলায় ৫০ জন দুঃস্থ গাইডকে শীতবস্ত্র বিতরণ করা হয়। ঐ দিন লংগদু উপজেলায় মাইনীমুখ মডেল উচ্চ বিদ্যালয়ের শিক্ষিকা রফিকুন্নেসাকে স্থানীয় গাইড কমিশনার, রাবেতা মডেল উচ্চ বিদ্যালয় এর শিক্ষিকা সাগরিকা চাকমাকে স্থানীয় কোষাধ্যক্ষ এবং করল্যাছড়ি আর.এস. উচ্চ বিদ্যালয়ের শিক্ষিকা গোপা বড়ুয়াকে স্থানীয় সচিব করে ১৩ সদস্য বিশিষ্ট লংগদু উপজেলা স্থানীয় কমিটি গঠন করা হয়। ট্যাপস্ এর মাধ্যমে দিনব্যাপী কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করা হয়।

## হলদে পাখি সম্প্রসারণ বিষয়ক সভা

১৪ মার্চ, ২০২০ গাইড হাউজে হলদে পাখি সম্প্রসারণ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান। সভায় উপস্থিত সদস্যবর্গের মূল্যবান মতামতের মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।



গাইড হাউজে হলদে পাখি সম্প্রসারণ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়

## করোনা ভাইরাস সম্পর্কিত সচেতনতা মূলক কর্মসূচি

চট্টগ্রাম অঞ্চলের উদ্যোগে ২৪ মার্চ, ২০২০ জেলা সদরের মোমিন রোডস্থ সেবক কলোনীর পরিচ্ছন্নতা কাজে যারা নিয়োজিত তাদের ১০০ পরিবারের জন্য করোনা ভাইরাস মুক্ত থাকার উদ্দেশে সচেতনতা মূলক লিফলেট, দ্রব্য (ডেটল সাবান, মাস্ক, ব্লিচিং পাউডার, বিস্কুট ইত্যাদি) বিতরণ এবং কাউন্সেলিং করা হয়। প্রফেসর রীতা দত্ত, আঞ্চলিক রেঞ্জার কমিশনার, চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন, ট্রেজারার, নাজনীন হক চৌধুরী, সদস্যা, উজানী চাক্মা, যুবানেত্রী, পাপড়ি ধর, স্থানীয় সদস্যা, শায়লা শাবরিন, জুনিয়র ট্রেইনার এবং মুহাম্মদ ইউছুফ, অফিস স্টাফ উপস্থিত ছিলেন। অঞ্চলের আওতাধীন ৫টি জেলায় 'করোনা ভাইরাস মুক্ত থাকার বিষয়ে সচেতনতা তৈরীর জন্য' ইতোপূর্বে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে লিফলেট বিতরণ করা হয়। কর্মসূচি বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালন করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল।





করোনা ভাইরাস মুক্ত থাকার উদ্দেশ্যে শিশুদের হাত ধোয়া প্রশিক্ষণ দেয়া হয় ও দুস্থদের মাঝে প্রয়োজনীয় সামগ্রী বিতরণ করা হয়

## মুজিব শতবর্ষ উদযাপন






জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর-জন্মশত বার্ষিকীতে জাতির পিতাকে নিয়ে একজন হলদে পাখির আঁকা ছবি ও শ্রদ্ধা নিবেদন

১৭ মার্চ, ২০২০ চট্টগ্রাম অঞ্চলের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর-জন্মশত বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, বৃক্ষ রোপণ কর্মসূচি পালন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতি শ্রদ্ধা এবং বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। সভায় উপস্থিত ছিলেন চট্টগ্রাম জেলা সদর এর স্থানীয় কমিশনার প্রফেসর রীতা দত্ত, আঞ্চলিক সেক্রেটারী মোশফেকা আকতার চৌধুরী, আঞ্চলিক ট্রেজারার চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন, আঞ্চলিক সদস্যা নাজনীন হক চৌধুরী। এছাড়া স্কুল এবং কলেজের গাইড গাইডার, রেঞ্জার গাইডার এবং অফিস স্টাফসহ ২০ জন উপস্থিত ছিলেন। শেষে বাকলিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বৃক্ষ রোপন কর্মসূচি পালন করা হয়। বিদ্যালয়ে তেজপাতা, আমলকী, আম, পেয়ারা, মেহেদী, অর্জুন, কামরাঙ্গা, লেবু, জলপাই এবং মেহগিনি ইত্যাদি গাছের চারা রোপণ করা হয়।

## চট্টগ্রাম জেলা

### কারিগরি ও মাদ্রাসা সংশ্লিষ্টদের নিয়ে চট্টগ্রাম অঞ্চল এর ৫টি জেলায় কনফারেন্স ও সেমিনার অনুষ্ঠিত

১৩ জুন, ২০২০ চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলায় আধুনগর গুল এ জার উচ্চ বিদ্যালয়ে উপজেলার বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা সংশ্লিষ্টদের নিয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। স্থানীয় গাইড কমিশনার জমিলা আকতার সভাপতিত্ব করেন। জেলার বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে গাইডিং কার্যক্রম চালু রয়েছে। কিন্তু বর্তমানে এই কার্যক্রমকে আরও বেগবান করার উদ্দেশ্যে নিয়মিত গাইড কর্মসূচি, সরকারি দিবস উদযাপন, গাইডদের ব্যক্তিগত স্বাস্থ্য রক্ষা নিয়ম সম্পর্কে প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মশালা বাস্তবায়ন, নিয়মিত মাদ্রাসা সমূহের রেজিস্ট্রেশন নবায়ন, দেশের করোনা পরিস্থিতি অনুকূল অবস্থায় আসার পরে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে মত বিনিময় ও সিদ্ধান্ত গ্রহন করা হয়। সভায় কারিগরি ও মাদ্রাসা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাসহ ১৮ জন উপস্থিত ছিলেন।

## বান্দরবান পার্বত্য জেলা

১৭ জুন, বান্দরবান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে উপজেলার বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের নিয়ে একদিনের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। স্থানীয় গাইড কমিশনার নাহিদা আকতার চৌধুরী সভাপতিত্ব করেন। সার্বিক দায়িত্ব পালন করেন ইসরাত জাহান, ট্রেইনার,চট্টগ্রাম অঞ্চল।

## খাগড়াছড়ি পার্বত্য জেলা

২১ জুন, খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়ে উপজেলার বিভিন্ন মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের নিয়ে একদিনের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন খাগড়াছড়ি পার্বত্য জেলার জেলা গাইড কমিশনার শ্রীলা তালুকদার। কারিগরি ও মাদ্রাসা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাসহ ১৮ জন সভায় উপস্থিত ছিলেন।

## রাঙ্গামাটি পার্বত্য জেলা

২৩ জুন, রাঙ্গামাটি শিশু নিকেতন এর সম্মেলন কক্ষ, রাঙ্গামাটি সদর উপজেলার বিভিন্ন মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের নিয়ে একদিনের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার নিরূপা দেওয়ান। সার্বিক দায়িত্ব পালন করেন বীনা প্রভা চাকমা, জেলা গাইড কমিশনার, রাঙ্গামাটি পার্বত্য জেলা। সভায় কারিগরি ও মাদ্রাসা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাসহ ১৮ জন উপস্থিত ছিলেন।

## কক্সবাজার জেলা

২৪ জুন, চকরিয়া গ্রামার স্কুলে উপজেলার বিভিন্ন মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের নিয়ে একদিনের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থানীয় গাইড কমিশনার কাউসার ইয়াছমিন, চকরিয়া উপজেলা, কক্সবাজার। সার্বিক দায়িত্ব পালন করেন ইসরাত জাহান, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল। সভায় কারিগরি ও মাদ্রাসা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাসহ ১৮ জন উপস্থিত ছিলেন।

## পরিদর্শন

৭ জানুয়ারি, ২০২০ রেঞ্জার ইউনিট সম্প্রসারণের উদ্দেশ্যে চট্টগ্রাম জেলা সদরের চট্টগ্রাম কলেজ পরিদর্শন করেন প্রফেসর রীতা দত্ত, স্থানীয় কমিশনার, চট্টগ্রাম জেলা সদর এবং শায়লা শাবরিন, জুনিয়র ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল।


## দীক্ষা দান

৫ জানুয়ারি, ২০২০ চট্টগ্রাম জেলা সদরের আগ্রাবাদ বালিকা উচ্চ বিদ্যালয়ে ৬০ জন গাইড, ৮ জানুয়ারি আগ্রাবাদ মহিলা কলেজের ৫০ জন রেঞ্জার, ২৭ জানুয়ারি বাঁশখালী উপজেলায় বাহারচরা রত্নপুর উচ্চ বিদ্যালয়ের ২০০ জন গাইড, ১৯ ফেব্রুয়ারি, ক্যান্টনমেন্ট পাবলিক কলেজে ৩০ জন রেঞ্জার, ৩ মার্চ, হাটহাজারী উপজেলায় নাজিরহাট কলেজে ৫৯ জন রেঞ্জার এর পরীক্ষা গ্রহণ করেন জুনিয়র ট্রেইনার শায়লা শাবরিন এবং দীক্ষাদান করেন প্রফেসর রীতা দত্ত, স্থানীয় কমিশনার, চট্টগ্রাম জেলা সদর।

গাইড মোট - ২৬০

রেঞ্জার মোট - ১৩৯

কোনো সুস্থ ব্যক্তি যখন করোনা আক্রান্ত ব্যক্তির দেওয়া হাঁচি বা কাশির সুক্ষকণা শ্বাসপ্রশ্বাস বা হাতের স্পর্শের মাধ্যমে মুখে নেন, তখন তার দেহেও করোনা সংক্রমণ ছড়াতে পারে।



# কুমিল্লা অঞ্চল

## সংবর্ধনা অনুষ্ঠান

২৩ জানুয়ারি, ২০২০ কুমিল্লা অঞ্চলের উদ্যোগে বেগম রোকেয়া পদক ২০১৯ প্রাপ্তি উপলক্ষে অঞ্চলের অতিরিক্ত আঞ্চলিক কমিশনার মিসেস পাপড়ী বসু'কে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরুন্নেছা বাহার, বিশিষ্ট সমাজ সেবক, নারী নেত্রী ও সভাপতি কুমিল্লা ডায়াবেটিক সমিতি। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার ও অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব।




বেগম রোকেয়া পদক ২০১৯ প্রাপ্তি উপলক্ষে অঞ্চলের অতিরিক্ত আঞ্চলিক কমিশনার মিসেস পাপড়ী বসু'কে সংবর্ধনা দেওয়া হয়

স্বাগত বক্তব্য দেন আঞ্চলিক সেক্রেটারি নাজমা খানম। বক্তব্য রাখেন আঞ্চলিক ট্রেজারার ঝর্ণা বড়ুয়া। বেগম রোকেয়া পদক প্রাপ্ত নারী উন্নয়নে বিশিষ্ট ব্যক্তিত্ব মিসেস পাপড়ী বসু'র অভিব্যক্তি প্রকাশ করেন অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরুন্নেছা বাহার। সভাপতির বক্তব্য দেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার। আলোকিত নারীদের নিয়ে আলেখ্যানুষ্ঠান পরিচালনা করেন রাজধানী অঞ্চলের গাইড সদস্য মাহমুদা আপন।

মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক সেলিনা আক্তার সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, গাইড সদস্য ও কমিশনারসহ ৩৫০ জন সংবর্ধনা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## ঝাঁক অবকাশ

২৩ হতে ২৫ জানুয়ারি, ২০২০ পর্যন্ত কুমিল্লা অঞ্চলের উদ্যোগে ৮ হতে ৯ বছরের হলদে পাখিদের নিয়ে স্টিমার যাত্রার ওপর ভিত্তি করে '১ম আঞ্চলিক ঝাঁক অবকাশ' নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। ঝাঁক অবকাশে প্রতিপাদ্য বিষয় ছিল 'নতুন বন্ধু তৈরি করি, আনন্দ শেয়ার করি'।

স্টিমার যাত্রায় ৮ দফা চ্যালেঞ্জের ওপর ভিত্তি করে কর্মসূচি পরিচালিত হয়। কর্মসূচিতে ছিল আগমন, রেজিস্ট্রেশন, দলভাগ ও বাসা তৈরী, বৃত্তের গান, স্টিমার যাত্রা সমন্ধে ধারনা দেন ট্রেনার নূরুন নাহার, হলদে পাখি স্বাস্থ্য রক্ষায় সচেষ্ট, হলদে পাখি ঘরের কাজে হাত লাগায়, বন্ধুত্ব স্থাপন করে, নৈপুণ্য সূচক ব্যাজ পরীক্ষা (প্রাথমিক চিকিৎসা, রাঁধুনী, গৃহসেবিকা) বাসা পরিবর্তন, হলদে পাখি অন্যকে সাহায্য করে, হলদে পাখি জিনিস তৈরী করে, হলদে পাখি যথাসাধ্য চেষ্টা করে, হলদে পাখি মিশুক, হলদে পাখি বাহিরের জগৎ থেকে আনন্দ পায়, র‍্যাভেল অনুষ্ঠানের অনুশীলন ইত্যাদি।



র‍্যাভেল অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন মোঃ নুরুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক, কুমিল্লা জেলা

র‍্যাভেল অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব মোঃ নুরুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক, কুমিল্লা জেলা। বিশেষ অতিথি ছিলেন অধ্যক্ষ হাসান ইমাম মজুমদার, কমিশনার, কুমিল্লা জেলা রোভার স্কাউট। অনুষ্ঠানের উদ্বোধন ও র‍্যাভেল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার জাহান আরা বেগম বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।

অঞ্চলের অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, ট্রেজারার, সেক্রেটারি, গাইড জেলা কমিশনার সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, রেঞ্জার, বিজ্ঞপাখি, গাইড সদস্য ২৯০ জন ঝাঁক অবকাশে অংশগ্রহণ করেন।

একই দিন ১০১ জন হলদে পাখির রিক্রুট টেস্ট পরীক্ষা গ্রহণ শেষে দীক্ষা দেন আঞ্চলিক কমিশনার জাহান আরা বেগম ও অতিরিক্ত আঞ্চলিক কমিশনার পাপড়ী বসু।

## আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস




আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবসে কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের স্মরণে গাইড সদস্যদের পুষ্পস্তবক অর্পন করেন

## বিশ্ব চিন্তা দিবস

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস এর প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল এর যুগ্ম জন্মদিবস ২২ ফেব্রুয়ারি। বিশ্ব ব্যাপী গাইড সদস্যবৃন্দ তাঁদের জন্মদিবসকে **'বিশ্ব চিন্তা দিবস'** হিসেবে উদ্‌যাপন করে। এ উপলক্ষে গাইডরা পরস্পপরকে স্মরণ, তাঁদের অন্তরে গাইড প্রতিজ্ঞা নবায়ন এবং চিন্তা দিবসের চাঁদা প্রদান করে গাইড কর্মসূচিতে প্রাণ সঞ্চার করে। বিশ্ব চিন্তা দিবস, ২০২০ এর প্রতিপাদ্য বিষয়

'Diversity, Equity and Inclusion'.




বিশ্ব চিন্তা দিবসে প্রধান অতিথির চাঁদা প্রদান

২২ ফেব্রুয়ারি, ২০২০ নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি, বিশেষ অতিথি, কার্যনির্বাহী কমিটির সদস্যসহ বেলুর উড়িয়ে বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠানটি শুভ উদ্বোধন ঘোষণা করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর মোঃ জহিরুল ইসলাম পাটোয়ারী, কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা। বিশেষ অতিথি ছিলেন সেলিনা আক্তার, উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা জেলা। রোকসানা ফেরদৌস মজুমদার, গাইড জেলা কমিশনার, প্রধান শিক্ষিকা, নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা। নাজমা খানম, আঞ্চলিক সেক্রেটারি, প্রধান শিক্ষিকা, রোজ গার্ডেন ইন্টারন্যাশনাল স্কুল, এড. ফাহমিদা জেবিন, স্থানীয় গাইড কমিশনার, আদর্শ সদর উপজেলা, কুমিল্লা জেলার জেলা গাইড সম্পাদিকা। কুমিল্লা আদর্শ সদর ও সদর দক্ষিণ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার ও কমিশনারসহ ৩৫০ জন অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন রোকসানা ফেরদৌস মজুমদার। জাতীয় কমিশনারের বাণী পাঠ করেন নাজমা খানম এবং হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের উদ্দেশ্যে বক্তব্য দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাপড়ী বসু। চাঁদা সংগ্রহ, কেক কাটা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ট্যাপস্ এর মাধ্যমে বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠান সমাপ্তি ঘোষণা করা হয়।

## মানববন্ধন কর্মসূচি

আন্তর্জাতিক নারী দিবস, ২০২০ উপলক্ষে জেলা প্রশাসন ও কুমিল্লা জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের উদ্যোগে ৬ মার্চ কুমিল্লা টাউন হলের সামনে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে গাইড, গাইডার, কমিশনারসহ ৪৫ জন কর্মসূচিতে অংশগ্রহন করেন। এবারে আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য হচ্ছে **'প্রজন্ম হোক সমতার, সকল নারীর অধিকার'**। অনুষ্ঠানে বক্তব্য দেন জনাব আবুল ফজল মীর, জেলা প্রশাসক। সম্মিলিত নারী ফোরামের সভাপতি, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ও বিভিন্ন সংগঠনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## র‍্যালী ও আলোচনা

৮ মার্চ, ২০২০ জেলা প্রশাসন ও জেলা মহিলা কর্মকর্তার কার্যালয়ের উদ্যোগে এবং জাতীয় মহিলা সংস্থা ও সম্মিলিত নারী ফোরামের সহযোগিতায় আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে টাউন হলের সামনে থেকে র‍্যালী শুরু হয়ে শিল্পকলা একাডেমীতে এসে শেষ হয়।




আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে গাইড, রেঞ্জার ও গাইড সদস্যদের র‍্যালীতে অংশগ্রহণ

শিল্পকলা একাডেমীর অডিটোরিয়ামে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা আ.ক.ম. বাহাউদ্দিন বাহার, সংসদ সদস্য, কুমিল্লা-৬ আসন। বিশেষ অতিথি ছিলেন

জনাব সৈয়দ মোঃ নূরুল ইসলাম, পুলিশ সুপার, কুমিল্লা বিপিএল বিপিএ বার। বক্তব্য দেন এরোমা দত্ত, সাংসদ সদস্য। স্বাগত বক্তব্য দেন সেলিনা আক্তার, মহিলা বিষয়ক কর্মকর্তা। পাপড়ী বসু, এডভোকেট ফাহমিদা জেবিন ও স্থানীয় গাইড কমিশনার আদর্শ সদর উপজেলা কুমিল্লা। এসময় বিভিন্ন সংগঠনের নারী নেত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ আবুল ফজল মীর, জেলা প্রশাসক, কুমিল্লা। অঞ্চল হতে গাইড, গাইডার, কমিশানার ও ট্রেইনারসহ ৮০ জন অংশগ্রহন করেন।

## গাইড গাইডারদের ওরিয়েন্টেশন

কুমিল্লা অঞ্চল ও বরুড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের যৌথ উদ্যোগে বরুড়া উপজেলার সমন্বয়ে গাইডারদের একদিনের ওরিয়েন্টেশন কোর্স উপজেলা অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। কোর্সে নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৬৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।



ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব মোঃ আনিসুল ইসলাম উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিশেষ অতিথি ছিলেন আঞ্চলিক কমিশনার জাহান আরা বেগম। এ ছাড়া নাজমা খানম, আসিয়া বেগম, একাডেমী সুপার ভাইজার বরুড়া উপজেলা। সভাপতিত্ব করেন জনাব সাইফুলইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরুড়া উপজেলা। কর্মসূচি ছিল, আগমন, রেজিস্ট্রেশন, দলভাগ, পরিচিতি, গার্ল গাইডের মিশন, ভিশন, লক্ষ্য, গাইডের শাখাসমূহ, পোশাক, প্রতিজ্ঞা, নিয়মাবলী, গিরা, এন্ট্রিফর্ম বিতরণ, গাইড কোম্পানী খোলা ইত্যাদি। ট্যাপস এর মাধ্যমে কোর্সের সমাপ্তি ঘোষণা করেন।

## সমন্বয় সভা

১০ ফেব্রুয়ারি, ২০২০ হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে সমন্বয় সভা লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন জনাব শফিকুর রিদোয়ান আরমান শাকিল, উপজেলা নির্বাহী কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর উপজেলা। বিশেষ অতিথি ছিলেন জনাব মনসুর আলী, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, লক্ষ্মীপুর জেলা। জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, উপজেলা শিক্ষা কর্মকর্তা, প্রধান শিক্ষক, অভিভাবক ও গাইড জেলা কমিশনার, স্থানীয় গাইড কমিশনার, গাইড সদস্যসহ ১৩ জন অংশগ্রহন করেন।




সমন্বয় সভায় বক্তব্য দেন স্থানীয় গাইড কমিশনার

১২ ফেব্রুয়ারি, ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন জনাব নাসরিন সুলতানা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফেনী সদর উপজেলা। বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ নূরুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ফেনী জেলা। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার। ফেনী জেলার গাইড জেলা কমিশনার এবং স্থানীয় গাইড কমিশনার, গাইড সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, উপজেলা শিক্ষা কর্মকর্তা, প্রধান শিক্ষক ও অভিভাবকসহ ১২ জন অংশগ্রহন করেন।

১৬ মার্চ, নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন জনাব আরিফুল ইসলাম সরদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, নোয়াখালী সদর উপজেলা। বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ সাইদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, নোয়াখালী জেলা। সভাপতিত্ব করেন পাপড়ী বসু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। নোয়াখালী জেলার গাইড জেলা কমিশনার, স্থানীয় গাইড কমিশনার, গাইড সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, উপজেলা শিক্ষা কর্মকর্তা, প্রধান শিক্ষক, অভিভাবকসহ ১২ জন অংশগ্রহন করেন।

## সাংগঠনিক ওয়ার্কশপ

১০ ফেব্রুয়ারি, ২০২০ হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে জেলা পর্যায়ে সাংগঠনিক ওয়ার্কশপ লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে প্রধান অতিথি ছিলেন জনাব শফিকুর রিদোয়ান আরমান শাকিল, উপজেলা নির্বাহী কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর উপজেলা। বিশেষ অতিথি ছিলেন জনাব মনসুর আলী, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, লক্ষ্মীপুর জেলা। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার। উপজেলা শিক্ষা কর্মকর্তা, জেলা গাইড কমিশনার, স্থানীয় কমিশনার, গাইড সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অভিভাবকসহ ১২ জন অংশগ্রহন করেন।




সাংগঠনিক ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তব্য উপজেলা নির্বাহী কর্মকর্তা

১২ ফেব্রুয়ারি, ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন নাসরিন সুলতানা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফেনী সদর উপজেলা। বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ নূরুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ফেনী জেলা। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার। উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফেনী জেলা গাইড কমিশনার, স্থানীয় গাইড কমিশনার, গাইড সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটিরি সদস্য, প্রাথমিক বিদ্যায়ের প্রধান শিক্ষক ও অভিভাবকসহ ১২ জন অংশগ্রহন করেন।

১৬ মার্চ, নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন জনাব আরিফুল ইসলাম সরদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা। বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ সাইদুলইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, নোয়াখালী জেলা। সভাপতিত্ব করেন মিসেস পাপড়ী বসু, অতিরিক্ত আঞ্চলিক। উপজেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, জেলা ও স্থানীয় কমিশনার, গাইড সদস্য, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অভিভাবকসহ ১২ জন অংশগ্রহন করেন।

## মতবিনিময় সভা

হলদে পাখি সম্পসারণের লক্ষ্যে ১১ ফেব্রুয়ারি, ২০২০ মতবিনিময় সভা ফেনী জেলার জেলা প্রশাসকের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার। প্রধান অতিথি ছিলেন সুমনা আক্তার, অতিরিক্ত জেলা প্রশাসক, ফেনী জেলা। বিশেষ অতিথি ছিলেন নাসরিন সুলতানা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফেনী সদর উপজেলা। বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ নূরুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ফেনী জেলা। উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, জেলা ও স্থানীয় কমিশনার, গাইড সদস্য, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অভিভাবকসহ ৬৯ জন উপস্থিত ছিলেন।

১৩ ফেব্রুয়ারি, লক্ষ্মীপুর জেলার জেলা প্রশাসকের সভা কক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার। প্রধান অতিথি ছিলেন অঞ্জন চন্দ্র পাল জেলা প্রশাসক। বিশেষ অতিথি ছিলেন জনাব শফিকুর রিদোয়ান আরমান শাকিল, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং জনাব মনসুর আলী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, লক্ষ্মীপুর জেলা। উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, জেলা ও স্থানীয় কমিশনার, গাইড সদস্য, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অভিভাবকসহ ৬৯ জন উপস্থিত ছিলেন।



মতবিনিময় সভায় বক্তব্য দেন নোয়াখালী জেলার জেলা প্রশাসক

১৮ মার্চ, নোয়াখালী জেলা প্রশাসকের সভা কক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন মিসেস পাপড়ী বসু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। প্রধান অতিথি ছিলেন জনাব তন্ময় দাস, জেলা প্রশাসক, নোয়াখালী জেলা। বিশেষ অতিথি ছিলেন জনাব আরিফুল ইসলাম সরদার-উপজেলা নির্বাহী কর্মকর্তা। বিশেষ অতিথি ছিলেন জনাব সাইদুল ইসলাম জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা। উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, জেলা ও স্থানীয় কমিশনার, গাইড সদস্য, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অভিভাবকসহ ৬৯ জন উপস্থিত ছিলেন।

## বিজ্ঞপাখিদের জেলা ভিত্তিক এক দিনের ওরিয়েন্টেশন

১৪ ফেব্রুয়ারি, ২০২০ বিজ্ঞপাখিদের একদিনের ওরিয়েন্টেশন কোর্স লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। কোর্সে লক্ষ্মীপুর জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় হতে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহন করেন। প্রশিক্ষণার্থী, অতিথি ও অফিস স্টাফসহ ৫৯ জন উপস্থিত ছিলেন। কোর্স উদ্বোধন করেন লক্ষ্মীপুর জেলা গাইড কমিশনার খোদেজা খাতুন। উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-জেলা সম্পাদিকা, ট্রেজারার ও সদস্যগণ। একদিনের ওরিয়েন্টেশন কোর্সের কর্মসূচী ছিল-গার্ল গাইডিং পরিচিতি ও ইতিহাস, বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ এসোসিয়েশনের মিশন ভিশন ও লক্ষ্য, গার্ল গাইডের শাখা, স্তর ও পোশাক সমূহ, হলদে পাখি ঝাঁক খোলা, পরিচালনা সম্পর্কে আলোচনা, হলদে পাখি পরিপত্র বাস্তবায়নে উপজেলা ও কমিটির ভূমিকা, এন্ট্রিফর্ম বিতরণ ও ট্যাপস এর মাধ্যমে ওরিয়েন্টেশন কোর্স সমাপ্তি ঘোষণা করা হয়।

২০ ফেব্রুয়ারি, বিজ্ঞপাখিদের একদিনের ওরিয়েন্টেশন কোর্স ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। কোর্সে ফেনী জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় হতে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহন করেন। প্রশিক্ষণার্থী, অতিথি ও অফিস স্টাফসহ ৫৯ জন উপস্থিত ছিলেন। কোর্স উদ্বোদন করেন ফেনী জেলার গাইড জেলা কমিশনার স্বপ্না দাস। উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-জেলা সম্পাদিকা, ট্রেজারার ও গাইড সদস্যগণ।

২৮ ফেব্রুয়ারি, বিজ্ঞপাখিদের একদিনের ওরিয়েন্টেশন কোর্স নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। কোর্সে নোয়াখালী জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় হতে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহন করেন। প্রশিক্ষণার্থী, অতিথি ও অফিস স্টাফসহ ৫৯ জন উপস্থিত ছিলেন। কোর্স উদ্বোধন করেন নোয়াখালী জেলার গাইড জেলা কমিশনার নসরত জাহান বেগম। উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-জেলা সম্পাদিকা, ট্রেজারার ও সদস্যগণ। একই কর্মসূচির মাধ্যমে ওরিয়েন্টেশন কোর্স পরিচালিত হয়।

## বিজ্ঞপাখিদের জেলা ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ

১৫ হতে ১৯ ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত বিজ্ঞপাখিদের জেলা ভিত্তিক পাঁচদিনের মৌলিক প্রশিক্ষণ লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। লক্ষ্মীপুর জেলা হতে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। আঞ্চলিক কমিশনার, কার্যনির্বাহী কমিটির সদস্য, জেলা কমিশনার ও অফিস স্টাফসহ ৫২ জন প্রশিক্ষণে উপস্থিত ছিলেন। বিজ্ঞপাখিদের জেলা ভিত্তিক পাঁচ দিনের মৌলিক প্রশিক্ষণের কর্মসূচী ছিল, আগমন, দলভাগ, রেজিস্ট্রেশন ও পরিচিতি, গাইডিং পরিচিতি, উদ্দেশ্য, লক্ষ্য, ইউনিফর্ম, গাইডের প্রতিষ্ঠাতা, নিয়মাবলি, পরোপকার, সালাম চিহ্ন ও বাঁ হাত মিলানো, বাঁশির সংকেত, হাতের ইশারা, টেন্ডারফুট ব্যাজ, জাতীয় পতাকা, বিশ্ব পতাকা, বিশ্ব ব্যাজ, টেন্ডারফুট গিরা, ঝাঁক পরিচালনা, বৃত্তের গান, ষষ্ঠকের গান, হলদে পাখির প্রতিজ্ঞা, নিয়মাবলী, লক্ষ্য, ভাল কাজ, হাজিরা, আওয়াজ, হাতের ইশারা, অভিবাদন ও চিহ্ন, নিজ পোশাক ধোওয়া ও ভাজ করা, জুতা মোজা পরিস্কার করা, ব্যাজ পরিস্কার রাখা, চুল আঁচড়ানো, হাত ও নখ পরিস্কার রাখা এবং পদ্মফুল তৈরী করা, হাসি, ঝাঁক অবকাশ, হলদে পাখির যাত্রা, কার্ণিভাল, গাইডের ৬টি ক্ষেত্র, আন্তর্জাতিক জ্ঞান (সংক্ষিপ্ত), হলদে পাখির গল্প, দীক্ষাদান অনুষ্ঠান, বিজ্ঞপাখিদের দায়িত্ব কর্তব্য ও গুণাবলী ইত্যাদি।

সমাপনি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক কমিশনার জাহান আরা বেগম। আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, লক্ষ্মীপুর জেলার গাইড কমিশনারের উপস্থিতিতে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

২৩ হতে ২৭ ফেব্রুয়ারি, পর্যন্ত বিজ্ঞপাখিদের জেলা ভিত্তিক পাঁচদিনের মৌলিক প্রশিক্ষণ ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। ফেনী জেলা হতে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

২৯ ফেব্রুয়ারি হতে ৪ মার্চ পর্যন্ত বিজ্ঞপাখিদের জেলা ভিত্তিক পাঁচদিনের মৌলিক প্রশিক্ষণ নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে নোয়াখালী জেলা হতে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। আঞ্চলিক কমিশনার কার্যনির্বাহী কমিটির সদস্য, জেলা কমিশনার ও অফিস স্টাফসহ ৫২ জন উপস্থিত ছিলেন। একই কর্মসূচির মাধ্যমে মৌলিক প্রশিক্ষণ পরিচালিত এবং ট্যাপস এর মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।

## নৈপূণ্যসূচক ব্যাজ বিষয়ক প্রশিক্ষণ ও পরীক্ষা

হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে ৯ মার্চ, ২০২০ নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে নৈপূণ্যসূচক ব্যাজ বিষয়ক প্রশিক্ষণ ও পরীক্ষা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জাহান আরা বেগম আঞ্চলিক কমিশনার, পাপড়ী বসু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, রোকসানা ফেরদৌস মজুমদার সদস্য আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, গাইড জেলা কমিশনার ও প্রধান শিক্ষিকা এড. ফাহমিদা জেবিন, স্থানীয় কমিশনার, নাজমা খানম, আঞ্চলিক সেক্রেটারী, ঝর্ণা বড়ুয়া, আঞ্চলিক ট্রেজারার, ৫টি শিক্ষা প্রতিষ্ঠান হতে ২৫ জন হলদে পাখি, বিজ্ঞপাখি, গাইড সদস্য ও কমিশনার সহ ৪০ জন উপস্থিত ছিলেন।

## নতুন হলদে পাখি টেস্ট কার্ড

১০ মার্চ, ২০২০ ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে, ১২ মার্চ লক্ষ্মীপুর কলেজিয়েট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে, ১৪ মার্চ, নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে হলদে পাখিদের (রিক্রুট টেস্ট কার্ড) বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রতিটি জেলার ১০টি শিক্ষা প্রতিষ্ঠান হতে ২৪০ জন হলদে পাখি, ১০জন বিজ্ঞপাখিসহ তিন জেলা হতে ৭৫০ জন উপস্থিত ছিলেন।

## কার্ণিভাল

১১ মার্চ, ২০২০ কার্ণিভাল অনুষ্ঠান উদ্বোধন করেন সুমনা আক্তার, অতিরিক্ত জেলা প্রশাসক, ফেনী জেলা। বিশেষ অতিথি ছিলেন নাসরিন সুলতানা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফেনী সদর উপজেলা। নৌকা যাত্রার উপর হলদে পাখি সদাজাগ্রত (কুইজ প্রতিযোগিতা) খাদ্য, পুষ্টি এবং করোনা ভাইরাস বিষয়ক জনসচেতনতা সৃষ্টি সেশন প্রদান করেন ডাঃ আব্দুল মুহিদ। হলদে পাখি জিনিস তৈরী করে, কাগজ দিয়ে সিট আপন তৈরী করা বা ফুল তৈরী করা, হলদে পাখি বাইরের জগত থেকে আনন্দ লাভ করে, দুটি ফুল, ফল ও পাতা সংগ্রহ ও পরিচিতি।

১৩ মার্চ, কার্ণিভাল অনুষ্ঠান উদ্বোধন করেন জনাব অঞ্জন চন্দ্র পাল, জেলা প্রশাসক, লক্ষ্মীপুর জেলা। বিশেষ অতিথি ছিলেন জনাব শফিকুর রিদোয়ান আরমান শাকিল, উপজেলা নির্বাহী কর্মকর্তা। সেশন প্রদান করেন ডাঃ নাজমুন নাহার।

১৯ মার্চ, কার্ণিভাল অনুষ্ঠান উদ্বোধন করেন জনাব তন্ময় দাস, জেলা প্রশাসক, নোয়াখালী। বিশেষ অতিথি ছিলেন জনাব আরিফুল ইসলাম সরদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা। সেশন প্রদান করেন ডাঃ নাজনিন সুলতানা।

সব অনুষ্ঠানে একই কর্মসূচি অনুষ্ঠিত হয় এবং আঞ্চলিক কমিশনার, কার্যনির্বাহী কমিটির সদস্যগণ, জেলা ও স্থানীয় কমিশনার, সদস্য, ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞপাখি ও হলদে পাখিসহ ২৭৭ জন উপস্থিত ছিলেন।

## কর্মশালা

২০ মার্চ, ২০২০ লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে শিশু পাচার, স্যানিটেশন, ট্রাফিক আইন, ব্যক্তিগত স্বাস্থ্য পরিচ্ছন্নতা কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি অঞ্জন চন্দ্র পাল জেলা প্রশাসক, লক্ষ্মীপুর জেলা ও বিশেষ অতিথি শফিকুর রিদোয়ান আরমান শাকিল, উপজেলা নির্বাহী কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর উপজেলা উপস্থিত ছিলেন। শিশু পাচার, স্যানিটেশন, ট্রাফিক আইন ও ব্যক্তিগত স্বাস্থ্য পরিচ্ছন্নতার উপরে সেশন দেন ট্রাফিক পুলিশ মোঃ সানউল্লাহ ও ডাঃ শাহ ইমরান। উত্তর পশ্চিম চরসীতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখিদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট তৈরী করা হয়।

২১ মার্চ, নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে একই কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি তন্ময় দাস, জেলা প্রশাসক নোয়াখালী জেলা ও বিশেষ অতিথি আরিফুল ইসলাম সরদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর উপজেলা, নোয়খালী জেলা উপস্থিত ছিলেন। সেশন দেন ট্রাফিক পুলিশ মো: আনিসুল ইসলাম ও ডাঃ কামরুন নাহার। বারাহীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখিদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট তৈরী করা হয়।

২২ মার্চ, ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে একই কর্মশালা অনুষ্ঠিত হয় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি সুমনা আক্তার, অতিরিক্ত জেলা প্রশাসক, ফেনী জেলা ও বিশেষ অতিথি নাসরিন সুলতানা উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফেনী সদর উপজেলা উপস্থিত ছিলেন। সেশন দেন ট্রাফিক পুলিশ জাহিদ হোসেন ও ডাঃ মোঃ জাকির হোসেন। মঠবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে হলদে পাখিদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট তৈরী করা হয়।

সব অনুষ্ঠানে একই কর্মসূচি অনুষ্ঠিত হয় ও আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, জেলা ও স্থানীয় কমিশনার, কমিটির সদস্যগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## সদস্য সংগ্রহ সপ্তাহ

১৫ মার্চ, ২০২০ নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে হলদে পাখি সদস্য সংগ্রহ সপ্তাহ উদ্‌যাপন কর্মসূচি পালন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব আব্দুল মান্নান জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, কুমিল্লা জেলা। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার। অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, গাইড জেলা কমিশনার, স্থানীয় গাইড কমিশনার, আঞ্চলিক ট্রেজারার, আঞ্চলিক সেক্রেটারী, হলদে পাখি, বিজ্ঞপাখি, কমিশনার ও সদস্যসহ ৬০ জন উপস্থিত ছিলেন।

## মুজিব শতবর্ষ উদ্‌যাপন

২৩ মার্চ, নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে মুজিব শতবর্ষ উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর আবদুস সালাম, চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা ও বিশেষ অতিথি জাকিয়া আফরিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর উপজেলা কুমিল্লা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার। মুজিব শতবর্ষ উপলক্ষে চিত্রাঙ্গকন প্রতিযোগিতা, নির্ধারিত বক্তৃতা ও উপস্থিত বক্তৃতা অনুষ্ঠিত হয়। যারা ১ম,২য়, ও ৩য় স্থান লাভ করে তাদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, গাইড জেলা কমিশনার, স্থানীয় গাইড কমিশনার, আঞ্চলিক ট্রেজারার, আঞ্চলিক সেক্রেটারী, হলদে পাখি, রেঞ্জার, গাইডার ও কমিশনারসহ উল্লেখযোগ্য সংখ্যাক গাইড সদস্য উপস্থিত ছিলেন।

## সচেতনতামূলক প্রশিক্ষণ

২৪ মার্চ, ২০২০ নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে ব্যক্তিগত স্বাস্থ্য পরিস্কার পরিচ্ছন্নতা ও ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণের উপর কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে প্রধান অতিথি পিন্টু বেপারী, অতিরিক্ত জেলা প্রশাসক, কুমিল্লা জেলা, বিশেষ অতিথি জাকিয়া আফরিন উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা আদর্শ সদর উপজেলা, উপস্থিত ছিলেন। জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, জেলা ট্রাফিক পুলিশ, গাইড জেলা কমিশনার, স্থানীয় গাইড কমিশনার, আঞ্চলিক ট্রেজারার, সেক্রেটারী, হলদে পাখি প্রশিক্ষণে উপস্থিত ছিলেন ।

## বৃক্ষরোপন কর্মসূচি

৭ জনু, ২০২০ নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে বৃক্ষের চারা রোপন করা হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন জনাব আরিফুল ইসলাম সরদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, নোয়াখালী সদর উপজেলা।

৯ জনু, লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে বৃক্ষের চারা রোপন করা হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর উপজেলা।

১১ জনু, ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রাঙ্গনে বৃক্ষের চারা রোপন কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন নাসরিন সুলতানা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফেনী সদর উপজেলা।

## এক দিনের কনফারেন্স

১৪ জুন, কুমিল্লা জেলার মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের সমন্বয়ে এক দিনের কনফারেন্স নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যায়ের প্রধান শিক্ষিকার সভা কক্ষে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি জনাব পিন্টু বেপারী, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কুমিল্লা জেলা ও বিশেষ অতিথি জাকিয়া আফরিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা আদর্শ সদর উপজেলা উপস্থিত ছিলেন।

একই দিন ব্রাহ্মণবাড়ীয়া জেলার মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের নিয়ে গভঃ মডেল গার্লস হাইস্কুল অডিটোরিয়ামে কনফারেন্স অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন জনাব হায়াত উদ-দৌলা, জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া জেলা ও বিশেষ অতিথি ছিলেন জনাব পঙ্কজ বড়ুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা, ব্রাহ্মনবাড়িয়া সদর উপজেলা।

নোয়াখালী জেলাতেও একই দিন মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের সমন্বয়ে এক দিনের কনফারেন্স নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। কনফারেন্স প্রধান অতিথি হিসেবে ইসরাত সাদমীন, অতিরিক্ত জেলা প্রশাসক, নোয়াখালী জেলা ও বিশেষ অতিথি ছিলেন জনাব আরিফুল ইসলাম সরদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, নোয়াখালী সদর উপজেলা।

১৫ জুন, চাঁদপুর জেলার মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের সমন্বয়ে এক দিনের কনফারেন্স চাঁদপুর মাতৃপিঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের হলরুমে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন জনাব মাজেদুর রহমান, জেলা প্রশাসক, চাঁদপুর জেলা ও বিশেষ অতিথি ছিলেন কানিজ ফাতেমা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁদপুর সদর উপজেলা।

একই দিন ফেনী জেলার মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের নিয়ে এক দিনের কনফারেন্স ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন সুমনা আক্তার, অতিরিক্ত জেলা প্রশাসক, ফেনী জেলা ও বিশেষ অতিথি ছিলেন নাসরিন সুলতানা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, ফেনী সদর উপজেলা।

লক্ষ্মীপুর জেলায় একই দিন মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের নিয়ে এক দিনের কনফারেন্স লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন অঞ্জন চন্দ্র পাল, জেলা প্রশাসক, লক্ষ্মীপুর জেলা ও বিশেষ অতিথি ছিলেন শফিকুর রিদোয়ান আরমান শাকিল, উপজেলা নির্বাহী কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর উপজেলা।

জেলা শিক্ষা কর্মকর্তা, গাইড জেলা কমিশনার, জেলা গাইড সম্পাদিকা, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, অধ্যক্ষ ও সুপারসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## ঢাকা অঞ্চল

### গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ




গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়

৫ হতে ৯ জানুয়ারি, ২০২০ পর্যন্ত শরীয়তপুর জেলায় পাঁচদিন ব্যাপী গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ পালং তুলাসার গুরুদাস সরকারি উচ্চ বিদ্যালয়, শরীয়তপুরে অনুষ্ঠিত হয়। ৫ জানুয়ারি প্রশিক্ষণের উদ্বোধন করেন প্রধান অতিথি মোঃ এমারত হোসেন মিয়া, জেলা শিক্ষা কর্মকর্তা ও বিশেষ অতিথি ছিলেন মোঃ শহীদ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর উপজেলা, শরীয়তপুর।

অনুষ্ঠানে প্রধান অতিথি উপজেলা হতে আগত প্রশিক্ষণার্থীদের গাইডিং এ দল খোলা এবং গাইড কার্যক্রম দ্রুত প্রসার করে শরীয়তপুর জেলাকে অন্য জেলার সাথে প্রতিযোগিতার আহ্বান জানান। বিভিন্ন উপজেলার ৩৬ টি প্রতিষ্ঠান হতে ৩৯ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন।

সমাপনী দিনে প্রশিক্ষণের সার্টিফিকেট বিতরণ করেন জেলা প্রশাসক কাজী আবু তাহের। শরীয়তপুর জেলায় গাইডিং কার্যক্রম গাইডিং চালু হচ্ছে জেনে তিনি আনন্দিত হন এবং যারা প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে দল পরিচালনার আহ্বান জানান। শরীয়তপুর জেলায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং চালু করার পর শতভাগ গাইড জেলা হিসেবে ঘোষনা করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। এছাড়া মেয়েদের মধ্যে নেতৃত্ব ও দায়িত্ব কর্তব্যবোধ জাগানোর জন্য গাইডিং শিক্ষা ছাড়া সম্ভব নয় তাই প্রত্যেকটি মেয়েকে গাইডের শিক্ষায় দীক্ষিত হতে হবে। তিনি গার্ল গাইডের উন্নতি কামনা করেন এবং জেলায় শতভাগ গাইড সম্প্রসারণ করতে প্রয়োজনীয় সকল সহযোগিতার আশ্বাস দেন।

১২ হতে ১৬ জানুয়ারি, পর্যন্ত গাজীপুর জেলায় পাঁচদিন ব্যাপী গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ কাজী রাজিয়া সুলতানা বালিকা উচ্চ বিদ্যালয়, গাজীপুর অনুষ্ঠিত হয়। বিভিন্ন উপজেলার ২৫ টি প্রতিষ্ঠান হতে ৪২ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন। শেষদিন প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন জেলা শিক্ষা কর্মকর্তা জনাব রেবেকা সুলতানা। তিনি প্রশিক্ষণার্থীদের ফিরে গিয়ে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম চালু করার জন্য বলেন এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং চালু করার পর স্কাউটের পাশাপাশি গার্ল গাইডিং এর শতভাগ গাইডিং জেলা হিসেবে ঘোষনা দেয়ার মতো করে গড়ে তোলার জন্য সকলকে আহ্বান জানান।

১৯ হতে ২৩ জানুয়ারি, পর্যন্ত মুন্সিগঞ্জ জেলায় পাঁচ দিন ব্যাপী গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ কে কে গভ: ইনস্টিটিউশন, মুন্সিগঞ্জ এ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে বিভিন্ন উপজেলার ৩৬ টি প্রতিষ্ঠান হতে ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন জেলা নির্বাহী কর্মকর্তা জনাব ফারুক আহামেদ। তিনি প্রশিক্ষণার্থীদের ফিরে গিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম চালু করার জন্য বলেন এবং সকল প্রকার সহযোগিতায় মুন্সিগঞ্জ জেলায় গাইডিং সম্প্রসারণ হবে বলে আশা ব্যক্ত করেন।

প্রশিক্ষণগুলো পরিচালনা করেন ট্রেইনার তাছলিমা আক্তার ও জুনিয়র ট্রেইনার, কাজী শামীমা।

## জেলা গাইড ক্যাম্প

ঢাকা অঞ্চলের নরসিংদী জেলায় ৮ হতে ১০ মার্চ, ২০২০ পর্যন্ত ৩য় জেলা গাইড ক্যাম্প নরসিংদী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় অনুষ্ঠিত হয়। উপজেলা সদর সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪৫০ জন গাইড, গাইডার, কমিশনার, গাইড সদস্য অংশগ্রহণ করেন। ক্যাম্পের উদ্বোধন করেন ইমরুল কায়েস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) নরসিংদী। বিশেষ অতিথি ছিলেন তাছলিমা আক্তার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী। ক্যাম্পটি চারটি সাব ক্যাম্পে ভাগ করা হয়। প্রধান ক্যাম্পের নাম বঙ্গবন্ধু। সাব ক্যাম্পের নাম শেখ হাসিনা, শিরীন শারমিন চৌধুরী, সাজেদা চৌধুরী ও মতিয়া চৌধুরী। সাব ক্যাম্পে ভাগ হয়ে গাইড মেয়েরা তাদের তাঁবু ও গ্যাজেট তৈরি করে। ক্যাম্প কর্মসূচিতে ছিলো প্রাথমিক চিকিৎসা, স্বাস্থ্য, মোমের শো পিস তৈরির সেশন ইত্যাদি।



ক্যাম্পে গাইডদে শরীরচর্চা প্রদর্শন

২য় দিন হাইকিং কর্মসূচিতে ইউ এন সি জুট মিলস পরিদর্শন শেষে গাইড মেয়েদের অভিজ্ঞতা ও সাধারন জ্ঞানের উপর মতবিনিময় শেয়ার করা হয়।



তাঁবু জলসা অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট প্রধান অতিথি, বিশেষ অতিথি, জেলা শিক্ষা কর্মকর্তা উপস্থিত ছিলেন

তাঁবু জলসা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধান অতিথি সৈয়দা ফারহানা কাউনাইন, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী জেলা। বিশেষ অতিথি মোছা: সাহারা খানম আঞ্চলিক কমিশনার, জেলা শিক্ষা কর্মকর্তা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলকিস বেগম মিষ্কী, প্রধান শিক্ষক, নরসিংদী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।

## অন্যান্য কার্যক্রম

পেট্রোল লিডার প্রশিক্ষণ ঃ ১৩ হতে ১৫ জানুয়ারি, ২০২০ পর্যন্ত নরসিংদী জেলায় জেলা সদরের গাইড কোম্পানীর পেট্রোল লিডারদেরকে নিয়ে পেট্রোল লিডার প্রশিক্ষণ নরসিংদী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নরসিংদীতে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে গাইড কোম্পানীর ৬১ জন পেট্রোল লিডারকে প্রশিক্ষণ প্রদান করা হয় ও তাদের ক্যাম্পের বিষয়ে হাতে কলমে শিখানো হয়। শেষদিন মহাতাঁবু জলসা অনুষ্ঠানে লিডারদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করেন জেলা কমিশনার, তাহমিনা ফেরদৌসী।



পেট্রোল লিডার প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের সনদপত্র প্রদান করা হয়

বিশ্ব চিন্তা দিবস ঃ ২২ ফেব্রুয়ারি, ২০২০ জাতীয় কার্যালয়ের গাইড অডিটরিয়ামে অনুষ্ঠিত বিশ্ব চিন্তা দিবসে ঢাকা অঞ্চল হতে ১৬ জন হলদে পাখি ৩৮ জন গাইড ১৩ জন রেঞ্জার  ৯ জন গাইডার ও অফিস স্টাফ সহ ৮১ জন অংশগ্রহণ করেন।

দীক্ষাদান ঃ ১০ মার্চ, ২০২০ সাভার জেলার ৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৪২৫ জন হলদে পাখি, গাইড ও রেঞ্জারের পরীক্ষা ও দীক্ষা দান অনুষ্ঠান পরিচালনা করেন কাজী শামীমা, জুনিয়র ট্রেইনার, ঢাকা অঞ্চল। সহযোগিতা করেন মনোয়ারা আক্তার, জেলা সেক্রেটারী, ঢাকা জেলা ও উপজেলা একাডেমিক সুপারভাইজার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সাভার, ঢাকা।

১১ মার্চ, মুন্সিগঞ্জ জেলায় ৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০ জন গাইডের পরীক্ষা ও দীক্ষা দান করেন কাজী শামীমা, জুনিয়র ট্রেইনার, ঢাকা অঞ্চল। সহযোগিতা করেন শিউলি, জেলা কমিশনার, মুন্সিগঞ্জ জেলা।

আর্থিক অনুদান ও ত্রান বিতরণ ঃ বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসে অবরুদ্ধ সংকটময় অবস্থায় মানুষকে সহায়তা দানের জন্য ঢাকা অঞ্চল হতে ১৩ টি জেলাকে দশ হাজার টাকা করে এক লক্ষ ত্রিশ হাজার টাকা এবং ১২ টি উপজেলায় পাঁচ হাজার টাকা করে ষাট হাজার টাকা সহ এক লক্ষ নব্বই হাজার টাকা প্রদান করা হয়। জাতীয় কার্যালয়কে এক লক্ষ টাকা করোন মহামারীতে সাহায্য প্রদানের জন্য প্রদান করা হয়।



বৈশ্বিক মহামারি করোনায় ক্ষতিগ্রস্থদেও মাঝে আর্থিক সহায়তা প্রদান



অসহায় দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

২৩ জুন, ২০২০ টাংগাইল জেলার ধনবাড়ী উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন ঢাকা অঞ্চলের সহায়তায় পাঁচ হাজার টাকা দরিদ্র গাইডদের মাঝে বিতরণ করেন।

২৫ জুন, ঢাকা অঞ্চলের সহায়তায় রাজবাড়ী জেলার অসহায় গাইড মেয়েদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন জেলা কমিশনার ও জেলা সেক্রেটারী, রাজবাড়ী জেলা।

১৩ জুলাই, ফরিদপুর জেলায় দুঃস্থ মানুষের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন বেলা রানী সরকার, জেলা কমিশনার, ফরিদপুর জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন।

২৯ জুলাই, শিবচর উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে শেখ ফজিলাতুন্নেছা সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে দুঃস্থদের মাঝে ত্রাণ সামগ্রী ও চাউল বিতরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, প্রধান শিক্ষক, সহকারি প্রধান শিক্ষক সহকারি শিক্ষক, গার্ল গাইডের শিক্ষকবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

৩১ জুলাই, মুন্সিগঞ্জ জেলা গাইডস্ এসোসিয়েশন জি পি এস কমপ্লেক্স, মুন্সিগঞ্জে দুঃস্থদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুন্সিগঞ্জ জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের জেলা কমিশনার শিউলী আক্তার, সাধারন সম্পাদক, কামরুন নেহার, কোষাধ্যক্ষ, তাসলিমা বেগম সহ জেলা কমিটির সদস্যবৃন্দ।

মতবিনিময় সভা ঃ ২০ জুন, ২০২০ ফরিদপুর জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের নিয়ে অনলাইনে জুম এর মাধ্যমে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় অংশগ্রহণ করেন জেলা শিক্ষা অফিসার বিষ্ণুপদ ঘোষাল ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। সভা পরিচালনা করেন বেলা রানী সরকার, জেলা কমিশনার, ফরিদপুর জেলা।

১৭ জুন, মুন্সিগঞ্জ জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান প্রধান ও অন্য শিক্ষকদের নিয়ে কে কে গভঃ ইনস্টিটিউশনে সেমিনার অনুষ্ঠিত হয়। জেলা গাইড কমিশনার শিউলী আক্তার, সাধারন সম্পাদক কামরুন নেহার, সদস্য মিসেস মনি এবং মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধানগণ সেমিনারে উপস্থিত ছিলেন।

২৩ জুন, টাংগাইল জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের নিয়ে এক দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। জেলা কমিশনার, লায়লা খানম ও জেলা শিক্ষা অফিসার কর্মশালা পরিচালনা করেন।

জাতীয় শোক দিবস ঃ ১৫ আগস্ট, ২০২০ মুন্সিগঞ্জ জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে পঞ্চসার ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে জাতীয় শোক দিবস পালিত হয়। এ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গের ৪৫ তম শাহাদৎ বার্ষিকীতে এক মিনিট নিরবতা পালন, দোয়া মাহফিল, রচনা, কুইজ প্রতিযোগিতা, ও প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরন করা হয়। জেলা গাইড কমিশনার, সাধারন সম্পাদক, কোষাধ্যক্ষ, গাইড সদস্য সহ বিভিন্ন উপজেলা থেকে আগত গাইডারবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

মাদারীপুর জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫ তম শাহাদৎ বার্ষিকী উপলক্ষে স্বাস্থ্য বিধি মেনে আলোচন ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বঙ্গবন্ধুর জীবন কর্মের উপর আলোচনা করেন জেলা গাইড কমিশনার এস এম এমরাতুন্নেছা ও জেলা সম্পাদক সামসুন্নাহার বুলু। সভায় গাইডার, গাইডবৃন্দ উপস্থিত ছিলেন।

আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা ঃ ২৮ জানুয়ারি, ২০২০ আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার মোছাঃ সাহারা খানাম।

## খুলনা অঞ্চল

### শীতবস্ত্র বিতরণ

১৪ জানুয়ারি, ২০২০ খুলনা অঞ্চলের উদ্যোগে দুঃস্থ ও দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, খুলনা অঞ্চল, উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ও অতিরিক্তি আঞ্চলিক কমিশনার নাছিম বানু, আঞ্চলিক সেক্রেটারী ফাতেমা আজিজ, আঞ্চলিক কোষাধ্যক্ষ, মাকামী মাকছুদা। আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্য মনোয়ারা বেগম, খালেদা বেগম, সোনিয়া রহমান, দেলোয়ারা বেগম, সাবিরা সুলতানা এবং সরকারি সুন্দরবন আদর্শ কলেজের রেঞ্জার গাইডার ফারহানা ফেরদৌস, খুলনা মেট্রোপলিটন কলেজের রেঞ্জার গাইডার কাজী জেসমিন আক্তার এবং খুলনা সরকারি মহিলা কলেজের রেঞ্জাররা অনুষ্ঠানে উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করেন।




খুলনা অঞ্চলের উদ্যোগে দুঃস্থ ও দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ

### বিশ্ব চিন্তা দিবস

প্রতিযোগিতা ঃ খুলনা অঞ্চলের উদ্যোগে বিশ্ব চিন্তা দিবস ২০২০ এর গেম ১৯ ফেব্রুয়ারি উদয়ন খুলনা জিলা পুলিশ স্কুলে অনুষ্ঠিত হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে হলদে পাখি, গাইড, রেঞ্জার ও গাইডার সহ ১২০ জন অংশগ্রহণ করেন। গেম পরিচালনা করেন তানজিলা খাতুন ও লাবনী, রেঞ্জার, খুলনা সরকারি মহিলা কলেজ, বয়রা, খুলনা এবং খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশান আরা।

বিশ্ব চিন্তা দিবস উদ্‌যাপন ঃ বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল এর যুগ্ম জন্ম দিবস ২২ ফেব্রুয়ারি। বিশ্ব ব্যাপী গাইড সদস্যবৃন্দ তাদের জন্ম দিবসকে বিশ্ব চিন্তা দিবস হিসেবে উদ্‌যাপন ও চিন্তা দিবসের চাঁদা প্রদান করে। এ উপলক্ষে অঞ্চলের উদ্যোগে বিশ্ব চিন্তা দিবস ২২ ফেব্রুয়ারি, ২০২০ এস.ও.এস হারম্যান মেইনার, গল্লামারীতে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা বিজয়ীদের পুরস্কার হিসেবে জাতীর জনকের জন্ম শতবার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধুর জীবনাদর্শ ভিত্তিক বই প্রদান করেন আঞ্চলিক কমিশনার। স্বাগত বক্তব্য, জাতীয় কমিশনারের বাণী পাঠ, প্রতিজ্ঞা নবায়ন, চিন্তা দিবসের চাঁদা সংগ্রহ,




খুলনা অঞ্চলের উদ্যোগে বিশ্ব চিন্তা দিবস উদযাপন

ধন্যবাদ জ্ঞাপন, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ট্যাপস্ এর মধ্য দিয়ে অনুষ্ঠান সম্পন্ন হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড ও রেঞ্জার গাইডার, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্য, অফিস কর্মকর্তা ও কর্মচারী সহ ৩৫০ জন গাইড সদস্য অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

যশোর জেলা ঃ ২২ ফেব্রুয়ারি, যশোর এম.এস.টি.পি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিশ্ব চিন্তা দিবস পালন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি শাহিন আকতার, জেলা কমিশনার, বিশেষ অতিথি জনাব এ.এস.এম আব্দুল খালেদ, জেলা শিক্ষা অফিসার, যশোর জেলা সভাপতি সুরাইয়া বেগম, জেলা কোষাধ্যক্ষ উপস্থিত ছিলেন। ১২টি প্রতিষ্ঠানের গাইড, গাইডার ও সদস্য সহ ১৩০ জন অংশগ্রহণ করেন। সার্বিক সহযোগিতা করেন চাঁদ সুলতানা, সচিব, যশোর জেলা এসোসিয়েশন।

শ্রীপুর উপজেলা ঃ ২২ ফেব্রুয়ারি শ্রীপুর উপজেলায় বিশ্ব চিন্তা দিবস পালন করা হয়। প্রধান অতিথি মো. ইয়াছিন কবীর, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, মাগুরা, বিশেষ অতিথি নির্মল কুমার সাহা, অধ্যক্ষ, শ্রীপুর সরকারী কলেজ, শেখ মইদুল ইসলাম, অধ্যক্ষ, শ্রীপুর মহিলা কলেজ, মশিয়ার রহমান, চেয়ারম্যান, শ্রীপুর ইউনিয়ন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অতিথিবৃন্দকে ফুলেল শুভেচ্ছা, গাইড স্কার্ফ ও চিন্তা ব্যাজ প্রদান করা হয়। চিন্তা দিবসের বাণী পাঠ করেন মোছাঃ মর্জিনা খাতুন, স্থানীয় কমিশনার, উপজেলা শ্রীপুর মাগুরা। অনুষ্ঠানে গাইডদের কবিতা প্রতিযোগিতা, আবৃতি, সাংস্কৃতিক অনুষ্ঠান, নাচ ও গানে অংশ গ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি। অনুষ্ঠানে ২১টি মাধ্যমিক বিদ্যালয় থেকে গাইড ও গাইডার সহ ২২০জন অংশ গ্রহন করেন।

## প্রশিক্ষণ

গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ ঃ খুলনা অঞ্চলের উদ্যোগে ৫ হতে ৯ জানুয়ারি, ২০২০ পর্যন্ত কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়ে গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। কুষ্টিয়া জেলা ও উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৫৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ আসলাম হোসেন, জেলা প্রশাসক, কুষ্টিয়া। বিশেষ অতিথি ছিলেন মোঃ আজাদ জাহান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক, শিক্ষা ও আইসিটি), মোঃ জায়েদুর রহমান, জেলা শিক্ষা অফিসার। সভাপতিত্ব করেন কুষ্টিয়া জেলা কমিশনার জেব-উন-নেছা (সবুজ)। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার শিরিন গুলশান আরা। সার্বিক সহযোগিতা করেন খুলনা সরকারি কলেজের রেঞ্জার তানজিলা খাতুন।




গাইড গাইডার কোর্স প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্য প্রদান

নড়াইল জেলা ঃ ১২ হতে ১৬ জানুয়ারি পৌর মাধ্যমিক বিদ্যালয়ে গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। নড়াইল জেলা ও উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৫৪ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার।

বাগেরহাট জেলা ঃ ১৯ হতে ২৩ জানুয়ারি আদর্শ মাধ্যমিক মাধ্যমিক বিদ্যালয়ে গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে জেলা ও উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানের ৪১ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ মামুনুর রশীদ, জেলা প্রশাসক, বিশেষ অতিথি ছিলেন মোঃ কামরুজ্জামান, জেলা শিক্ষা অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যান, মোঃ খান রেজাউল ইসলাম ও রিজিয়া পারভীন। সভাপতিত্ব করেণ বাগেরহাট জেলা কমিশনার মোসাঃ ফারহানা ফেরদৌস। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার শিরিন গুলশান আরা।

মেহেরপুর জেলা ঃ ২৯ ফেব্রুয়ারি হতে ৪ মার্চ ২০২০ পর্যন্ত মেহেরপুর জেলার কবি নজরুল শিক্ষা মঞ্জিল প্রাঙ্গণে গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। জেলা ও উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানের ৪৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উদ্বোধনী দিনে সভাপতিত্ব করেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার। বিশেষ অতিথি ছিলেন মোঃ আমানউদ্দিন মন্ডল, জেলা শিক্ষা অফিসার ও প্রধান শিক্ষক, কবি নজরুল শিক্ষা মঞ্জিল। প্রশিক্ষণ পরিচালনা করেন আঞ্চলিক সেক্রেটারী ফাতেমা আজিজ, খালেদা বেগম, সদস্য ও ট্রেইনার শিরিন গুলশান আরা।

রেঞ্জার গাইডার কোর্স প্রশিক্ষণ ঃ খুলনা অঞ্চলের উদ্যোগে ২৬ হতে ৩০ জানুয়ারি, ২০২০ যশোর সরকারি এম.এম.কলেজে রেঞ্জার গাইডার কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। নড়াইল ও কুষ্টিয়া জেলার বিভিন্ন কলেজের ১৩জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার শিরিন গুলশান আরা।

বিজ্ঞ পাখি কোর্স প্রশিক্ষণ ঃ ৬ হতে ৮ জানুয়ারি, কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়, কুষ্টিয়ায় বিজ্ঞ পাখি কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ ও কুষ্টিয়া সরকারি কলেজের ৫৬জন রেঞ্জার অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার শিরিন গুলশান আরা।




বিজ্ঞ পাখি কোর্স প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষনার্থীবৃন্দ

ওরিয়েন্টেশন কোর্স ঃ হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে ২৪ ফেব্রুয়ারি, ২০২০ কুষ্টিয়া জেলার কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়ে একদিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। বিভিন্ন উপজেলার ৪৫ জন সহকারী শিক্ষিকা কোর্সে অংশগ্রহণ করেন। কুষ্টিয়া জেলার সম্মানীত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং জেলা কমিশনার জেব-উন-নিসা (সবুজ) ও আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ কোর্সে উপস্থিত ছিলেন। সেশন প্রদান করেন লায়লা আরজুমান, স্থানীয় কমিশনার, দেলোয়ারা বেগম, সদস্য।

নড়াইল জেলা ঃ ৮ মার্চ, নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে একদিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। বিভিন্ন উপজেলার ৪৫জন সহকারী শিক্ষিকা অংশগ্রহণ করেন। ওরিয়েন্টেশন কোর্স এ উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল জেলা। কোর্স এ সেশন প্রদান করেন জনাব লায়লা আরজুমান, জনাব দেলোয়ারা বেগম, সদস্য, খুলনা আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, ও ট্রেইনার শিরিন গুলশান আরা, খুলনা অঞ্চল, খুলনা।

বাগেরহাট জেলা ঃ ১০ মার্চ, বাগেরহাট জেলার দশানী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে একদিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। বিভিন্ন উপজেলার ৪৮জন সহকারী শিক্ষিকা কোর্সে অংশগ্রহণ করেন। মোঃ কবির উদ্দিন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফারহানা আক্তার, জেলা কমিশনার, ফাতেমা আজিজ, আঞ্চলিক সেক্রেটারী, লায়লা আরজুমান, স্থানীয় কমিশনার, খালেদা বেগম, সদস্য, ট্রেইনার শিরিন গুলশান আরা উপস্থিত ছিলেন।

বিজ্ঞপাখি মৌলিক প্রশিক্ষণ কোর্স ঃ ২ হতে ৬ জুন, ২০২০ পর্যন্ত হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে কুষ্টিয়া জেলার কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়ে ৫দিন ব্যাপী বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে ৪৫ জন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা অংশগ্রহণ করেন। সেশন প্রদান করেন যশোর জেলা সেক্রেটারী চাঁদ সুলতানা ও ট্রেইনার শিরিন গুলশান আরা।

নড়াইল জেলা ঃ ৯ হতে ১৩ জুন পর্যন্ত নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫দিন ব্যাপী বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে ৪৫ জন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা অংশগ্রহণ করেন। সেশন প্রদান করেন ফাতেমা আজিজ, আঞ্চলিক সেক্রেটারী ও ট্রেইনার শিরিন গুলশান আরা।

বাগেরহাট জেলা ঃ ৯ হতে ১৩ জুন পর্যন্ত দশানী মাধ্যমিক বালিক বিদ্যালয়ে ৫দিন ব্যাপী বিজ্ঞ পাখি মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন শিক্ষিকা অংশগ্রহণ করেন। সেশন প্রদান করেন লায়লা আরজুমান স্থানীয় কমিশনার ও ট্রেইনার নুরুন্নাহার।

আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সভা ঃ ৮ ফেব্রুয়ারি, ২০২০ আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সভা গাইড হাউজে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার নিভা রানী পাঠক। আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

হলদে পাখি সদস্য সংগ্রহ সপ্তাহ উদ্‌যাপন ঃ হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে ১৬, ১৭ ও ১৮ ফেব্রুয়ারি, ২০২০ যথাক্রমে কুষ্টিয়া জেলায় কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়, নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও দশানী আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বাগেরহটে হলদে পাখি সদস্য সংগ্রহ সপ্তাহ উদযাপন করা হয়। কর্মসূচীতে আঞ্চলিক কমিশনার, সংশ্লিষ্ট জেলা কমিশনারগণ, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা, হলদে পাখি, ছাত্রী, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, ট্রেইনার, অফিস স্টাফ উপস্থিত ছিলেন।

হলদে পাখি সমন্বয় সভা ঃ ২৩ ফেব্রুয়ারি, ২০২০ কুষ্টিয়া জেলার কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যসহ, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন জেলা কমিশনার। উপস্থিত ছিলেন আঞ্চলিক কার্যালয়ের অফিস স্টাফবৃন্দ।

নড়াইল জেলা ঃ ৭ মার্চ, নড়াইল সরকারি বালিকা বিদ্যালয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যসহ জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

বাগেরহাট জেলা ঃ ৯ মার্চ, বাগেরহাট জেলার দশানী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যসহ জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

মতবিনিময় সভা ঃ প্রাথমিক বিদ্যালয়ে হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে অঞ্চলের উদ্যোগে ২৩ ফেব্রুয়ারি, বাগেরহাট জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি ছিলেন জেলা প্রশাসক জনাব মোঃ মামুনুর রশিদ। নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, সহঃ শিক্ষক, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবকগণ, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটি ও অফিস স্টাফ অংশগ্রহন করেন।

কুষ্টিয়া জেলা ঃ ১৮ জুন, কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি ছিলেন মোঃ আসলাম হোসেন, জেলা প্রশাসক। নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, মোঃ ওবায়দুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক, মোঃ তবিবুর রহমান, জেলা শিক্ষা অফিসার, সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, জেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, শিক্ষকাবৃন্দ, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবকগণ, স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটি ও অফিস স্টাফ।

নড়াইল জেলা ঃ ২৭ ফেব্রুয়ারি, জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভাপতি ছিলেন, আনজুমান আরা, জেলা প্রশাসক, আঞ্চলিক কমিশনার, সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের অভিভাবকগণ, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটি ও অফিস স্টাফ।

বাজেট পর্যালোচনা ঃ ৫ মার্চ, ২০২০ জাতীয় কার্যালয়ে হলদে পাখি সম্প্রসারণ এর লক্ষ্যে কর্মসূচীর বাজেট পর্যালোচনা বিষয়ক কর্মশালায় অঞ্চল হতে মাকামী মাকসুদা, আঞ্চলিক ট্রেজারার, শিরিন গুলশানা আরা, ট্রেইনার, ও মোঃ আলিউজ্জামান, ক্লার্ক কাম টাইপিস্ট অংশগ্রহণ করেন।

হলদে পাখি কার্ণিভ্যাল ঃ অঞ্চলের উদ্যোগে হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে ১১, ১২ ও ১৩ ফেব্রুয়ারি, ২০২০ কুষ্টিয়া জেলার কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়, নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও দশানী আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বাগেরহটে হলদে পাখি কার্ণিভ্যাল অনুষ্ঠিত হয়। আঞ্চলিক কমিশনার, সংশ্লিষ্ট জেলা

কমিশনারগণ, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা, হলদে পাখি, ছাত্রী, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও অফিস স্টাফ উপস্থিত ছিলেন।

সাংগঠনিক ওয়ার্কশপ ঃ ১৪ মার্চ, ২০২০ কুষ্টিয়া জেলার কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়ে অঞ্চল পর্যায়ে সাংগঠনিক ওয়ার্কশপ করা হয়। ওয়ার্কশপে উপিস্থত ছিলেন জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

নড়াইল জেলা ঃ ১৬ মার্চ, নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অঞ্চল পর্যায়ে সাংগঠনিক ওয়ার্কশপ করা হয়। এসময় উপিস্থত ছিলেন জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীরা।

বাগেরহাট জেলা ঃ ১৯ মার্চ, দশানী আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সাংগঠনিক ওয়ার্কশপ করা হয়। এসময় উপিস্থত ছিলেন জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ।

কারিগরি ও মাদ্রাসা সংশ্লিষ্টদের নিয়ে একদিনের সেমিনার ঃ খুলনা অঞ্চলের মাগুরা জেলায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে সামাজিক দুরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে ১৫ জুন, ২০২০ একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান ছিলেন রণজিৎ কুমার মজুমদার, জেলা শিক্ষা অফিসার। সভাপতি ছিলেন লিপিকা সরকার, জেলা কমিশনার, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ ও ১৫টি মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষকবৃন্দ।



মাগুরা জেলায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে একদিনের সেমিনার অনুষ্ঠিত

বাগেরহাট জেলা ঃ বাগেরহাট জেলায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে সামাজিক দুরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে ১৫ জুন, একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে উপস্থিত ছিলেন ফারহানা আক্তার, জেলা কমিশনার, ঝিমি মন্ডল, স্থানীয় কমিশনার, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, ১৪টি মাদ্রাসা ও একটি কারিগরি প্রতিষ্ঠানের প্রধান সহ ১৫ জন শিক্ষকবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা ঃ চুয়াডাঙ্গা জেলায় ১৫ জুন, একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন নিখিল রঞ্জন চক্রবর্তী, জেলা শিক্ষা অফিসার। জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ ও ১৫টি মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষক এসময় উপস্থিত ছিলেন।সার্বিক সহযোগিতা করেন রেবেকা সুলতানা, স্থানীয় কমিশনার।

কুষ্টিয়া জেলা ঃ ১৬ জুন, কুষ্টিয়া জেলায় একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন জায়েদুর রহমান। সভাপতি ছিলেন জেব-উন-নিসা, জেলা কমিশনার, এছাড়া জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, ১৫টি মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষক উপস্থিত ছিলেন।

খুলনা জেলা ঃ খুলনা জেলায় ১৬ জুন একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, সভাপতি ছিলেন ফারহানা নাজ, জেলা কমিশনার, এছাড়া উপস্থিত ছিলেন জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ ও ১৫টি মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষক। সার্বিক সহযোগিতা করেন খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশানাআরা ও জুনিয়র ট্রেইনার নুরুন্নাহার।

নড়াইল জেলা ঃ নড়াইল জেলায় ১৬ জুন, একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন এস.এম ছায়েদুর রহমান, জেলা শিক্ষা অফিসার। নড়াইল জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ ও ১৫টি মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষক এসময় উপস্থিত ছিলেন। সার্বিক সহযোগিতা করেন সুলতানা বেগম, সম্পাদক।

মেহেরপুর জেলা ঃ মেহেরপুর জেলায় ১৬ জুন, একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন মোঃ আমানউদ্দিন মন্ডল, জেলা শিক্ষা অফিসার। জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও ১৫টি মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষক। সার্বিক সহযোগিতা করেন সানজিদা ইসলাম, প্রধান শিক্ষক, কবি নজরুল শিক্ষা মঞ্জিল।

সাতক্ষীরা জেলা ঃ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, খুলনা অঞ্চলের সাতক্ষীরা জেলায় ১৭ জুন একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান ছিলেন এস.এম আব্দুল্লাহ আল মামুন, জেলা শিক্ষা অফিসার। সহযোগিতা করেন নাসরীন খানম, জেলা সম্পাদক। জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, জেলার ১৫টি মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষক।

যশোর জেলা ঃ যশোর জেলায় ১৮ জুন, একদিনের সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন মোহাম্মদ শফিউল আরিফ, জেলা প্রশাসক, বিশেষ অতিথি ছিলেন শাম্মি ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), এ.এস.এম আব্দুল খালেক, জেলা শিক্ষা অফিসার। সভাপতি ছিলেন শাহিন আকতার, জেলা কমিশনার। যশোর জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ ও যশোর জেলার ৮টি মাদ্রাসা ও ৭টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষক এসময় উপস্থিত ছিলেন। সহযোগিতা করেন জনাব চাঁদ সুলতানা, সম্পাদক।

ঝিনাইদ জেলা ঃ ঝিনাইদহ জেলায় ১৮ জুন দিনের সেমিনার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন জেলার শিক্ষা অফিসার। সভাপতি ছিলেন তসলিমা খাতুন, জেলা কমিশনার। এসময় উপস্থিত ছিলেন জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ ও ১৫টি মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষক। সহযোগিতা করেন সালমা আক্তার, জেলা সম্পাদক।

সমষ্টির সাথে সম্পর্ক ঃ খুলনা অঞ্চলের বাগেরহাট জেলায় ১০ জানুয়ারি, ২০২০ বাগেরহাট কেন্দ্রীয় শহীদ মিনার চত্তর বাগেরহাট জেলা কমিটির উদ্যোগে উপজেলা প্রশাসন প্রাঙ্গনে জাতির জনক শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবর্ষ উপলক্ষে ক্ষণগননার দিনে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে মজিববর্ষ উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ মামুনুর রশীদ, জেলা প্রশাসক, বাগেরহাট জেলা। গাইড, গাইডার, গাইড সদস্য ও কমিশনার সহ ৫০ জন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

জন্ম শতবার্ষিকী উপলক্ষে র‌্যালি ঃ কুষ্টিয়া সরকারি কলেজে ১০ জানুয়ারি কলেজ চত্বরে জাতির জনক শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবর্ষ উপলক্ষে রেঞ্জার ইউনিটের বর্ণাঢ্য র‌্যালি অনুষ্ঠিত হয়। র‌্যালির তত্ত্বাবধায়ন করেন মোছাঃ ফিরোজা খাতুন, রেঞ্জার গাইডার। রেঞ্জার ও রেঞ্জার গাইডার সহ র‌্যালিতে ৩০ জন অংশগ্রহণ করেন।


জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উপলক্ষে মুজিববর্ষ উদ্‌যাপন

জন্ম শতবাষির্কী **উদ্‌যাপন** ঃ মাগুরা জেলার শ্রীপুর উপজেলার বিভিন্ন অনুষ্ঠানের মধ্যদিয়ে ১১ জানুয়ারি উপজেলা প্রশাসন চত্বর, শ্রীপুর মাগুরায় জাতির জনক শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উপলক্ষে মুজিববর্ষ উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এ্যাডভোকেট মোঃ সাইফুজ্জামান শিখর। শ্রীপুর স্থানীয় কমিশনার মর্জিনা খাতুন, গাইড, গাইডার সহ ১৫০ জন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

**স্কুল ড্রেস বিতরণ** ঃ ১৫ জানুয়ারি, ২০২০ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে খুলনা অঞ্চল আঞ্জুমান আরা শিশু বিকাশ বিদ্যাপীঠ ও প্রতিবন্ধী স্কুলের ছাত্রছাত্রীদের মাঝে স্কুল ড্রেস বিতরণ করে। আঞ্চলিক কমিশনার, সেক্রেটারী ও আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্য অনুষ্ঠানে এসময় উপস্থিত ছিলেন ।



প্রতিবন্ধী স্কুলের ছাত্রছাত্রীদের মাঝে স্কুল ড্রেস বিতরণ

বিশ্ব ক্যান্সার দিবস পালন ঃ বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন মাগুরা জেলার শ্রীপুর উপজেলা আয়োজিত উপজেলা প্রশাসনের সহযোগীতায় খামারপাড়া পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, শ্রীপুর, মাগুরায় গত ০৪ ফেব্রুয়ারী ২০২০ তারিখ বিশ্ব ক্যান্সার দিবস পালন করা হয়। উক্ত কর্মসূচীতে প্রতিষ্ঠানের গাইড, গাইডারসহ মোট ৩০ জন অংশ গ্রহন করে।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন ঃ মাগুরা জেলার শ্রীপুর সহ সকল উজেলায় ২১ ফেব্রুয়ারি, ২০২০ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন কর্মসূচীতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গাইড, গাইডার ও গাইড সদস্য সহ ৫০ জন অংশ গ্রহন করে।

খুলনা অঞ্চল ঃ ২১ ফেব্রুয়ারি প্রভাত ফেরীর মাধ্যমে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনা করা হয়। প্রভাত ফেরীতে গাইড, রেঞ্জার, গাইডার, খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশানা আরা ও অফিস কর্মচারী সহ ১০০ জন অংশগ্রহণ করেন।

জাতীয় ভোটার দিবস উদ্‌যাপন ঃ ২ মার্চ, ২০২০ জাতীয় নির্বাচন কমিশন অফিস আয়োজিত র‌্যালীতে খুলনা জেলার বিভিন্ন স্কুলের ১১০ জন গাইড ও ৭ জন গাইডার অংশগ্রহণ করেন।

আন্তর্জাতিক নারী দিবস ঃ ৪ মার্চ, ২০২০ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে খুলনা পাবলিক হল চত্বরে মহিলা বিষয়ক অধিদপ্তর আয়োজিত মানববন্ধব বন্ধন কর্মসূচীতে খুলনা সরকারি মহিলা কলেজ হতে ১৫ জন, সরকারি সুন্দরবন আদর্শ কলেজের ৫ জন, খুলনা সিটি কলেজের ৫ জন, সরকারি ইকবাল মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ২০ জন গাইড ও অফিস স্টাফ সহ ৬০ জন অংশগ্রহান করেন।

৬ মার্চ, আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র‌্যালি অনুষ্ঠিত হয়। র‌্যালি উদ্ধোধন করেন তালুকদার আব্দুল খালেক, মেয়র, খুলনা সিটি কর্পোরেশন ও মোহাম্মদ হেলাল হোসেন, জেলা প্রশাসক, খুলনা। র‌্যালি খুলনা নিউ মার্কেট চত্ত্বর হতে শুরু হয়ে পাবলিক হলে এসে শেষে হয়। র‌্যালি শেষে খুলনা পাবলিক হলে আলোচনা সভা অনুষ্ঠিত

হয়। সভায় অঞ্চল হতে ৫টি কলেজের রেঞ্জার, গাইডার ও আঞ্চলিক কার্যালয়ের অফিস স্টাফ সহ ৫০ জন অংশগ্রহণ করেন। কর্মসূচীতে নেতৃত্ব দেন আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের রেঞ্জারগণ।

১০ মার্চ, নারী দিবস উপলক্ষে অঞ্চলের উদ্যোগে বিভিন্ন স্কুলের হলদেপাখিদেও নিয়ে পাবলিক হলে চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় ৫০ জন হলদে পাখি অংশগ্রহণ করে। আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্য মনোয়ারা বেগম প্রতিযোগিতা পরিচালনা করেন ।

কর্মসূচীতে অংশগ্রহণ ঃ ১০ মার্চ, ২০২০ দিনের অপরাহ্নে বি.এস.সি মাধ্যমিক বিদ্যালয়, বাগেরহাটে রোটারী ক্লাব-এর আয়োজনে প্রতিষ্ঠানের গাইড ও অন্য ছাত্র ছাত্রীদের মাঝে Servic Project School Kits Distribution কর্মসূচী অনুষ্ঠিত হয়। ফাতেমা আজিজ, আঞ্চলিক সেক্রেটারী, লায়লা আরজুমান, স্থানীয় কমিশনার, খালেদা বেগম, সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, ফারহানা আক্তার জেলা কমিশনার, বাগেরহাট জেলা, ঝিমি মন্ডল, স্থানীয় কমিশনার, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, শিরিন গুলশান আরা, ট্রেইনার কর্মসূচীতে উপস্থিত ছিলেন।

মুজিব বর্ষ পালন ঃ যশোর জেলার কেশবপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ৮ মার্চ, ২০২০ জাতীর জনক শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষিকী উদ্‌যাপন উপলক্ষে মুজিববর্ষ পালন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ আব্দুল মান্নান, প্রধান শিক্ষক, কেশবপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়। অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানের গাইড, গাইডার ও সদস্য সহ ১০০ জন উপস্থিত ছিলেন।

মাগুরা জেলার শ্রীপুর উপজেলা ঃ মাগুরা জেলার শ্রীপুর উপজেলা প্রশাসনের সহযোগীতায় খামারপাড়া পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, শ্রীপুর, মাগুরায় ১০ মার্চ, জাতীর জনক শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষিকী উদ্‌যাপন উপলক্ষে পিঠা মেলা অনুষ্ঠিত হয়। মেলায় কেক কেটে উদ্বোধন করেন মাগুরা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি ও শিক্ষা) মোঃ ফরিদ হোসেন। কর্মসূচীতে প্রতিষ্ঠানের গাইড, গাইডারসহ ১০০ জন অংশ গ্রহন করেন।

খুলনা অঞ্চল ঃ হলদে পাখি সম্প্রসরণের লক্ষ্যে অঞ্চলের উদ্যোগে ১২ মার্চ, ২০২০ খুলনার এস.ও.এস হারম্যান মেইনর স্কুলে জাতীর জনক শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষিকী উদ্‌যাপন উপলক্ষে হলদে পাখিদেও মনোজ্ঞ সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, এবং বিশেষ অতিথি ছিলেন বাবু ইন্দ্রজিত কুমার মন্ডল, অধ্যক্ষ, এস.ও.এস হারম্যান মেইনর স্কুল। অনুষ্ঠানের বিভিন্ন প্রতিষ্ঠানের হলদে পাখি, বিজ্ঞ পাখি, রেঞ্জার, সদস্য, কমিশনার সহ ৩০০ জন অংশ গ্রহন করে।

কৃষকদের ধান কাটায় সহযোগিতা প্রদান ঃ কভিট-১৯ মোকাবেলায় ৩০ এপ্রিল, ২০২০ বাগেরহাট জেলার বিভিন্ন স্কুলের গাইড, গাইডার এবং জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ কৃষকদের ধান কাটায় সহয়োগিতা করে।


বৃক্ষরোপণ কর্মসূচী ঃ খুলনা অঞ্চলের উদ্যোগে ১৫ জুন, ২০২০ হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে জেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখিদের মাঝে ফলদ, বনজ ও ঔষধী গাছের চারা বিতরণ করা হয়। এসময় আঞ্চলিক কমিশনার, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্য ও অফিস স্টাফরা উপস্থিত ছিলেন।

ত্রান বিতরণ ঃ কভিট-১৯ মোকাবেলায় মাগুরা জেলার সহযোগিতায় শ্রীপুর উপজেলার বিভিন্ন মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের দরিদ্র শিক্ষার্থী ও দুস্থ মহিলাদের মধ্যে ২২ জুন, ২০২০ ৫৮ জন দরিদ্র শিক্ষার্থী ও ৫ জন দুস্থ মহিলার মধ্যে শিক্ষা সামগ্রীসহ ত্রাণ বিতরণ করা হয়। কার্যক্রমে প্রধান অতিথি ছিলেন মোঃ ইয়াছিন কবির, উপজেলা নির্বাহী অফিসার। মশিয়ার রহমান চেয়ারম্যান, শ্রীপুর সদর ইউনিয়ন, শামীমুল ইসলাম, প্রধান শিক্ষক শ্রীপুর সরকারী এম সি পাইলট মাধ্যমিক বিদ্যালয়, মোছাঃ মর্জিনা খাতুন স্থানীয় কমিশনার, খান পাপিয়া ফেরদৌস, স্থানীয় কমিটির কোষাধ্যক্ষ, কার্যনির্বাহী কমিটি সদস্য এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গাইড, শিক্ষকবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।



মাগুরা জেলার সহযোগিতায় ত্রান বিতরন কর্মসূচি পালন

যশোর জেলা ঃ কভিট-১৯ মোকাবেলায় যশোর জেলার উদ্যোগে গাইড হাউজে ১৩ মে, ১২ জন দরিদ্রের মাঝে এক হাজার টাকা করে বার হাজার টাকা আর্থিক সহায়তা কর্মসূচী পালন করা হয়। এসময় উপসিস্থ ছিলেন যশোর জেলা কমিশনার, জেলা ও স্থানীয় কমিটির সদস্য বৃন্দ।



অসুস্থ ব্যক্তির জন্য সম্ভব হলে পলিথিন দেওয়া ময়লার ঝুড়ি নির্দিষ্ট করে দিবেন। ময়লা সরানো এবং ফেলে দেওয়ার সময় গ্লাভস ব্যবহার করবেন।




করোনায় গাইড সদস্যরা সচেতনতামূলক প্রচারণা চালায়

খাদ্য সহায়তা কর্মসূচী পালন ঃ কভিট-১৯ মোকাবেলায় বাগেরহাট জেলার উদ্যোগে ১৭ জুন, ২০২০ খাদ্য সহায়তা কর্মসূচী পালন করা হয়। বাগেরহাট জেলা প্রশাসনের সহায়তায় ৬২ জন গাইড শিক্ষার্থীর মাঝে এক কেজি চাল, ডাল ও আলু  প্রদান করা হয়। অনুষ্ঠানে মোঃ কামরুল ইসলাম (এডিসি জেনারেল) বাগেরহাট জেলা এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট সহ জেলা গাইড কমিশনার, স্থানীয় কমিশনার, জেলা ও স্থানীয় কমিটির সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন। এসময় উপস্থিত সকলকে করোনা মোকাবেলায় মাস্ক প্রদান করা হয়।

দীক্ষাদান, সদস্য সংখ্যা ঃ খুলনা অঞ্চলে জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত গাইড, রেঞ্জার, গাইডার ও গাইড সদস্য সহ ৬৬৯ জনকে দীক্ষা দেয়া হয়।

## ময়মনসিংহ অঞ্চল

শিক্ষাশ্রয়ী কর্মসূচি ঃ স্থানীয় ডে ক্যাম্প ঃ নেত্রকোনা ঃ নেত্রকোনা জেলায় ১৮ জানুয়ারি, ২০২০ ১৭তম স্থানীয় ডে ক্যাম্প চন্দ্রনাথ উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। কর্মসূচির মধ্যে ছিলো গ্যাজেট তৈরী, তাঁবু উত্তোলন, তাঁবু জলসা অনুষ্ঠান। অগ্নি প্রজ্জ্বলনের মধ্যদিয়ে তাঁবু জলসা অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন হাবিবা রহমান খান, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন ও জেলা কমিশনার, নেত্রকোনা জেলা। বিশেষ অতিথি ছিলেন মোছাঃ ছাবিহা সুলতানা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও প্রধান উপদেষ্টা, নেএকোনা জেলা গার্ল গাইডস এসোসিয়েশন। সভাপতিত্ব করেন, মাসুদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোনা সদর ও প্রধান উপদেষ্টা, স্থানীয় গার্ল গাইডস এসোসিয়েশন। সমন্বয়কের দায়িত্ব পালন করেন, ফেরদৌস আরা ইয়াসমিন, স্থানীয় কমিশনার, নেত্রকোনা সদর।

হলদে পাখীদের সদস্য সপ্তাহ সংগ্রহ ঃ ২ ফেব্রুয়ারি, ২০২০ হলদে পাখীদের নিয়ে বর্নাঢ্য র‌্যালী অনুষ্ঠিত হয়। র‌্যালীতে ময়মনসিংহ অঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখী, বিজ্ঞপাখী, জেলা গাইড কমিশনার, স্থানীয় কমিশনার, অঞ্চলের কার্যনির্বাহী কমিটির সদস্য ও অফিস স্টাফ উপস্থিত ছিলেন। মহিলা সমিতি উদয়ন উচ্চ বিদ্যালয় হতে প্রদক্ষিন করে টাউন  হল মোড়ে গিয়ে র‌্যালী শেষ হয়।

বিশ্ব চিন্তা দিবস ঃ ময়মনসিংহ অঞ্চলের উদ্যোগে বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস্ সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডি ওলেভ ব্যাডেন পাওয়েল এর যুগ্ম জন্মদিবস উপলক্ষে ২২ ফেব্রুয়ারি, ২০২০ বিশ্ব চিন্তা দিবস মহিলা সমিতি উদয়ন উচ্চ বিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন প্রফেসর মোঃ আজহারুল হক, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। বিশেষ অতিথি ছিলেন নাছিমা আক্তার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ও শামছুন্নাহার বেগম, সাধারণ সম্পাদক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার। পবিত্র ধর্ম গ্রন্থ পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। হলদে পাখি, গাইড ও রেঞ্জাররা জাতীয় সংগীত, বিশ্ব সংগীত পরিবেশন ও গার্ল গাইডের তিন শাখার প্রতিজ্ঞা নবায়ন করেন। বিশ্ব চিন্তা দিবসের গাইড বাণী পাঠ করেন ইসতেয়ারা হোসেন, ট্রেইনার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন মালেকা পারভীন, কোষাধ্যক্ষ, ময়মনসিংহ অঞ্চল। হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ, সাংবাদিকবৃন্দ, অফিস স্টাফ ও অন্যান্য অতিথিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সভাপতির বক্তব্য ও জন্মদিন উদ্‌যাপনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

নৈপুণ্য সূচক ব্যাজের পরীক্ষা, মাদারগঞ্জ : ২২ ফেব্রুয়ারি, ২০২০ বালিঝুড়ী রওশন আরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে হাতের কাজ, রাঁধুনী এবং গৃহ নিপূনতার উপরে নৈপুণ্য সূচক ব্যাজের পরীক্ষা অনুষ্ঠিত হয়। জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলা হতে ২০০ জন গাইড পরীক্ষায় অংশ গ্রহণ করে।

পুরাতন হলদে পাখীদের নৈপুণ্য সূচক ব্যাজের পরীক্ষা ঃ ১৭ জুন, ২০২০ ময়মনসিংহ অঞ্চলের হলদে পাখী বিষয়ক কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে পুরাতন হলদে পাখীদের নৈপূন্য সূচক ব্যাজের পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রাথমিক চিকিৎসা ও সংগ্রহকারী বিষয়ে অভিজ্ঞ প্রশিক্ষকদের সহযোগিতায় প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে সকলে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহন করে।

হলদে পাখী কার্নিভাল, নেএকোনা জেলা ঃ ১৪ মার্চ, ২০২০ নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে হলদে পাখিদের কার্নিভাল অনুষ্ঠিত হয়। পবিত্র ধর্ম গ্রন্থের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। স্বাগত বক্তব্য পাঠ দেন ফেরদৌস আর ইয়াসমিন, স্থানীয় কমিশনার, নেত্রকোনা সদর। রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার ফেস্টুন উড়িয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন। হলদে পাখিদের নৌকা যাত্রার চ্যালেঞ্জের উপর ভিত্তি করে বিভিন্ন প্রোগ্রামের আয়োজন করা হয়। তার মধ্যে ছিল কাগজের ফুল তৈরী, নকশা তৈরী এবং বিভিন্ন ছবি অংকন করা। শেষে হলদে পাখিদের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অনষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ, বিজ্ঞপাখিগণ, জেলা ও স্থানীয় গাইড কমিশনার ও

গাইড সদস্য, অঞ্চলের কার্যনির্বাহী কমিটির সদস্য, অফিস স্টাফ ।

শেরপুর জেলা ঃ ১৬ মার্চ, শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে একই কার্যক্রমের উপর ভিত্তি করে হলদে পাখিদের কার্নিভাল অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ ঃ বিজ্ঞপাখীদের এক দিনের ওরিয়েন্টেশন, নেত্রকোনা জেলা ঃ ১৫ ফেব্রুয়ারি, ২০২০ নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞপাখীদের একদিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। জেলার সদর ও বিভিন্ন উপজেলার ২০টি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রশিক্ষণার্থী ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণ করেন। রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন। প্রশিক্ষণে স্থানীয় কমিশনার, জেলা ও স্থানীয় গাইড সদস্য, আঞ্চলিক অফিসের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। ট্যাপসের মধ্যদিয়ে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষনা করা হয়।

শেরপুর জেলা ঃ ২৭ ফেব্রুয়ারি, শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে একই কার্যক্রমের উপর ভিত্তি করে একদিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়।

বিঞ্জ পাখীদের মৌলিক প্রশিক্ষণ, নেত্রকোনা জেলা ঃ ১৬ হতে ২০ ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত হলদে পাখী বিষয়ক কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। নেত্রকোনা জেলা সদর ও বিভিন্ন উপজেলা হতে ২০টি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার, শামছুন্নাহার বেগম, সাধারন সম্পাদক, মালেকা পারভীন, আঞ্চলিক কোষাধ্যক্ষ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এবং প্রশিক্ষনার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন আঞ্চলিক কমিশনার। ট্যাপসের মধ্যদিয়ে প্রশিক্ষনের সমাপ্তি ঘোষনা করা হয়।

শেরপুর জেলা ঃ ২৮ ফেব্রুয়ারি হতে ৩ মার্চ পর্যন্ত একই কার্যক্রমের উপর ভিত্তি করে শেরপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গঠন কাঠামো ও ব্যবস্থাপনা, সমন্বয় সভা, নেত্রকোনা জেলা ঃ ১১ মার্চ, ২০২০ হলদে পাখী কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। পবিত্র ধর্ম গ্রন্থ পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। রওশন আরা খান, শামছুন্নাহার বেগম, মালেকা পারভীন, জেলা ও স্থানীয় কমিটির সদস্য, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ ও ট্রেইনার সভায় উপস্থিত ছিলেন।

শেরপুর জেলা ঃ ১২ মার্চ, একই কার্যক্রমের উপর ভিত্তি করে শেরপুরে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সাংগঠনিক ওয়ার্কসপ, নেত্রকোনা জেলা ঃ ১৪ মার্চ, ২০২০ নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। আঞ্চলিক কমিশনার, সাধারণ সম্পাদক, প্রাথমিক বিদ্যালয়ের প্রধানগণ, জেলা ও স্থানীয় কার্য নির্বাহী কমিটির সদস্য, গাইড সদস্য ও অঞ্চলের অফিস স্টাফ উপস্থিত ছিলেন।

শেরপুর জেলা ঃ ১৫ মার্চ শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে সাংগঠনিক ওয়ার্কসপ অনুষ্ঠিত হয়।

মত বিনিময় সভা, নেত্রকোনা জেলা ঃ ১৫ জুন, ২০২০ নেত্রকোনা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন আবদুল্লাহ আল মাহামুদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোনা জেলা। হাবিবা রহমান, জেলা কমিশনার, সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ, জেলা কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন উপজেলার স্থানীয় গাইড কমিশনার, প্রধান শিক্ষকবৃন্দ ও অভিভাবকবৃন্দ, অঞ্চলের কর্মকর্তা ও কর্মচারী সভায় উপস্থিত ছিলেন।



নেত্রকোনা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত মত বিনিময় সভায় প্রধান অতিথির সাথে গাইড সদস্যবৃন্দ

শেরপুর জেলা ঃ ২১ জুন, শেরপুর জেলার বি, আর. টি. বি হল রুমে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন মোঃ ফিরোজ আল মামুন, ইউ, এন ও, শেরপুর সদর উপজেলা। বিশেষ অতিথি ছিলেন, নূরুল আলম ভুঁঞা, এডিপিইও, শামছুন নাহার, উপজেলা শিক্ষা অফিসার। জেলা ও স্থানীয় গাইড কমিশনার, কোষাধ্যক্ষ, জেলা কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন উপজেলার স্থানীয় গাইড কমিশনারবৃন্দ, প্রধান শিক্ষকবৃন্দ, অভিভাবকবৃন্দ অঞ্চলের অফিস স্টাফ উপস্থিত ছিলেন।



শেরপুর জেলায় অনুষ্ঠিত মত বিনিময় সভায় প্রধান অতিথির সাথে গাইড সদস্যবৃন্দ

কারিগরি ও মাদ্রাসায় সেমিনার ঃ দেশের সকল কারিগরী ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে দ্রুত গাইডিং কার্যক্রম সম্প্রসারণের

লক্ষ্যে কারিগরী ও মাদ্রাসা সংশ্লিষ্টদের নিয়ে ময়মনসিংহ অঞ্চলের ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলায় একযোগে ২০, জুন, ২০২০ জেলা কমিশনারদের সহযোগিতায় সেমিনার/কনফারেন্স অনুষ্ঠিত হয়। সেমিনার/কনফারেন্সে কারিগরি ও মাদ্রাসার প্রিন্সিপাল ও প্রধান শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

সমষ্ঠির সাথে সম্পর্ক, ২১ ফেব্রুয়ারি উদযাপন ঃ আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ময়মনসিংহ অঞ্চলের গাইড, গাইডার ও কমিশনারসহ প্রভাত ফেরীর মধ্যদিয়ে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। অন্যান্য জেলা ও উপজেলাও যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়।

৭ মার্চ উদযাপন ঃ যথাযথ মর্যাদায় ৭ মার্চ, ২০২০ গাইড হাউজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ-এর তাৎপর্য তুলে ধরে আঞ্চলিক কার্য নির্বাহী কমিটির সদস্য, গাইড এবং গাইডাররা দিবসটি পালন করে।

৮ মার্চ উদযাপন ঃ ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস গাইড এবং গাইডার ও আঞ্চলিক কার্য নির্বাহী সদস্যদের সমন্বয়ে যথাযথ মর্যাদায় গাইড হাউজে পালন করা হয়।

১৭ মার্চ উদযাপন ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ১৭ মার্চ অঞ্চলের কার্য নির্বাহী কমিটির সদস্য, গাইড ও গাইডারদের সমন্বয়ে গাইড হাউজে যথাযথ মর্যাদায় পালন করা হয়। শিক্ষার্থীদের নিয়ে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অঞ্চলের বিভিন্ন উপজেলার গাইড, হলদে পখি ও রেঞ্জারগণ অংশগ্রহন করে।

শীতবস্ত্র বিতরণ ঃ ২ জানুয়ারি, ২০২০ ময়মনসিংহ সদর উপজেলা, জেলা ও ময়মনসিংহ অঞ্চল গরীব, দুঃস্থ ও শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করে। প্রধান অতিথি ছিলেন খোন্দকার মোস্তাফিজুর রহমান, এনডিসি, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ ও প্রধান উপদেষ্টা, ময়মনসিংহ অঞ্চল। অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, আঞ্চলিক সেক্রেটারী, অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার।

বৃক্ষরোপন কর্মসূচি, শেরপুর জেলা ঃ ১২ জুন, ২০২০ শেরপুর জেলায় রামের চর উচ্চ বিদ্যালয়ে বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোঃ শফিউল বাসার, জেলা শিক্ষা অফিসার শেরপুর জেলা। ঐদিন বিদ্যালয় প্রাঙ্গনে ফলদ, বনজ ও ঔষধি বৃক্ষরোপন করা হয়। গাইড সদস্যবৃন্দ, অঞ্চলের সাধারণ সম্পাদক, কোষধ্যক্ষ, জেলা গাইড কমিশনার, জেলা কমিটির সদস্যবৃন্দ, হলদে পাখির দল কর্মসূচিতে অংশগ্রহন করেন।

তাছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত হলদে পাখিদের ফলজ, বনজ ও ঔষধি গাছ নিজ নিজ বিদ্যালয়ে প্রাঙ্গনে রোপন করার জন্য বিতরণ করা হয়।



শেরপুর জেলায় রামের চর উচ্চ বিদ্যালয়ে বৃক্ষরোপন কর্মসূচি পালন

নেত্রকোনা জেলা ঃ ১৫ জুন, বৃক্ষরোপন নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে ফলদ, বনজ ও ঔষধি বৃক্ষরোপন করা হয়। ঐদিন বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত হলদে পাখিদের ফলজ, বনজ ও ঔষধি গাছ নিজ নিজ বিদ্যালয়ে প্রাঙ্গনে রোপন করার জন্য বিতরণ করা হয়।

ব্যক্তিগত স্বাস্থ্য,পরিচ্ছন্নতা ও ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষন, ময়মনসিংহ সদর ঃ ১৭ জুন, ২০২০ ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ মহিলা সমিতি উদয়ন উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার, স্থানীয় কমিশনার, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় থেকে ২০০ হলদে পাখী, বিজ্ঞপাখী ও কার্য নির্বাহী কমিটির সদস্যগণ এবং অঞ্চলের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও কোভিড ১৯-এর সচেতনতামূলক বক্তব্য তুলে ধরে প্রশিক্ষণ প্রদান করেন ডাঃ রাশনা শারমিন (সহকারী সার্জন)। ট্রাফিক সিগন্যাল, রাস্তা পারাপার, ওভার ব্রীজ ব্যবহার ইত্যাদি সমন্ধে ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করেন ফারুক হোসেন, সার্জন (ট্রাফিক) ময়মনসিংহ সদর।



নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে বৃক্ষরোপন কর্মসূচি পালন

শেরপুর জেলা ঃ ১৪ জুন, শেরপুর জেলায় শিশুপাচার, ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা এবং ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মো. শফিউল বাসার, সহকারী পরিদর্শক, শেরপুর জেলা, সাধারণ সম্পাদক, বিভিন্ন বিদ্যালয় হতে হলদে পাখির দল ও জেলা স্থানীয় কমিটিরি সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ট্রাফিক সচেতনতার উপর প্রশিক্ষণ দেন আলমগীর হোসেন টি .আই এ্যাডমিন (ট্রাফিক) এবং ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার উপর সেশন প্রদান করেন ডাঃ হীরা নাসরিন।

নেত্রকোনা জেলা ঃ ১৫ জুন নেত্রকোনা জেলায় শিশুপাচার, ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা ও ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষন অনুষ্ঠিত হয়। হাবিবা রহমান খান, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন ও জেলা কমিশনার, নেত্রকোনা জেলা, সাধারণ সম্পাদক, বিভিন্ন বিদ্যালয় হতে হলদে পাখির দল, জেলা ও স্থানীয় কমিটিরি সদস্যবৃন্দ প্রশিক্ষনে উপস্থিত ছিলেন। ট্রাফিক সচেতনতার উপর সেশন প্রদান করেন আবু নায়েক মোঃ জসিম এবং ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার উপর সেশন প্রদান করেন ডঃ বিপাশা মজুমদার (সহকারী সার্জন) আধুনিক সদর হাসপাতাল, নেত্রকোনা সদর ।

ত্রান বিতরন ঃ ২৯ এপ্রিল, ২০২০ কলমাকান্দা উপজেলা গার্ল গাইড ও বাংলাদেশ শিক্ষক সমিতির যৌথ উদ্যেগে হতদরিদ্র শিক্ষার্থী পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন সাংসদ মানু মজুমদার, কলমাকান্দা, দূর্গাপুর ১৫৭/১ নেত্রকোনা। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা অফিসার, আওয়ামী লীগের সভাপতি সহ বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানগণ এসময় উপস্থিত ছিলেন।

## রাজশাহী অঞ্চল

### আঞ্চলিক গাইড ক্যাম্প

২৩ হতে ২৭ জানুয়ারি, ২০২০ আঞ্চলিক গাইড ক্যাম্প রাজশাহী গাইড হাউজে অনুষ্ঠিত হয়। ক্যাম্পের থিম ছিল 'আত্মোন্নয়নে সেবা ও নেতৃত্ব বিকাশে গার্ল গাইডিং'। ক্যাম্পে গাইডদের **স্বাস্থ্যবিষয়ক, অটিজম বিষয়ক**, কারাত, অগ্নী নির্বাপন ও গ্যাজেট তৈরীর সেশন প্রদান করা হয়। গাইড, গাইডার, সদস্য ,কমিশনার ও ট্রেইনারসহ ৪০০ জন **ক্যাম্পে** অংশগ্রহণ করেন ।

২৪ জানুয়ারি প্রধান অতিথি ড. মোঃ মোয়াজ্জেম হোসেন, সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী, ক্যাম্পের উদ্বোধন করেন। বিশেষ অতিথি ছিলেন ড. শরমিন ফেরদৌস চৌধুরী, উপ পরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ও মোহাঃ নাসির উদ্দিন, জেলা শিক্ষা অফিসার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিরাজুম মুনিরা, আঞ্চলিক কমিশনার।

২৬ জানুয়ারি প্রধান অতিথি ড. মোঃ আব্দুল মান্নান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজশাহী ও বিশেষ অতিথি মোঃ কামারুজামান, অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, রাজশাহী ও উপদেষ্টা, রাজশাহী, তাঁবু জলসার উদ্বোধন করেন। অনুষ্ঠানে গাইডরা মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন । শেষে ট্যাপস এর মাধ্যমে ক্যাম্পের সমাপ্তি ঘোষনা করা হয় ।




তাঁবু জলসা অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ



অগ্নী নির্বাপন প্রশিক্ষণ গ্রহণে ব্যস্ত গাইডরা

**কোম্পানী ক্যাম্প ঃ** ৩১ জানুয়ারি, ২০২০ রাজশাহী জেলার খাদেমুল ইসলাম বালিকা বিদ্যালয় ও কলেজে এক দিনের ডে ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পে প্রধান অতিথি ছিলেন প্রতিষ্ঠানের সভাপতি এডভোকেট মোঃ আব্দুল হাদী, বিশেষ অতিথি ছিলেন সিরাজুম মুনিরা, আঞ্চলিক কমিশনার ও মমতাজ জাহান বেগম, আঞ্চলিক সেক্রেটারী। ক্যাম্পে ৮০ জন অংশগ্রহণ করেন।

**এক্সচেঞ্জ প্রোগ্রাম ঃ** ৭ হতে ৯ ফেব্রুয়ারি, ২০২০ রাজশাহী জেলার রেঞ্জারদের নিয়ে এক্সচেঞ্জ প্রোগ্রাম হিসেবে সিলেট গমন করেন । এর অংশ হিসেবে সিলেট অগ্রগামী সরকারি স্কুল এন্ড কলেজে সিলেট ও রাজশাহী অঞ্চলের রেঞ্জারগণ একত্রে মিলিত হন এবং তারা তাদের কার্যক্রম ও আন্তর্জাতিক প্রোগ্রামে অংশগ্রহণের অভিজ্ঞতা বর্ননা করেন । রাজশাহী ও সিলেটের গাইড সদস্যগণ উপস্থিত ছিলেন। সিলেটের হযরত শাহজালাল (রাঃ) এর পবিত্র মাজার শরীফ, জাফলং, বিছানাকান্দি, চা বাগান পরিদর্শন করা হয়। রেঞ্জার, গাইডারসহ ৪৪ জন অংশগ্রহন করেন ।




এক্সচেঞ্জ প্রোগ্রামে সিলেট ও রাজশাহী অঞ্চলের রেঞ্জারগণ

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভষা দিবস পালন ঃ ২১ ফেব্রুয়ারি, ২০২০ অঞ্চলের উদ্যোগে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়। রাজশাহী গাইড হাউজ হতে ব্যানার ও ফুলের স্তবকসহ হলদে পাখি,গাইড, রেঞ্জার, গাইডার, সদস্য, ট্রেইনার ও অফিস স্টাফসহ ১২০ জন প্রভাত ফেরীতে অংশ গ্রহণ করেন এবং রেল ভবনের শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন করেন। পরে গাইড হাউজ প্রাঙ্গনে হলদে পাখি, গাইড, রেঞ্জারদের মাঝে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ২০০ জন।



রেঞ্জারদের শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন

## বিশ্ব চিন্তা দিবস পালন

২২ ফেব্রুয়ারি, ২০২০ রাজশাহী গাইড হাউজে বিশ্ব গার্ল গাইডস এবং গার্ল স্কাউট সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল ও লেডি বেডেন পাওয়েল এর যুগ্ন জন্ম দিবস উপলক্ষে বিশ্ব চিন্তা দিবস পালন করা হয়। এবার চিন্তা দিবসের থিম খরারহম এঞযৎবধফং. অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর মোহাঃ মোকবুল হোসেন, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। বিশেষ অতিথি ছিলেন আবুল কালাম আজাদ, বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ। প্রধান অতিথি কেক কেটে বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠান উদ্বোধন ঘোষনা করেন। বিশ্ব চিন্তা দিবসের বাণী পাঠ, তিন শাখার প্রতিজ্ঞানবায়ন, চিন্তা দিবসের চাঁদা সংগ্রহ, অতিথিদের বক্তব্যের মাধ্যমে **প্রথম পর্বের সমাপ্ত হয়। পরে** আলোচনা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। হলদেপাখি, গাইড, রেঞ্জার, গাইডার, সদস্য, কমিশনার, ট্রেইনার ও অফিস স্টাফসহ ৪০০ জন অংশগ্রহণ করেন। ট্যাপস এর মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার।



প্রধান অতিথি কেক কেটে অনুষ্ঠানের সূচনা করেন



বিশ্ব চিন্তা দিবস অনুষ্ঠানে অতিথিদের সাথে গাইড সদস্যবৃন্দ

নাটোর ঃ ২৩ ফেব্রুয়ারি নাটোর জেলা শাখা, জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত ছয়দিন ব্যাপী বই মেলায় গাইড বোনেরা অংশগ্রহণ করেন। বিশ্ব চিন্তা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস রচনা প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে ১৫ টি বিদ্যালয়ের গাইডরা অংশগ্রহণ করে। তাদের মাঝে পুরস্কার বিতরণ করেন নাটোর জেলা প্রশাসক মো ঃ শাহরিয়াজ, পি এ এ।

**স্থানীয় ডে ক্যাম্প** ঃ ১ মার্চ, ২০২০ নাটোর, সিংড়া উপজেলায় এক দিনের ডে ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পে বিভিন্ন প্রতিষ্ঠান হতে ২৫০ জন গাইডসহ গাইডার, সদস্য অংশগ্রহণ করেন। তাঁবু জলসা অনুষ্ঠানে নাটোর জেলা প্রসাশক সহ রাজশাহীর জেলা গাইড কমিশনার, নাটোর জেলা গাইড কমিশনার, সিংড়া উপজেলার স্থানীয় কমিশনার সহ গাইড সদস্যগণ উপস্থিত ছিলেন। ট্যাপস এর মাধ্যমে ক্যাম্পের সমাপ্তি ঘোষনা করা হয়।

বাগমারা ঃ ৭ থেকে ১১ মার্চ, বাগমারা উপজেলার চাঁনপাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ে স্থানীয় গাইড ক্যাম্প অনুষ্ঠিত হয়। গাইড, গাইডার সদস্যসহ ৩৫০ জন ক্যাম্পে অংশগ্রহণ করেন। প্রধান অতিথি ছিলেন মোঃ এনামুল হক, স্থানীয় সংসদ সদস্য। বিশেষ অতিথি ছিলেন অনিক কুমার সরকার, উপজেলা চেয়ারম্যান, আব্দুল মালেক মন্ডল, মেয়র ভবানীগঞ্জ পৌরসভা, সিরাজুম মুনিরা, আঞ্চলিক কমিশনার, এস, এম মাহমুদ হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। সভাপতিত্ব করেন শরিফ আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার। তাবুঁ জলসা অনুষ্ঠানে অগ্নি প্রজ্জলনের পর শুরু হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। শেষে ট্যাপস এর মাধ্যমে ক্যাম্পের সমাপ্তি ঘোষনা করা হয় ।

সভা ঃ ১৩ জানুয়ারি, ২০২০ রাজশাহী জেলার তানোর উপজেলায় স্থানীয় কমিটির মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। গাইড জেলা কমিশনার সাবরিনা সারমিন বনি সভায় উপস্থিত ছিলেন ।

১৪ জানুয়ারি ও ১১ ফেব্রুয়ারি গাইড হাউজে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন সিরাজুম মুনিরা, আঞ্চলিক কমিশনার। সাভায় কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন ।

২০ ফেব্রুয়ারি, জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মূলক সভা জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য রাহেলা খাতুন সভায় উপস্থিত ছিলেন ।

১০ মার্চ, জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত র‌্যালীতে ৩০ জন গাইড অংশগ্রহণ করে। এবারের প্রতিপাদ্য ছিল "দুর্যোগ ঝুঁকিহ্রাসে পূর্ব প্রস্তুতি টেকসই উন্নয়নে আনবে গতি।"

৭ মার্চ, সরকারী কর্মকর্তা, কর্মচারী ও তাঁদের ছেলে মেয়েদের সমন্বয়ে ৩২ তম বিভাগীয় বার্ষিক ক্রিড়া প্রতিযোগিতা ও মার্চপাস্টে প্ল্যাকার্ড বহণ ও বিভিন্ন সেবার জন্য ১০ জন রেঞ্জার অংশগহণ করেন। কার্যক্রমটি রাজশাহী জেলা মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় ।

শীতবস্ত্র বিতরণ ঃ ১৩ জানুয়ারি, ২০২০ সিংড়া উপজেলা স্থানীয় কমিটির উদ্যোগে বাহাদুরপুর দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ে ২০ টি শিক্ষা প্রতিষ্ঠানে ২১৫ টি শীতবস্ত্র গরীব শিক্ষার্থী ও দুঃস্থদের মাঝে বিতরণ করা হয়। কার্যক্রমে প্রধান অতিথি ছিলেন সুশান্ত কুমার মাহাতো, উপজেলা নির্বাহী অফিসার, বিশেষ অতিথি ছিলেন আমিনুল রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সম্মানিত অতিথি ছিলেন বেগম হামিদা, জেলা গাইড কমিশনার, কামরুন নাহার বেলি, জেলা গাইড সম্পাদিকা, মোঃ রশিদুল ইসলাম, চেয়ারম্যান, চামারী ইউনিয়ন পরিষদ, সভাপতিত্ব করেন মোঃ আব্দুস সাত্তার মোল্লাহ, প্রধান শিক্ষক, বাহাদুরপুর দ্বিমুখী উচ্চ বিদ্যালয়, সিংড়া, নাটোর।

এক দিনের সেমিনার ঃ রাজশাহী অঞ্চলের ৮টি জেলায় ১৭ জুন, ২০২০ রাজশাহী, ১৮ জুন চাঁপাইনবাবগঞ্জ, ২০ জুন বগুড়া, সিরাজগঞ্জ, পাবনা, ২২ জুন জয়পুরহাট, নওগাঁ, ২৩ জুন নাটোর জেলায় মাদ্রাসা ও কারিগরী প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে এক দিনের সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসক, জেলা শিক্ষা অফিসার, বিভিন্ন মাদ্রাসা ও কারিগরী প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকবৃন্দ, গাইডার, কমিশনার, ট্রেইনার উপস্থিত ছিলেন।




গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সেমিনারে প্রধান অতিথি ও একজন গাইড সদস্য বক্তব্য দেন

## প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখি সম্প্রসারণ কর্মসূচি বাস্তবায়ন

পরিপত্র বিতরণ ঃ হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে রাজশাহী অঞ্চলের ৪টি জেলার (বগুড়া,পাবনা,নাটোর,নওগাঁ) প্রাথমিক বিদ্যালয়ে পরিপত্র বিতরণ করা হয় ।

সদস্য সংগ্রহ সপ্তাহ উদযাপন ঃ হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে ১৬ মার্চ, ২০২০ গাইড হাউজে সদস্য সংগ্রহ সপ্তাহ উদযাপন করা হয়। অনুষ্ঠানে হলদেপাখি, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, অন্য সদস্যবৃন্দ, ট্রেইনার ও হলদেপাখিসহ ২০০ জন অংশগ্রহণ করেন।



হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে সদস্য সংগ্রহ সপ্তাহ উদযাপন

সমন্বয় সভা, পাবনা ঃ ২৪ ফেব্রুয়ারি, ২০২০ ইমাম গায্যালী স্কুল এন্ড কলেজ পাবনায় সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সহকারী জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনার, স্থানীয় কমিশনার, কার্যনির্বাহী কমিটির সদস্য, অন্য সদস্যবৃন্দ ও ট্রেইনার সভায় উপস্থিত ছিলেন। সভায় হলদে পাখি সম্প্রসারণ কর্মসূচি বাস্তবায়ন কমিটি গঠন করা হয় ।




হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে সমন্বয় সভায় গাইড সদস্যদের মতামত প্রদান

নওগাঁ ঃ ২৬ ফেব্রুয়ারি নওগাঁ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সহকারী জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনার, স্থানীয় কমিশনার, কার্যনির্বাহী কমিটির সদস্য, অন্য সদস্যবৃন্দ ও ট্রেইনার সভায় উপস্থিত ছিলেন। সভায় হলদে পাখি সম্প্রসারণ কর্মসূচি বাস্তবায়ন কমিটি গঠন করা হয় ।




নওগাঁ জেলায় অনুষ্ঠিত সমন্বয় সভায় গাইড সদস্যদের অংশগ্রহণ

নাটোর ঃ ২ মার্চ, ২০২০ জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনার, স্থানীয় কমিশনার, কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, অন্যান্য সদস্যবৃন্দ ও ট্রেইনারসহ সমন্বয় সভা নাটোর সরকারি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে হলদে পাখি সম্প্রসারণ কর্মসূচি বাস্তবায়ন কমিটি গঠন করা হয় ।




নাটোর জেলায় অনুষ্ঠিত সমন্বয় সভায় গাইড সদস্যদের অংশগ্রহণ

বগুড়া ঃ ৩ মার্চ, ২০২০ জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনার, স্থানীয় কমিশনার,কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, অন্য সদস্যবৃন্দ ও ট্রেইনারসহ সমন্বয় সভা বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে হলদে পাখি সম্প্রসারণ কর্মসূচি বাস্তবায়ন কমিটি গঠন করা হয় ।




বগুড়া জেলায় অনুষ্ঠিত সমন্বয় সভায় গাইড সদস্যদের অংশগ্রহণ

মত বিনিময় সভা ঃ পাবনা জেলা ঃ ৮ মার্চ, ২০২০ পাবনা জেলা প্রশাসকের কার্যালয়ে হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, থানা শিক্ষা অফিসার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ, গাইডারবৃন্দ, কমিশনারবৃন্দ, অভিভাবকবৃন্দ, ট্রেইনার ও অফিস স্টাফসহ ১৫০ জন উপস্থিত ছিলেন ।




পাবনা জেলা প্রশাসকের কার্যালয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়

নাটোর জেলা ঃ ১০ মার্চ ২০২০ নাটোর জেলা প্রশাসকের কার্যালয়ে হলদে পাখি সম্প্রসারণ এর লক্ষ্যে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে জেলা প্রশাসক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, থানা শিক্ষা অফিসার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ, গাইডারবৃন্দ, কমিশনারবৃন্দ, অভিভাবকবৃন্দ, ট্রেইনার ও অফিস স্টাফসহ ১৫০ জন উপস্থিত ছিলেন ।



নাটোর জেলা প্রশাসকের কার্যালয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়

নওগাঁ জেলা ঃ ১৫ মার্চ, ২০২০ নওগাঁ জেলা প্রশাসকের কার্যালয়ে হলদে পাখি সম্প্রসারণ এর লক্ষ্যে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ,থানা শিক্ষা অফিসার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ, গাইডারবৃন্দ, কমিশনারবৃন্দ, অভিভাবকবৃন্দ, ট্রেইনার ও অফিস স্টাফসহ ১৫০ জন উপস্থিত ছিলেন।



নওগাঁ জেলা জেলা প্রশাসকের কার্যালয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়

বগুড়া জেলা ঃ ১১ মার্চ, ২০২০ বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়ে হলদে পাখি সম্প্রসারণ এর লক্ষ্যে মত বিনিময় সভা অনুষ্ঠিত। অনুষ্ঠানে জেলা প্রশাসক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, থানা শিক্ষা অফিসার, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন, গাইডারবৃন্দ, কমিশনারবৃন্দ, অভিভাবকবৃন্দ, ট্রেইনার ও অফিস স্টাফসহ ১৫০ জন উপস্থিত ছিলেন ।

এক দিনের ওরিয়েন্টেশন কোর্স ঃ নাটোর ঃ ২৫ জানুয়ারি, ২০২০ নাটোর গাইড হাউজে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে এক দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে নাটোর জেলার বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

নওগাঁ ঃ ২৭ জানুয়ারি, ২০২০ নওগাঁ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে এক দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে নওগাঁ জেলার বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন ।

বগুড়া ঃ ২৯ জানুয়ারি, বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে এক দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে বগুড়া জেলার বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন ।

পাবন াঃ ১০ ফেব্রুয়ারি, প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে এক দিনের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে পাবনা জেলার বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন ।

## বিজ্ঞপাখি মৌলিক প্রশিক্ষণ কোর্স

নাটোর ঃ ২ হতে ৬ ফেব্রুয়ারি, ২০২০ নাটোর গাইড হাউজে ৫ দিনের বিজ্ঞপাখিদের মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন ।

নওগাঁ ঃ ৯ হতে ১৩ ফেব্রুয়ারি নওগাঁ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ দিনের বিজ্ঞপাখিদের মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয় । উক্ত প্রশিক্ষণে বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন ।

পাবনা ঃ ১৬ হতে ২০ ফেব্রুয়ারি, ইমাম গায্যালী স্কুল এন্ড কলেজ পাবনায় ৫ দিনের বিজ্ঞপাখিদের মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন ।

বগুড়া ঃ ২১ হতে ২৫ মার্চ, বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ দিনের বিজ্ঞপাখিদের মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন ।



প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের ব্যাজ পরানো হয়

নতুন হলদে পাখিদের টেস্ট কার্ড বিষয়ক প্রশিক্ষণ ঃ হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে রাজশাহী অঞ্চলের ৪টি জেলার ৪০টি প্রাথমিক বিদ্যালয়ের ৯৬০ জন হলদেপাখিদের রিক্রুট টেস্ট কার্ড এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ইউনিফর্ম পরিয়ে দীক্ষা দেওয়া হয়। হলদে পাখিরা অতি আনন্দের সাথে প্রশিক্ষণ গ্রহণ করে




নতুন হলদেপাখিদের রিক্রুট টেস্ট কার্ড এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়

পুরাতন হলদে পাখিদের নৈপুণ্যসূচক ব্যাজ বিষয়ক প্রশিক্ষণ ঃ ২৩ ফেব্রুয়ারি, ২০২০ গাইড হাউজ, বিলসিমলা ,রাজশাহীতে পুরাতন হলদে পাখিদের নৈপুণ্যসূচক ব্যাজ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে হলদেপাখি, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, অন্য সদস্যবৃন্দ, ট্রেইনার ও হলদেপাখিসহ ৭০ জন অংশগ্রহণ করেন।

ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ ও স্যানিটেশন ঃ ২৫ ফেব্রুয়ারি, ২০২০ গাইড হাউজ, বিলসিমলা, রাজশাহীতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখিদের ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ও ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।

সাংগঠনিক ওয়ার্কশপ ঃ বগুড়া ঃ হলদে পাখি সম্প্রসারণ এর লক্ষ্যে ৮ মার্চ, ২০২০ জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনার, স্থানীয় কমিশনার, কার্যনির্বাহী কমিটির সদস্য, অন্য সদস্যবৃন্দ ও ট্রেইনারসহ সাংগঠনিক ওয়ার্কশপ বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে হলদে পাখি সম্প্রসারণ কর্মসূচীর অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।

নওগাঁ ঃ ১৮ মার্চ, সহকারী জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনার, স্থানীয় কমিশনার, কার্যনির্বাহী কমিটির সদস্য, অন্য সদস্যবৃন্দ ও ট্রেইনারসহ নওগাঁ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

পাবনা ঃ ১ জুন, সহকারি জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনার, স্থানীয় কমিশনার ,কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, অন্যান্য সদস্যবৃন্দ ও ট্রেইনারসহ ইমাম গায্যালী স্কুল এন্ড কলেজ পাবনায় সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয় ।



সাংগঠনিক ওয়ার্কশপে অংশগ্রহণকারীবৃন্দ

নাটোর ঃ ৮ জুন, জেলা শিক্ষা অফিসার, আঞ্চলিক কমিশনার, জেলা কমিশনার, স্থানীয় কমিশনার, কার্যনির্বাহী কমিটির সদস্য, অন্য সদস্যবৃন্দ ও ট্রেইনারসহ নাটোর গাইড হাউজে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয় ।



নাটোর জেলায় অনুষ্ঠিত সাংগঠনিক ওয়ার্কশপে অংশগ্রহণকারীবৃন্দ

ওয়ার্কশপ, শিশু পাচার, সেনিটেশন, ট্রাফিক আইন, ব্যক্তিগত স্বাস্থ্য, পরিচ্ছন্নতা ঃ ১ মার্চ পাবনায়, ৪ মার্চ নওগাঁয়, ৫ মার্চ, নাটোরে ও ৯ মার্চ, ২০২০ বগুড়ায় শিশু পাচার, সেনিটেশন, ট্রাফিক আইন ওব্যক্তিগত স্বাস্থ্য পরিচ্ছন্নতা ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

মুজিববর্ষ উদযাপন ঃ ১৭ মার্চ, ২০২০ গাইড হাউজ, বিলসিমলা, রাজশাহীতে মুজিববর্ষ উদযাপন করা হয়। অনুষ্ঠানে হলদেপাখি, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য, অন্য সদস্যবৃন্দ, ট্রেইনার ও হলদেপাখিসহ ২০০ জন অংশগ্রহণ করেন।



রাজশাহী গাইড হাউজে মুজিববর্ষ উদযাপন করা হয়

বৃক্ষরোপণ কর্মসূচি ঃ ২৫ মার্চ, পাবনায়, ২৮ মার্চ, নওগাঁয় ও নাটোরে, ২৯ মার্চ, ২০২০ বগুড়ায় বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে বিভিন্ন প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞপাখিদের মাঝে বৃক্ষ বিতরণ করা হয়।



বগুড়ায় বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়

হলদে পাখিদের কার্নিভাল অনুষ্ঠান ঃ ১৬ জুন, বগুড়ায়, ১৭ জুন, নওগাঁয়, ১৮ জুন, নাটোরে ও ১৯ জুন, ২০২০ পাবনায় হলদে পাখিদের কার্নিভাল অনুষ্ঠানে WTD Game কুইজ প্রতিযোগীতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে হলদে পাখিদের নিয়ে বর্নাঢ্য আনন্দ মেলা অনুষ্ঠিত হয় ।



পাবনায় হলদে পাখিদের কার্নিভাল অনুষ্ঠান

হলদে পাখিদের কার্যক্রম পরিদর্শন ঃ ২৭ জানুয়ারি, বগুড়ায়, ২৮ জানুয়ারি, পাবনায়, ২৯ জানুয়ারি, নওগাঁয় ও ৩০ জানুয়ারি, ২০২০ নাটোরে হলদে পাখিদের কার্যক্রম পরিদর্শন করাা হয়।



গাইড সদস্যদের হলদে পাখির কার্যক্রম পরিদর্শন

## সিলেট অঞ্চল







দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

শিক্ষাশ্রয়ী কর্মসুচী : শীত বস্ত্র বিতরন, জৈন্তাপুর : ৫ জানুয়ারি, ২০২০ জৈন্তাপুর সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে ৫০জন দুঃস্থদের মাঝে কম্বল বিতরন করা হয়। শীত বস্ত্র বিতরন কর্মসূচীতে সিলেট জেলার জেলা কমিশনার, আঞ্চলিক কমিশনার, স্থানীয় কমিশনার ও আঞ্চলিক ট্রেজারার উপস্থিত ছিলেন।

শ্রীমঙ্গল : ৮ জানুয়ারি শ্রীমঙ্গল শাখা বেগম রাছুলজান আব্দুল বারী উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে অত্র এলাকার দুঃস্থদের মাঝে শীত বস্ত্র হিসাবে নতুন কম্বল ৫০ জনকে বিতরন করা হয়। কর্মসূচীতে বিদ্যালয়ের ৫০জন গাইড ও ১৪জন গাইডার এবং স্থানীয় এসোসিয়েশনের সদস্যা বৃন্দ উপস্থিত ছিলেন। অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিমল বর্ধন ও স্থানীয় কমিশনার প্রভাসিনী সিনহা উপস্থিত ছিলেন।




দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ


বিশ্ব চিন্তা দিবস, সিলেট : ২২ ফেব্রুয়ারি, ২০২০ সিলেট অঞ্চলের আয়োজনে সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ প্রাঙ্গনে বিশ্ব চিন্তা দিবস পালন করা হয়। কর্মসূচীতে সিলেট জেলার নিম্নে উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহ অংশগ্রহন করে। কিশোরী মোহন বালিকা উচ্চ বিদ্যালয়, কাজী জালাল উদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয়, মঈনুননেছা বালিকা উচ্চ বিদ্যালয়, সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, এবং শাজালাল আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়, সিলেট। কর্মসূচীতে গাইড গাইডার সহ প্রায় ১০০জন অংশগ্রন করেন। মুক্ত রেঞ্জার ইউনিটের রেঞ্জারগণ সহযোগীতা করেন।

সিলেট জেলার জেলা কমিশনার, আঞ্চলিক কমিশনার,স্থানীয় কমিশনার ও আঞ্চলিক ট্রেজারার  কর্মসূচীতে উপস্থিত ছিলেন। সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন  অঞ্চলের ট্রেইনার সুফিয়া বেগম।



সিলেট অঞ্চলের উদ্যোগে সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ প্রাঙ্গনে বিশ্ব চিন্তা দিবস পালন

মৌলভীবাজার : ২২ ফেব্রুয়ারী, লর্ড ও লেডী ব্যাডেন পাওয়েল এর শুভ জন্মদিন উপলক্ষে মৌলভীবাজার জেলা বিশ্ব চিন্তা দিবস এর কর্মসূচী উপলক্ষে কেক কাটেন ও প্রতিজ্ঞা নবায়ন করেন।



***ইউনিসেফ এবং ডব্লিউএইচওর পরামর্শ হচ্ছে***, ৫ বছরে বা তার কম বয়সের শিশুদের মাস্ক পরার দরকার নেই। এটি শিশু সুরক্ষার উপর নির্ভর করে এবং এটা স্বীকৃত যে, শিশুরা বিভিন্ন বয়সে বিকাশের বিভিন্ন পর্যায়ে থাকে।



লর্ড ও লেডী ব্যাডেন পাওয়েল এর শুভ জন্মদিন উপলক্ষে গাইডরা মোমবাতি জ্বালিয়ে তাঁদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে

## বঙ্গবন্ধুকে জানো শীর্ষক কুইজ প্রতিযোগিতা

১ ফেব্রুয়ারি, ২০২০ মৌলভীবাজার জেলায় **বঙ্গবন্ধু**কে জানো শীর্ষক কুইজ প্রতিযোগিতা ও পিঠা উৎসব কর্মসূচির আয়োজন করেন। জেলার ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের গাইড সদস্যাগণ কর্মসূচিতে অংশগ্রহন করেন। বিদ্যালয় সমূহ, আলী আমজাদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,কারেঙ্গা উচ্চ বিদ্যালয়,হাফিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়, দি ফ্লাওয়ার কেজি এন্ড হাই স্কুল মৌলভীবাজার। স্থানীয় কমিটির সদস্যাগণসহ স্থানীয় কমিশনার সাহীন রহমান ও ১০০ জন গাইড সদস্যা অংশগ্রন করেন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পৌরসভার পেনেল চেয়াম্যান, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষা কর্মকর্তা জনাব আব্দুস সামাদ।







বঙ্গবন্ধুকে জানো শীর্ষক কুইজ প্রতিযোগিতা, শোভাযাত্রা ও পিঠা উৎসব কর্মসূচীর আয়োজন করে

আন্তর্জাতি নারী দিবস : ৮মার্চ, ২০২০ সিলেট অঞ্চল, গাইড হ্যাউজ প্রাঙ্গনে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। কর্মসুচীতে লতিফা শফি চৌধুরী মহিলা কলেজে, দুর্জয় মুক্ত রেঞ্জার ইউনিট, ও উইমেন্স মডেল কলেজের রেঞ্জারগণ অংশগ্রহন করেন। আঞ্চলিক সেক্রেটারী জনাব কামরুন নাহার বেগম ও স্থানীয় কমিশনার সিদ্দিকা খাতুন বক্তব্য রাখেন এবং মেয়েদের এগিয়ে যাওয়ার অনুপ্রেরনা দান করেন।






সিলেট অঞ্চল, গাইড হ্যাউজ প্রাঙ্গনে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিতি হয়

সমষ্টির সাথে সম্পর্ক, দীক্ষাদান : ১৯ ফেব্রুয়ারী, ২০২০ হবিগঞ্জ জেলার বি.কে.জে.সি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড ও জেলার ৩টি প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখি এবং বনরথী মুক্ত রেঞ্জার ইউনিটের রেঞ্জারদের নিয়ে দীক্ষাদান অনুষ্ঠানের আয়োজন করেন জেলার সেক্রেটারী পুর্নিমা রানী দাস তালুকদার। উক্ত কর্মসূচীতে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক জনাব মর্জিনা আক্তার ও আঞ্চলিক কমিশনার বাবলী প্ররকায়স্থ। এ ছাড়া অত্র বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক উপস্থিত ছিলেন।



প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখি এবং বনরথী মুক্ত রেঞ্জার ইউনিটের রেঞ্জারদের দীক্ষাদান

কুলাউড়া : ১২ মার্চ কুলাউড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের ৬০জন গাইড মেয়ের দীক্ষাদান করা হয়। দীক্ষাদান করেন সিলেট অঞ্চলের আঞ্চলিক সেক্রেটারী কামরুন নাহার বেগম। উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং গাইডার জান্নাতুল মাওয়া বেলী।



কুলাউড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড মেয়ের দীক্ষাদান করা হয়

আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবস : যথাযোগ্য মর্যাদার সাথে সিলেট অঞ্চলের অন্তর্গত সকল জেলার গাইড বোনেরা আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবস, ২০২০ পালন উপলক্ষে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।




যথাযোগ্য মর্যাদায় সিলেট অঞ্চলে আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবস পালন

বঙ্গবন্ধুর জন্মশত বর্ষ পালন : জাতির পিতা শেখ মুজিবুর রহমান এর জন্মশত বর্ষ উদযাপন উপলক্ষে সারা দেশের ন্যায় সিলেট অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও জেলা সমুহ যথাযথ মর্যাদার সাথে কর্মসূচীর মাধ্যমে দিবসটি পালন করেনড় এবং সারা বছর পালন করবেন বলে আশা করেন। কর্মসূচীর মধ্যে ছিল কেক কাটা, বৃক্ষ রোপন, কুইজ প্রতিযোগিতা, ছবি আঁকা ও গল্প বলা ইত্যাদি।






জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বর্ষ উদযাপন



হলদে পাখি কর্মসূচী সম্প্রসারণের লক্ষ্যে সমন্বয় সভা অনুষ্ঠিত

**গঠন ও কাঠামো, হলদে পাখি সম্প্রসারন কর্মসূচী, সমন্বয় সভা সুনামগঞ্জ :** ২ মার্চ, ২০২০ হলদে পাখি কর্মসূচী সম্প্রসারণ উপলক্ষে সরকারি এস.সি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন জেলা শিক্ষা অফিসার (প্রাথমিক), বিশেষ অতিথি ছিলেন সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ৪জন, উপজেলা প্রথিমিক শিক্ষা অফিসার ৩জন ও ৫জন প্রধান শিক্ষক, গাইড জেলা কমিশনার সহ আঞ্চলিক কমিটির সদস্যাগণ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভা সুনামগঞ্জ ঃ ১২ মার্চ, ২০২০ হলদে পাখি কর্মসূচী সম্প্রসারণ উপলক্ষে সরকারি এস.সি বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন সুনামগঞ্জ জেলার জেলা প্রশাসক, বিশেষ অতিথি ছিলেন জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তা ৪জন, সংশ্লিষ্ট প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক এবং জেলা, স্থানীয় ও আঞ্চলিক কমিটির সদস্যগণ।



হলদে পাখি কর্মসূচী সম্প্রসারণের লক্ষ্যে মত বিনমিময় সভা অনুষ্ঠিত হয়

সাংগঠনিক ওয়ার্কশপ, সিলেট ঃ ১২ মার্চ, ২০২০ সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ প্রাঙ্গনে সভাপতি বাবলী পুরকায়স্থ স্বাস্থ বিধি মেনে প্রতিষ্ঠানের হল রুমে সাংগঠনিক ওয়ার্কশপ করেন।



গাইড সদস্যদের সমন্বয়ে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত

সমন্বয় সভা মৌলভীবাজার ঃ ১৫ জুন, ২০২০ মৌলভীবাজার জেলা হলদে পাখি সম্প্রসারণ কর্মসূচী উপলক্ষে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সমন্বয় সভা করেন।

সভা/সেমিনার কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ কর্মসূচী, সিলেট জেলা ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কর্মসুচী সম্প্রসারণের লক্ষ্যে জুন, ২০২০ সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ প্রাঙ্গনে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।





***শহীদ আহমেদ খান, সিলেট*** : মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসালণের লক্ষ্যে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন সিলেট জেলার উদ্যোগে দিনব্যাপী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৫ জুন, সকাল ১১টায় সিলেট সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় হলরুমে এই মতবিনিময় সভা হয়।

সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়ে মত বিনিময় সভায় উপস্থিত অংশগ্রহনকারীবৃন্দ

মৌলভীবাজার জেলা ঃ গাইডিং কর্মসুচী সম্প্রসারণের লক্ষ্যে ২৮ জুন, ২০২০ মৌলভীবাজার গাইড হাউজ প্রাঙ্গনে মত বিনিময় সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত ছিলেন জনাব আব্দুস সামাদ মিয়া, জেলা শিক্ষা অফিসার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আর ও উপস্থিত ছিলেন জনাব মইনুল হক সহকারী শিক্ষা অফিসার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।





মৌলভীবাজার গাইড হাউজে মত বিনিময় সভায় উপস্থিত অংশগ্রহনকারীবৃন্দ

## রংপুর অঞ্চল

### শীতবস্ত্র বিতরণ

৭ জানুয়ারি, ২০২০ রংপুর জেলার পীরগাছা উপজেলার স্থানীয় এসোসিয়েশন কর্তৃক আয়োজিত শীতার্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়। রহিমউদ্দিন ভরসা ডিগ্রী কলেজ প্রাঙ্গনে আয়োজিত কম্বল বিতরণ কর্মসূচীতে স্থানীয় কমিশনার নিগার সুলতানা সহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

৯ জানুয়ারি, রংপুর জেলার তারাগঞ্জ উপজেলা স্থানীয় এসোসিয়েশন কর্তৃক দুঃস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

১৩ জানুয়ারি, রংপুর জেলার কাউনিয়া উপজেলা স্থানীয় এসোসিয়েশন এর সম্মানীত উপদেষ্টা ও কাউনিয়া উপজেলা নির্বাহী অফিসার (UNO) মোছাঃ উলফৎ আরা বেগম ও স্থানীয় কমিশনার দিল আফরোজ এর নেতৃত্বে কাউনিয়া রেল স্টেশনে সুবিধাবঞ্চিত দুঃস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

৩০ জানুয়ারি, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, নীলফামারী জেলা কর্তৃক দুঃস্থ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়। কম্বল বিতরণ করেন শাহের বানু, জেলা কমিশনার, শিরিন বানু, জেলা কোষাধ্যক্ষ, অর্চনা মোহন্ত, স্থানীয় কমিশনার এবং জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ ।

### মুজিব বর্ষের ক্ষণগণনা

১০ জানুয়ারি, ২০২০ তারিখ মুজিব বর্ষের ক্ষণগণনা অনুষ্ঠানে রংপুর টাউন হলে ২০ জন গাইড অংশগ্রহণ করে এবং দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় গাইড দল একাডেমী স্কুল থেকে জেলা প্রশাসক কার্যালয় পর্যন্ত অনুষ্ঠিত র‍্যালীতে অংশগ্রহণ করে।

নৈপুণ্যসূচক ব্যাজ পরীক্ষা ঃ ১৪ জানুয়ারি, ২০২০ রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজ এ রেঞ্জারদের নৈপুণ্যসূচক ব্যাজ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৫টি কলেজের ৬০ জন রেঞ্জার এই পরীক্ষায় অংশগ্রহণ করে। স্যানিটেশন, আঞ্চলিক জ্ঞান,আন্তর্জাতিক জ্ঞান, গৃহকল্যাণ ও ফল, ফুল, সবজি বিষয়ের উপর পরীক্ষা অনুষ্ঠিত হয়।

**Surf Smart** সেশন ঃ ১৪ জানুয়ারি রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজ এ রেঞ্জারদের Surf Smart সেশন প্রদান করা হয়। সেশন প্রদান করে আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যান সায়মা আফরোজ।

## পিঠা উৎসব

২৭ জানুয়ারি, ২০২০ রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে রেঞ্জার কাউন্সিল কর্তৃক পিঠা উৎসব এর আয়োজন করা হয়। রহিম উদ্দিন ভরসা ডিগ্রী কলেজ, পীরগাছা ও বেগম রোকেয়া মুক্ত রেঞ্জার ইউনিট পিঠা উৎসবে অংশগ্রহণ করে। প্রধান অতিথি হিসেবে ছিলেন মোঃ আব্দুল করিম, পরিচালক, দুর্ণীতি দমন কমিশন, রংপুর রেঞ্জ ও বিশেষ অতিথি হিসেবে ছিলেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কোষাধ্যক্ষ ওয়ালেদা বেগম এবং বিশিষ্ট সমাজকর্মী মঞ্জুশ্রী সাহা।

## সম্মিলিত কোম্পানী ডে-ক্যাম্প

৩১ জানুয়ারি, ২০২০ নীলফামারী জেলার উদ্যোগে "সম্মিলিত কোম্পানী ডে-ক্যাম্প ২০২০" অনুষ্ঠিত হয়। "বন্ধুত্বের বন্ধন হোক চীর অম্লান" এই প্রতিপাদ্যের উপর ভিত্তি করে অনুষ্ঠিত সম্মিলিত কোম্পানী ডে-ক্যাম্পে ৬টি প্রতিষ্ঠানের গাইড, গাইডার, কমিশনার সহ প্রায় ২৮০ জন অংশগ্রহণ করেন। পতাকা উত্তোলণের মাধ্যমে ক্যাম্পের কার্যক্রম শুরু হয়। এরপর গেজেট ও সিটাপন তৈরির সেশন নেওয়া হয়।

তাঁবু জলসায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরি, মাননীয় জেলা প্রশাসক, নীলফামারী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আজহারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারী। সভাপতি হিসেবে ছিলেন শাহের বানু, জেলা কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, নীলফামারী জেলা, এছাড়া উপস্থিত ছিলেন অর্চনা মোহন্ত, স্থানীয় কমিশনার, নীলফামারী সদর এবং জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ। অগ্নি প্রজ্জলন, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে ট্যাপস এর মাধ্যমে ক্যাম্পের সমাপ্তি হয়।

## নৈপূণ্যসূচক ব্যাজ পরীক্ষা

১৯ ফেব্রুয়ারি, ২০২০ আঞ্চলিক পর্যায়ে পুরাতন হলদে পাখিদের নৈপূণ্যসূচক ব্যাজ পরীক্ষা গ্রহণ করা হয়। রংপুর ও নীলফামারী জেলার ১০ টি প্রতিষ্ঠানের হলদে পাখিরা ৫টি বিষয়ের উপর পরীক্ষায় অংশগ্রহণ করে (প্রাথমিক চিকিৎসা, সংগ্রহকারী, নিরীক্ষণকারী, সূচীশিল্পী ও গৃহসেবিকা)। রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত পরীক্ষায় ৪৬ জন হলদে পাখি অংশগ্রহণ করে।

## "Leadership Activity Pack 2019" এর জাতীয় পর্যায়ের পুরষ্কার গ্রহণ

২২ ফেব্রুয়ারি, ২০২০ জাতীয় কার্যালয়ে অনুষ্ঠিত "বিশ্ব চিন্তা দিবস ২০২০" - এর প্রধান অতিথির মাননীয় শিক্ষা মন্ত্রী ড. দিপু মনির নিকট থেকে পুরষ্কার গ্রহণ করে রংপুর অঞ্চলের হলদে পাখির ষষ্ঠক নেতা সাফিয়া খন্দকার এবং বিজ্ঞ পাখি ওয়ালেদা বেগম।

উল্লেখ ২০১৯ সালের ফেব্রুয়ারিতে জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত "Leadership Activity Pack 2019" প্রতিযোগীতায় প্রথম স্থান অর্জন করে রংপুর অঞ্চলের হলদে পাখির দল।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঃ ২১ ফেব্রুয়ারি, ২০২০ রংপুর টাউন হল প্রাঙ্গনের শহীদ বেদীতে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রংপুর অঞ্চলের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পন করা হয়। এ সময় আঞ্চলিক কমিশনার, হলদে পাখি, গাইড, ট্রেনারসহ প্রায় ২০ জন উপস্থিত ছিলেন।

সরকারি বেগম রোকেয়া কলেজ, রেঞ্জার ইউনিট, রংপুর তাদের কলেজ প্রাঙ্গনের শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করে।

ভেন্ডাবাড়ি মহিলা কলেজ, পীরগঞ্জ রেঞ্জার ইউনিট প্রভাত ফেরী করে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পন করে।

## বিশ্ব চিন্তা দিবস

২২ ফেব্রুয়ারি, ২০২০ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, নীলফামারী জেলার উদ্যোগে নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হাজী ছমিরউদ্দিন স্কুল এন্ড কলেজ এবং রাবেয়া বালিকা বিদ্যানিকেতন এর গাইডদের র‌্যালি ও খেলাধুলার মাধ্যমে চিন্তা দিবস উদযাপন করে। ২০০ জন গাইড, জেলা ট্রেজারার, জেলা সেক্রেটারী সহ জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সৈয়দপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ গাইড কোম্পানী র‌্যালি, চিত্রাংকন ও কেক কেটে বিশ্ব চিন্তা দিবস পালন করে। ৭০ জন গাইড সহ স্থানীয় কমিশনার বিলকিস বানু ও গাইডার গুলশান আরা উপস্থিত ছিলেন।

ঠাকুরগাঁও জেলা ও স্থানীয় এসোসিয়েশনের উদ্যোগে বিশ্ব চিন্তা দিবস উদযাপন করে র‌্যালি ও শহীদ মিনার প্রাঙ্গন পরিষ্কার পরিচ্ছন্নতার মাধ্যমে। প্রায় ২০০ জন গাইড উক্ত কর্মসূচীতে অংশগ্রহণ করে।

২৪ ফেব্রুয়ারি, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রংপুর অঞ্চলের উদ্যোগে রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে বিশ্ব চিন্তা দিবস উদযাপন করা হয়। "Living In Threads" অর্থাৎ 'একসূত্রে গাঁথা' এই থিমের উপর ভিত্তি করে এবারের 'বিশ্ব চিন্তা দিবস' উদযাপিত হয়।

হলদে পাখিদের চিত্রাংকন, গাইডদের গোঁরো প্রতিযোগীতা, রেঞ্জারদের কুইজ প্রতিযোগীতা, গাইডারদের মোমবাতি দৌড় ও কমিশনারদের ঝুড়িতে বল নিক্ষেপ ইত্যাদি খেলার আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আসিব আহসান, জেলা প্রশাসক, রংপুর। বিশেষ অতিথি ছিলেন সৈয়দা খালেদা আখতার, আঞ্চলিক সচিব, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রংপুর অঞ্চল। অনুষ্ঠানে সভাপতি ছিলেন ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রংপুর অঞ্চল। অতিথিদের ফুলেল শুভেচ্ছা ও ব্যাজ পরিয়ে স্বাগত জানানোর পর পবিত্র ধর্মগ্রন্থ পাঠ করা হয়। জাতীয় ও বিশ্ব সংগীতের পর আঞ্চলিক কমিশনার জাতীয় কমিশনারের চিন্তা দিবসের বাণী পাঠ করেন। এরপর অতিথিবৃন্দ তাদের মুল্যবান বক্তব্য প্রদান করেন। এরপর হলদে পাখি, গাইড, গাইডার, কমিশনারদের মধ্যে অনুষ্ঠিত প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

প্রতিজ্ঞা নবায়ন ও চিন্তাদিবসের চাঁদা সংগ্রহের পর হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। ট্যাপসের মাধ্যমে বিশ্ব চিন্তা দিবস ২০২০ এর উদযাপন সমাপ্ত ঘোষণা করা হয়। হলদে পাখি, গাইড, রেঞ্জার, কমিশনার সহ প্রায় ৪০০ জন অংশগ্রহণ করে। সার্বিক সহযোগীতায় ছিলেন ২ জন জুনিয়র ট্রেনার তানিয়া আমিন ও সুমাইয়া তাবাস্সুম।

## বিশ্ব নারী দিবস উদযাপন




বিশ্ব নারী দিবস-এর র‍্যালীতে গাইড সদস্যদের অংশগ্রহন

৮ মার্চ, ২০২০ বিশ্ব নারী দিবস উপলক্ষে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রংপুর অঞ্চলের পক্ষ থেকে র‍্যালীর আয়োজন করা হয়। র‍্যালীটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে শুরু হয়ে ডিসির মোড় প্রদক্ষিণ করে টাউন থেকে ঘুরে রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে শেষ হয়। হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, কমিশনার সহ প্রায় ১০০ জন অংশগ্রহণ করে।

দিনাজপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে অনুষ্ঠিত র‍্যালীতে দিনাজপুর জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের পক্ষে গাইড ও গাইডারবৃন্দ অংশগ্রহণ করেন।

নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও রাবেয়া বালিকা বিদ্যানিকেতন এর গাইড এবং গাইডারবৃন্দ নারী দিবস উপলক্ষ্যে মানব বন্ধন করেন।

ঈঙঠওউ-১৯ এর ত্রাণ বিতরণ ঃ ২৬ এপ্রিল, ২০২০ দিনাজপুর জেলা ও স্থানীয় এসোসিয়েশন কর্তৃক দুস্থদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়।

১০ মে, রংপুর অঞ্চল কর্তৃক COVID-19 মহামারীতে অসহায় ও দরিদ্রদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। এ সময় আঞ্চলিক কমিশনার, আঞ্চলিক কোষাধ্যক্ষ, জুনিয়র ট্রেনার ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



করোনায় ক্ষতিগ্রস্থদের মাঝে গাইড সদস্যদের ত্রান বিতরণ

এক দিনের ওরিয়েন্টেশন ঃ ১১ মার্চ, ২০২০ লালমনিরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে হলদে পাখি সম্প্রসারণ প্রকল্পের প্রশিক্ষণার্থীদের এক দিনের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। ৪৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ওরিয়েন্টেশনে অংশগ্রহণ করেন।



এক দিনের ওরিয়েন্টেশনে অংশগ্রহনকারী বিজ্ঞপাখিবৃন্দ

## বিজ্ঞপাখি মৌলিক কোর্স প্রশিক্ষণ

১২-১৬ মার্চ, ২০২০ লালমনিরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে 'বিজ্ঞপাখি মৌলিক কোর্স প্রশিক্ষণ' অনুষ্ঠিত হয়। ৫ দিন ব্যাপী এই প্রশিক্ষণে ৪৫ জন প্রশিক্ষণার্থীদের ঝাঁক পরিচালনা, ৪টি যাত্রা, ঝাঁক অবকাশ, র‍্যাভেল, কার্নিভাল, বৃত্তের গান, ষষ্টকের গান, ইউনিফর্ম ধোয়া ও ভাঁজ করা, ব্যাজ পরিষ্কার ইত্যাদি বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণটি পরিচালনা করেন রংপুর অঞ্চলের ২ জন

জুনিয়র ট্রেনার। প্রশিক্ষণের শেষ দিনে প্রশিক্ষণার্থীদের দীক্ষা প্রদান করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন ও আঞ্চলিক কোষাধ্যক্ষ ওয়ালেদা বেগম। সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আবু জাফর, জেলা প্রশাসক, লালমনিরহাট। বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোঃ গোলাম নবী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন। প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন মোঃ আবু জাফর, জেলা প্রশাসক, লালমনিরহাট। সবশেষে ট্যাপস এর মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।




বিজ্ঞপাখি মৌলিক কোর্স প্রশিক্ষণে অংশগ্রহনকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ

## প্রকল্প প্রশিক্ষণ

৪ হতে ৭ মার্চ, ২০২০ পর্যন্ত জাতীয় কার্যালয় কর্তৃক আয়োজিত Tide turners Plastic Challenge Badge Programme, Free Being Me এবং হলদে পাখি, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। রংপুর অঞ্চলের আঞ্চলিক কমিশনার, আঞ্চলিক কোষাধ্যক্ষ, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ওয়ার্কশপে অংশগ্রহণ করেন।

৩১ জানুয়ারি, নীলফামারী জেলার ডোমার বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৫ জন ও নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১২৮ জন সহ মোট ১৪৩ জন গাইড দীক্ষা দেওয়া হয়।

১৬ মার্চ, ২০২০ তারিখ লালমনিরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৬৩ জন হলদে পাখি ও ১০০ জন গাইড দীক্ষা দেওয়া হয়। দীক্ষা প্রদান করেন সরমিন আরা হক, জেলা কমিশনার, লালমনিরহাট।

গাইড মোট - ২৪৩

হলদে পাখি মোট - ৬৩

সভা ঃ ৫ জানুয়ারি, ২০২০ পঞ্চগড় জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারের সাথে সাক্ষাৎ করে পঞ্চগড় জেলা ও উপজেলা সমূহে কমিটি গঠনে সহযোগীতা চাওয়া হয়। পঞ্চগড় জেলা প্রশাসক সকল কাজে সহযোগীতার আশ্বাস দেন এবং মাঠ পর্যায়ের অর্থাৎ উপজেলা সমূহে কমিটি গঠনের জন্য জোর তাগিদ দেন।

৮ জানুয়ারি, রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, রংপুর অঞ্চলের আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন।

## উপদেষ্টা অন্তর্ভূক্তকরণ

১৫ জানুয়ারি, ২০২০ লালমনিরহাট জেলা এসোসিয়েশনের সম্মানিত উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করা হয় জনাব মোঃ আবু জাফর, জেলা প্রশাসক, লালমনিরহাট ও মোঃ আবুল কালাম আজাদ, জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট জেলা এবং স্থানীয় এসোসিয়েশনের সম্মানিত উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত হন উত্তম কুমার, উপজেলা নির্বাহী কর্মকর্তা লালমনিরহাট সদর। জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন জেলা কমিশনার শরমিন আরা হক ও স্থানীয় কমিশনার সুলতানা জামান মুক্তি সহ জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ।

কমিটি গঠন ঃ ১৯-২৩ জানুয়ারি, ২০২০ পর্যন্ত পঞ্চগড় জেলার ৫টি উপজেলায় কমিটি গঠন ও উপদেষ্টা অন্তর্ভুক্ত কার্যক্রম সম্পন্ন করা হয়।

১৯ জানুয়ারি, আটোয়ারি উপজেলার উপজেলা শিক্ষা অফিসার মোঃ তবারক হোসেন কে আটোয়ারি উপজেলা স্থানীয় এসোসিয়েশনের সম্মানিত উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

২০ জানুয়ারি, বোদা উপজেলা শিক্ষা অফিসার মোঃ আবুল হোসেন কে স্থানীয় কমিটির উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

২১ জানুয়ারি, দেবীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ প্রত্যয় হাসান ও উপজেলা শিক্ষা অফিসার মোঃ সলিমুল্লাহ কে স্থানীয় কমিটির উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

২২ জানুয়ারি, তেঁতুলিয়া উপজেলা শিক্ষা অফিসার পারভীন আক্তার বানুকে কে উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

২৩ জানুয়ারি, পঞ্চগড় সদরের উপজেলা শিক্ষা অফিসার মোঃ সাইফুল ইসলাম প্রামানিক কে উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

কমিটি গঠনে সার্বিক সহযোগীতায় ছিলেন দুইজন জুনিয়র ট্রেইনার তানিয়া আমিন ও সুমাইয়া তাবাস্সুম।

৯ ফেব্রুয়ারি, ২০২০ রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন।

১২ ফেব্রুয়ারি, রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে জেলা ও স্থানীয় এসোসিয়েশনের সভা অনুষ্ঠিত হয়।

১৮ ফেব্রুয়ারি, প্রাথমিক পর্যায়ে হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে লালমনিরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে জেলা ও স্থানীয় এসোসিয়েশনের সাথে সমন্বয় সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন।

সভায় আরও উপস্থিত আঞ্চলিক কোষাধ্যক্ষ ওয়ালেদা বেগম, জেলা কমিশনার সরমিন আরা হক, স্থানীয় কমিশনার সুলতানা জামান মুক্তি, জেলা ও স্থানীয় এসোসিয়েশনের সদস্যবৃন্দ এবং দুইজন জুনিয়র ট্রেনার।

সাংগঠনিক ওয়ার্কশপ ঃ ৩ মার্চ, ২০২০ হলদে পাখি সম্প্রসারণ প্রকল্পের সাংগঠনিক ওয়ার্কশপ লালমনিরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। লালমনিরহাট জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কোষাধ্যক্ষ ওয়ালেদা বেগম ও ২ জন জুনিয়র ট্রেইনার ওয়ার্কশপ পরিচালনা করেন।

মতবিনিময় সভা ঃ ৮ মার্চ, ২০২০ তারিখ লালমনিরহাট জেলা প্রশাসক কার্যালয়ে হলদে পাখি সম্প্রসারণ প্রকল্পের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় লালমনিরহাট জেলা প্রশাসক মহোদয়, ৪৫ টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, অভিভাবক, আঞ্চলিক, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ এবং কর্মকর্তা- কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



লালমনিরহাট জেলা প্রশাসক কার্যালয়ে হলদে পাখি সম্প্রসারণ প্রকল্পের মতবিনিময় সভা অনুষ্ঠিত

সমন্বয় সভা ঃ ১০ জুন, ২০২০ কুড়িগ্রাম জেলায় হলদে পাখি সম্প্রসারণ প্রকল্পের জেলা পর্যায়ের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত সমন্বয় সভায় কুড়িগ্রাম জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও আঞ্চলিক কোষাধ্যক্ষ ওয়ালেদা বেগম ও জুনিয়র ট্রেইনার সুমাইয়া তাবাস্সুম উপস্থিত ছিলেন।




হলদে পাখি সম্প্রসারণ প্রকল্পের জেলা পর্যায়ের সমন্বয় সভা

সাংগঠনিক ওয়ার্কশপ ঃ ১৫ জুন, ২০২০ কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে হলদে পাখি সম্প্রসারণ প্রকল্পের অধীনে জেলা ও স্থানীয় কমিটির সদস্যদের নিয়ে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন এর সভাপতিত্বে দিনব্যাপী এই ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভা ঃ ২৪ জুন, ২০২০ হলদে পাখি সম্প্রসারণ প্রকল্পের মতবিনিময় সভা কুড়িগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ রেজাউল করিম, অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ, ৪৫টি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকবৃন্দ এবং আঞ্চলিক, জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ, জেলা প্রাথমিক অফিসার উপস্থিত ছিলেন। আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভায় সভাপতিত্ব করেন।

কারিগরি ও মাদ্রাসায় গাইডিং সম্প্রসারণ সেমিনার ঃ মাদ্রাসা ও কারিগরি  শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের অর্থায়নে রংপুর অঞ্চলের ৮টি  জেলায় জেলা কমিশনারদের তত্ত্বাবধানে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের সমন্বয়ে সেমিনার অনুষ্ঠিত হয়।



মাদ্রাসা ও কারিগরি  শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে সেমিনার অনুষ্ঠিত

২৪ জুন, কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে জেলা কমিশনার রুখসানা পারভীন এর সভাপতিত্বে সেমিনার অনুষ্ঠিত হয়।

২৭ জুন, দিনাজপুর জেলা শিক্ষা অফিসে জেলা কমিশনার  মকসুদা পারভীন এর সভাপতিত্বে সেমিনার অনুষ্ঠিত হয়।

২৮ জুন, রংপুর  সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে জেলা শিক্ষা অফিসার ও জেলা কমিশনার মোছাঃ রোকসানা বেগম এর  সভাপতিত্বে সেমিনার অনুষ্ঠিত হয়।

২৮ জুন, নীলফামারী জেলা শিক্ষা অফিসে জেলা কমিশনার শাহের বানুর  সভাপতিত্বে সেমিনার অনুষ্ঠিত হয়।

২৮ জুন, ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে  জেলা কমিশনার রহিমা চৌধুরীর সভাপতিত্বে সেমিনার অনুষ্ঠিত হয়।

২৮ জুন, গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে জেলা কমিশনার দিলারা খানম এর  সভাপতিত্বে সেমিনার অনুষ্ঠিত হয়।

২৯ জুন, লালমনিরহাট জেলা শিক্ষা অফিসে জেলা কমিশনার সরমিন আরা হক এর সভাপতিত্বে সেমিনার অনুষ্ঠিত হয়।

জাতীয় কার্যনির্বাহী কমিটির সভা ঃ ২৮ জুন, ২০২০ তারিখ জাতীয় কার্যনির্বাহী কমিটির সভা Zoom কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। ভার্চুয়াল এই সভায় আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন অংশগ্রহণ করেন।

রেঞ্জার কমিটির সভা ঃ ৯ জানুয়ারি, ২০২০ আঞ্চলিক ও জেলা রেঞ্জার কমিটির সভা অনুষ্ঠিত হয়। রংপুর আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করে আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যান সায়মা আফরোজ।

দীক্ষা ঃ ১১ জানুয়ারি, ২০২০ পীরগঞ্জ ভেন্ডাবাড়ী মহিলা কলেজে ৫০ জন রেঞ্জার দীক্ষা দেয়া হয়।

দীক্ষাপ্রাপ্ত সদস্য ঃ হলদে পাখি-৬৩ জন, গাইড-২৪৩ জন, রেঞ্জার-৫০ জন, গাইডার-৪৫ জন।

মোট দীক্ষাপ্রাপ্ত সদস্য ঃ ৪০১ জন।

## শোক সংবাদ

১। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রাক্তন জাতীয় কমিশনার সৈয়দা রেহানা ইমামের স্বামী জনাব কাজী মামুন উর রশিদ ২০ এপ্রিল, ২০২০ রাজধানীর হলিফ্যামিলি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। গভীর দু:খের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য ক্ষমারানী দাসের জামাতা সমীর চন্দ্র দেব ৩ মে, ২০২০ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে আমেরিকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। এছাড়া তাঁর দৌহিত্র (নবজাতক) রনবীর রায় ২১ মার্চ, মৃত্যুবরণ করে।

৩। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের চট্টগ্রাম অঞ্চলের প্রাক্তন আঞ্চলিক ট্রেজারার ও আঞ্চলিক কার্যনির্বাহী কমিটিরি বর্তমান সদস্য বেগম মাহাবুবা খাতুন-এর স্বামী জনাব আব্দুল হাই ৫ জুন, ২০২০ বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

৪। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক ট্রেজারার ফাহমী নাহিদা নাজনীন এর মাতা মিসেস রোখসানা বেগম ১০ জুন, ২০২০ ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

৫। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ-এর ছোট বোন নাজমা ইসলাম বেবী ১৬ জুন, ২০২০ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে আকস্মিক ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

৬। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের খুলনা অঞ্চলের প্রাক্তন আঞ্চলিক কমিশনার বেগম মৌসুফা বেগমের কন্যা, মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজের রেঞ্জার গাইডার বেগম ফাহমিদা রহমানের স্বামী জনাব জনাব এ.কে. এম জহির ২১ জুন, ২০২০ ঢাকার আদ্ দ্বীন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন, (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

৭। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য ও সাবেক প্রকাশনা কমিশনার আমাতুল হক খাদিজা বেগম ২৮ জুন, ২০২০ রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

৮। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ. ক. ম. মোজাম্মেল হক এম পি'র সহধর্মিনী ও বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের ঢাকা অঞ্চলের গাজীপুর জেলার জেলা ও স্থানীয় গাইড কমিশনার বেগম লায়লা আরজুমান্দ বানু ২৯ জুন, ২০২০ রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

৯। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের ঢাকা অঞ্চলের ফরিদপুর জেলার জেলা গাইড সম্পাদক জনাব ফিরোজা বেগম-এর স্বামী জনাব ওয়াহিদ উদ্দিন আহমেদ (ডি.ই.ও) ৪ জুলাই, ২০২০ ফরিদপুর আড়াইশ বেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

১০। গভীর দু:খের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সিলেট অঞ্চলের হবিগঞ্জ জেলার গাইড গাইডার পূর্ণিমা দাশ তালুকদারের পিতা বিশিষ্ট মুক্তিযোদ্ধা জগন্নাথ দাশ তালুকদার ২৮ আগস্ট, ২০২০ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে নিজ বাস ভবনে মৃত্যুবরণ করে।

১১। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রাক্তন ট্রেইনার ও রাজধানী অঞ্চলের অতিরিক্ত

আঞ্চলিক কমিশনার হোসনে আরা বেগম-এর স্বামী জনাব আবদুস সালাম ৬ সেপ্টেম্বর, ২০২০ রোববারা করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন, (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

১২। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের রাজশাহী অঞ্চলের আঞ্চলিক কমিশনার বেগম সিরাজুম মুনিরার স্বামী জনাব আব্দুর রহিম ২৩ সেপ্টেম্বর, ২০২০ বুধবার নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন, (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

১৩। গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের ঢাকা অঞ্চলের ট্রেইনার তাছলিমা আক্তার-এর স্বামী জনাব মোশাররফ হোসেন ২৪ সেপ্টেম্বর, ২০২০ বৃহস্পতিবার নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন, (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

১৪। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর খুলনা অঞ্চলের অতিরিক্ত আঞ্চলিক কমিশনার জনাব নাছিম বানু গত ১৩ অক্টোবর, ২০২০ তারিখ অসুস্থ অবস্থায় নিজ বাড়ী, নিরালা আবাসিক এলাকা, খুলনায় মৃত্যু বরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

১৫। গভীর দু:খের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের খুলনা অঞ্চলের আঞ্চলিক কমিশনার নিভা রানী পাঠকের স্বামী শ্রী অরুণ কুমার রায় ২২ অক্টোবর দিবাগত রাতে দুর্বিত্তের দ্বারা নড়াইল সদর উপজেলার তুলারামপুর ইউনিয়নের বেনহাটি গ্রামে নিজ বাস ভবনে হত্যার শিকার হন। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সর্বস্তরের গাইড সদস্য নিভা রানী পাঠকের স্বামী শ্রী অরুণ কুমার রায়-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে।

১৬। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার বেগম রওশন ইসলাম -এর বড় ভাই ডাঃ সদরুল আনাম, ২০ নভেম্বর, ২০২০ নিউইয়র্কের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন, (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

মহান আল্লাহপাক যাতে তাঁদের বেহেস্তবাসী করেন বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের পক্ষে এই প্রার্থনা করে সকলের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করা হয়।

## গাইডের গান

কথা ও সুর : সাহেদা হোসেন চৌধুরী
প্রশিক্ষণ কমিশনার

চলরে চল গাইডের দল
জোর কদমে চলরে চল
হাতে হাত ধরে
বুকে অটুট বল।।

স্বপ্নের দেশ গড়বো মোর
অন্যায় অবিচার
মানবো না মানবো না
করবো প্রতিবাদ।।

নারী সমাজ গড়বো মোরা
নিপীড়ন নির্যাতন
সইবো না সইবো না
গড়বো প্রতিরোধ।।

পরিবেশ রক্ষা করবো মোরা
দেশ জুড়ে শিক্ষার আলো
ছড়াবো মোরা।।

# বিশ্ব চিন্তা দিবস

**রেহানা বানু**
প্রাক্তন জাতীয় কমিশনার
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

আধুনিক গার্ল গাইডের দীপ্তি ছড়াচ্ছে 'বিশ্ব চিন্তা দিবস'। ২২শে ফেব্রুয়ারি বিশ্ব চিন্তা দিবস। এই দিনে মেয়েদের সর্বতভাবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করা হয়। একই দিনে ১৫০ সদস্য দেশের গাইড বোনেরা সমবেতভাবে তাদের প্রতিজ্ঞা নবায়ন করে, তাদের দেয় বার্ষিক চাঁদা প্রদান করে। তারা পরিবারে, সমাজে ও রাষ্ট্রে তাদের বিশিষ্ট মনের অধিকারী হয়ে মানবী হিসেবে যথার্থ গুণাবলীর পরিচয় দিতে চায়। মুজিববর্ষে গাইড সদস্যরা একই গতিময়তা বজায় রাখার স্বপ্ন দৃঢ় করছে।

১৯০৮ ইং সালে গার্ল গাইডের স্রষ্টা লর্ড বেডেন পাওয়ায়েল এমনি স্বপ্ন দেখেছিলেন। তিনি বালিকা, কিশোরী ও তরুণীদের জন্য স্বতন্ত্র প্রতিষ্ঠান গড়ে তোলেন। সেই সময় থেকে কৃতজ্ঞ ও গর্বিত গাইড বোনেরা তাঁর জন্ম দিবস পালন করে আসছে।

'বিশ্ব চিন্তা দিবস' আন্তর্জাতিক বন্ধুত্ব দিবস। যে বিষয়গুলো বালিকা, কিশোরী ও তরুণীদের জীবনকে প্রভাবিত করে, এই বিশেষ দিনটি সেসব বিষয়ে আলোচনা ও বিশ্লেষণের সুযোগ করে দেয়। এছাড়াও ১৫০ দেশের গার্ল গাইড ও গার্ল স্কাউটের কর্মচাঞ্চল্য বৃদ্ধির লক্ষ্যে সদস্যরা তহবিল সংগ্রহ করে।

২০১৯ ইং সাল থেকে বিশ্ব চিন্তা দিবস আধুনিক গার্ল গাইডের বিকশিত রূপ। ২০১৯ ইং সালের বিশ্ব দিবস পালনের প্রাক্কালে তিন বছরের জন্য কর্মকৌশলের কাঠামো নির্ধারণ করা হয়। আপনারা ইতোমধ্যে জেনেছেন প্রথম বছরের জন্য 'নেত্রীত্বের বিকাশ'; দ্বিতীয় বছরের জন্য 'ভিন্নতা, সমতা ও অন্তর্ভুক্তি' এবং তৃতীয় বছর অর্থাৎ ২০২১ ইং সালের জন্য শান্তি প্রতিষ্ঠা'র কর্মকৌশল রচনা করা হয়েছে।

প্রথম বছরের (২০১৯ ইং) কর্মকৌশল হতে অর্জিত অভিজ্ঞতা প্রধানতঃ ছয়টি কর্মধারায় বিকশিত হয়েছে, আর তা হোলোঃ (১) নমনীয়তা, (২) গাইড শিক্ষা বা প্রশিক্ষণ, (৩) সহায়তা প্রদান, (৪) সৃজনের বিকাশ, (৫) দক্ষতাবৃদ্ধি এবং সর্বোপরি (৬) আনন্দ উপভোগ করা। সদস্যদের চাহিদা অনুযায়ী মানব সম্পদ উন্নয়ন ও প্রেরণা বজায় রাখার জন্য এই ছয়টি কর্মধারা শক্তিশালী করা অতি আবশ্যক।

চলতি ২০২০ইং বছরে বিশ্ব চিন্তা দিবসের বৈশিষ্ট্য হচ্ছে ব্যপকভাবে সমতা এবং অন্তর্ভুক্তি চর্চা। জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, শ্রেণি, বয়স নির্বিশেষে গাইডের বিভিন্নতার প্রতি শ্রদ্ধা ও সম্মান দেখিয়ে সকল ভেদাভেদের উর্দ্ধে উঠার সাফল্য উদ্‌যাপন করা।

বর্তমান ২০২০ ইং সালের কর্মকৌশল বাস্তবায়নে, অর্জিত অভিজ্ঞতার আলোকে বিশ্ব পর্যায়ে সদস্য দেশগুলির সহযোগিতায় ২০২১ ইং সালের কর্মকৌশলের বিস্তৃতরূপ নির্ধারণ করা হবে। যার ফলে, আধুনিক গার্ল গাইডের উন্নত ও স্বতন্ত্র ধারা মানবীর সামাজিক ও মানসিক বিকাশে মহাসহায়ক হবে।

আজকের মহতী অনুষ্ঠানে হলদে পাখী, গাইড, রেঞ্জার বোনেরা সমবেত হয়ে তাদের প্রতিজ্ঞা নবায়ন এবং দেয় চাঁদা প্রদান করে গার্ল গাইড প্রতিষ্ঠানের অগ্রযাত্রা বেগবান করে তুলেছে। একই ভাবে, গাইডের যুবা-নেত্রী বোনেরা সমষ্টি উন্নয়ন ক্ষেত্রে তাদের অর্জিত নবধারার চিন্তা দিয়ে সমষ্টির অগ্রগতি বজায় রাখছে। গাইডের শিক্ষাব্রতী জ্যেষ্ঠা নেত্রীবৃন্দ আধুনিক ধারার প্রশিক্ষণ দিয়ে বিশ্ব পরিসরে মেয়েদের সুনাগরিক হিসেবে পরিচিত করে তুলছেন।

২০২০ ইং সালের বিশ্ব চিন্তা দিবসের মহতী অনুষ্ঠান সাফল্যমণ্ডিত করার জন্য অনুষ্ঠানের সভাপতি প্রতিষ্ঠানের জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম এবং সর্বস্তরের গাইড সদস্যদের জানাই অশেষ ধন্যবাদ। সকলে আমার গাইড সালাম গ্রহণ করুন।



# আনন্দ ভ্রমন



শিক্ষা মন্ত্রীর কাছ থেকে শ্রেষ্ঠ গার্ল গাইডস্ শিক্ষক পুরস্কার গ্রহণ করেন ক্যাম্প কমিশনার চাঁদ সুলতানা

শ্রেষ্ঠ গার্ল গাইডস্ শিক্ষক পুরস্কার ঢাকায় আনতে গিয়ে জনলাম ২ থেকে ৬ আগস্ট, ২০১৯ পর্যন্ত দিল্লী, আগ্রা, মানালি প্রদেশে সরকারি ভাবে বিভিন্ন বিষয়ে আমরা যারা শ্রেষ্ঠ হয়েছি তাদের Tour-এ নিয়ে যাবে। মনের আনন্দে ভ্রমণের জন্য প্রস্তুতি নিতে লাগলাম। অবশেষে এক আগস্ট, অতিক্রম হল। আমাদের Team Leader ছিলেন মিঃ এমডি আব্দুল্লাহ আল মামুন, ডেপুটি সেক্রেটারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। সহকারী লিডার ছিলেন মোঃ আব্দুস সালাম সহকারী ডিরেক্টর ফিজিক্যাল এডুকেশন, ঢাকা। ট্যুর গাইডসহ আমাদের দল ছিল ১৫ জনের। ২ আগস্ট, সকাল ১১:৩০ মিনিট ঢাকা থেকে বিমান যোগে দুপুর ২:৩০মিনিটে দিল্লী পৌঁছালাম। আমাদের জন্য নির্ধারিত হোটেল আর্চ-এ বিশ্রাম নেয়ার পর বিকাল ৫:০০ টায় আগ্রার উদ্দেশ্যে রওনা দিলাম। Over night আগ্রায় হোটেল পুষ্প ভিলায় থাকি।

৩ আগস্ট, সকালে 'তাজমহল' পরিদর্শন করি। আগ্রা থেকে দিল্লী এসে মানালির উদ্দেশ্যে রওনা দিই। মানালি হল হিমাচল প্রদেশে। দিল্লী থেকে মানালি আসা পর্যন্ত দু'পাশের পাহাড়ে আকর্ষণীয় বাড়ী ঘর দেখতে পাই। প্রতিটি বাড়ী ছিল পাকা, দোতালা, তিনতলা, চারতলা। এদের জীবন যাপন মানবেতর। অনেক সংগ্রাম করে তাদের চলতে হয়। দু'পাশের পাহাড়ের উপর যথেষ্ট ফলের চাষ দেখা যায়। পথিমধ্যে 'কুরুক্ষেত্র' নামক স্থানে স্বগতম হোটেলে রাতের খাবার সেরে নিই। দিল্লী থেকে ৫৩৮ কি: মি: দূরে হোটেল দি মানালি ইন।

৪ আগস্ট, দুপুরে খাবারের পর Vashihtha Temple, Hirimb Temple দেখি। এর পর মানালি মলে যার যার মত কেনাকাটা করেন। সেখানে বিভিন্ন দেশের মানুষের সাথে আলাপ হয়। তারপর মানালি হোটেলে ওভার নাইট বিশ্রাম করি। মানালি হোটেল ছিল ৬০০০ ফিট উপরে।

৫ আগস্ট, সকালে Snow or Rotang pas এ যাই। ১৩৫৫৮ ফিট উঁচু। ৩০ মিনিট উপভোগ করার পর Solang Valley তে যাই। সেখানে প্যারাস্যুটের মাধ্যমে একজন পাইলট ও একজন যাত্রী অনেক উপরে উঠেছিলেন ও এদিক ওদিক ঘুরছিলেন। রবি ঠাকুরের ভাষায় মনে হচ্ছিল কোথাও তাদের হারিয়ে যেতে নেই মানা। দুপুরে বিশ্রাম নিয়ে Over night journey করে দিল্লীর Hotel Grand Imperial এ ফিরে এলাম।

৬ আগস্ট এ India Gate, Red Fort, Jama Masjid, Nizamuddin Aulia Dorgha, Humayun Tomb ইত্যাদি দেখা শেষে Hotel এ ফিরে এলাম। দিল্লী এসে Team Leader এর কাছে জানতে পারলাম প্রতি বছরই শিক্ষা সপ্তাহের জাতীয় পুরস্কারের পর Tour করার প্রজ্ঞাপন থাকে। কিন্তু কোন বার নেয়া হয়নি। আমরাই ভাগ্যবান যে, প্রথম টুর শেষ করলাম।

৭ আগস্ট, ভোর ৪:০০ টায় দিল্লী Air Port এ পৌঁছাই। সকাল ১১:৩০ মিনিটে নিজ দেশে পৌঁছালাম।

চাঁদ সুলতানা
ক্যাম্প কমিশনার
জাতীয় কার্য নির্বাহী কমিটি

## জীবনে প্রথম প্লেনে উঠা-প্রথম বিদেশ ভ্রমন
## মালয়েশিয়ায় আমার ব্রাউনিস লিড ইন্টারন্যাশনাল ক্যাম্প-২০১৯ - এর অভিজ্ঞতা

**নওরীন আহমেদ প্রভা**
ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী




একদিন আম্মু আমাকে জানায় মালয়েশিয়ান গার্ল গাইডস এসোসিয়েশন ১০-১২ বছর বয়সী সদস্য যাদের ব্রাউনি বলা হয়, তাদের মধ্যে নেতৃত্বের বিকাশ ও আইডিয়া শেয়ার করা এবং বিশ্বব্যাপি বন্ধুত্বের শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার জন্য আন্তর্জাতিক ক্যাম্পের আয়োজন করেছে এবং তাতে অংশগ্রহনের জন্য মালয়েশিয়ার ১৫টি শাখাসহ এশিয়া প্যাসিফিকের ৫টি সদস্য সংগঠন যথা- হংকং, ব্রুনেই, মালদ্বীপ, শ্রীলঙ্কা ও বাংলাদেশকে আমন্ত্রন জানিয়েছে।

এটি ব্রাউনিস লিড ইন্টারন্যাশনাল ক্যাম্প-২০১৯ । অনুষ্ঠিত হবে ২৯ আগস্ট থেকে ০১ সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত। ভেন্যু হল- জুগ্রা, লেক ভিউ যা মালয়েশিয়ার বানটিং এর সেলানগড়ে অবস্থিত।

ময়মনসিংহ হতে আলভী জান্নাত ও আমি এবং আমাদের দুজনের সাথে আরও মনোনিত হয় রাজধানী অঞ্চল থেকে ৩ জন হলদে পাখি ও দুইজন বিজ্ঞ পাখি, সিলেট অঞ্চল থেকে ৪ জন হলদে পাখি ও একজন বিজ্ঞ পাখি এবং রংপুর অঞ্চল থেকে ৪ জন হলদে পাখি ও একজন বিজ্ঞ পাখি।

ভিসাসহ সব আয়োজন সম্পন্ন হলে আমরা ২৭ আগস্ট ২০১৯ নিশ্চিত হই- আমরা যাচ্ছি। হাতে একদম সময় ছিলনা। আম্মু যে কিভাবে টিকিট ম্যানেজ করেছে সেই জানে। রাতে আম্মু আর আপুনি মিলে প্রয়োজনীয় সবকিছু একটা ছোট স্যুটকেসে গুছিয়ে দিল।

২৮ আগস্ট ভোররাত মানে রাত ৩.৪০ এ কোনরকমে ঘুম থেকে জেগে হাত-মুখ ধুয়ে রেডি হয়ে স্টেশনে গিয়ে পৌঁছলাম। ভোর ৪.৪০ এর রেলগাড়ীতে (যমুনা এক্সপ্রেস) উঠে সকাল ৮.৩২ এ ঢাকায় (কমলাপুর স্টেশনে) পৌঁছালাম। স্টেশনের বিরতি হোটেল থেকে চা-নাস্তা খেয়ে সরাসরি বেইলি রোড 'গাইড হাউজ' এ চলে গেলাম। সেখানে সকলের সাথে দেখা করতে করতে জানলাম আমাদের ফ্লাইট রাত দুইটায়। আমরা যাচ্ছি থাই এয়ারলাইনস এ।

সিলেট আর রংপুর থেকে আসা বন্ধুদের সাথে পরিচিত হলাম। খুব অল্প সময়ের মধ্যেই আমরা সবাই বন্ধু হয়ে গেলাম। সিলেট থেকে নাবিলা, তৃণা, আরিফা ও স্নেহা এবং রংপুর থেকে আসরাফিয়া, তাসমী, সাফিয়া ও শারিকা এসেছে। বেলা দুইটায় আমাদের ব্রিফিং করা হল। তখন পরিচিত হলাম রাজধানী অঞ্চলের তিন বন্ধু জয়েস, শিফা ও জেনিফারের সাথে। আমাদের সাথে ঢাকা থেকে হুসনে আরা বেগম ও মেহেরুন্নেসা ম্যাম, রংপুর থেকে ওয়ালিদা বেগম ম্যাম এবং সিলেট থেকে রিতা দত্ত ম্যাম যাবেন। আমাদের ১৭ জনের এই টিমের টিম লিডার করা হয় রংপুরের বিজ্ঞপাখি ওয়ালিদা ম্যামকে।

ব্রিফিং-এ আমাদের জানিয়ে দেয়া হয় আমরা ক্যাম্পে কে কোন দলে পড়েছি। সেখানে আমরা কি কি করব। কি কি করবনা। প্রথমবারের জন্য বিদেশ যাচ্ছি- পরিবার ছেড়ে। আমরা যেন দেশের সম্মান রক্ষা করতে পারি। আমরা যেন টিম লিডারের এবং আমাদের দলের বিগ সিস্টারের কথা মেনে চলি। সবাই যেন সবাইকে সাহায্য করি।

ক্যাম্পে ৮টা বড় দল থাকবে। ডোরা, পাওয়ার পাফ গার্ল, ভেনোলপী, লিলো, ভায়োলেট, এগনেস, মোয়ানা এবং কিম পসিবল। প্রতি দলে একজন করে বিগ সিস্টার থাকবেন। আমি আর আলভী পড়েছি ভেনোলপি-৪ দলে। সেখানে শ্রীলঙ্কা, ব্রুনেই, মালদ্বীপের বন্ধুরাও থাকবে। এত চমৎকার করে এত আদর আর মায়া দিয়ে ব্রিফিং করলেন গাইড হাউজের জিএস তানজিনা বিনতে মোশাররফ ম্যাম! আমাদের তখন থেকেই ইচ্ছে জাগল- বাংলাদেশের জন্য আমরা অনেক সুনাম বয়ে আনব।

### সত্যিকারের বিমান !!

কি বিশাল লাইন ! আমি দাঁড়িয়েছি হুসনে আরা ম্যামের সামনে। আমাদের পেছনে আরও কত্ত মানুষ! যেতে যেতে হাঁটতে হাঁটতে টানেলের মত কিছু একটার ভেতরে গেলাম। তারপর বুঝলাম এখন আমরা পেনে উঠব। পেনের বিশাল এক দরজা। দুইপাশে দুইজন মেয়ে এয়ার হোস্ট দাঁড়ানো। তারা টিকিট চেক করে নিজেরাই আমাদের সিট বুঝিয়ে দিল। তারা যে কত অমায়িক ! কিছু চাইলে

(যেমন পানি) সঙ্গে সঙ্গে দিতে দ্বিধা করেনা। প্রথম পেন ভ্রমন হিসেবে খুবই উত্তেজিত ছিলাম। পেনে উঠে বাম পাশে ক্যাপ্টেনের (বৈমানিকের) সিট; আর ডানপাশে যাত্রী সিটের বিশাল এক জায়গা। প্রথমে ফার্স্ট ক্লাস (বিজনেস ক্লাস), তারপর ডেপুটি ফার্স্টক্লাস (ইকোনোমি ক্লাস)। তারপর কেমন সিটের জায়গা তা জানিনা। আমাদের সিট ছিল ডেপুটি ফার্স্ট ক্লাসে।

এটা আমার প্রথম বিমান ভ্রমন। আমার খুব ইচ্ছে ছিল আমার সিট হবে জানালার পাশে। কী অবাক কাণ্ড! আমার সিট সত্যিই জানালার পাশে ! জানালা দিয়ে বাইরের জগতটা দেখার চেষ্টা করলাম। যেহেতু এটা এয়ারপোর্ট এবং রাত, তাই প্রচুর ফ্লাড লাইট। আমি যে প্লেনে উঠেছি তার পাশে কমপক্ষে আরও ১০০টা প্লেন আছে !

প্লেনের ভেতরে (যেখানে আমি বসব) সিটের উপরের দিকে আমাদের কাঁধব্যাগ রাখার জায়গা। বসার জায়গায় একটা বালিশ আর একটা কম্বল দিয়েছিল। সিটবেল্ট বেধে শান্তিমত সবাই বসলো- তখন 'ক্যাপ্টেন স্পিকিং' মানে-ক্যাপ্টেন ঘোষণা করলেন যে, এখনি আমাদের বিমান উড়বে। রাত তখন দুইটা বাজে।

### প্রথম প্লেনে চড়ে উড়াল!

বিমানটা প্রথমে পেছালো। তারপর ঘুরে গিয়ে এগোলো। আগাচ্ছি আগাচ্ছি তো আগাচ্ছি। ডানে একটা পাক দিয়ে বামে গেল। বাম থেকে ডানে একটা বাঁক নিয়ে প্লেনের গতি বাড়ল। বাড়ছে তো বাড়ছেই। বাড়তে বাড়তে একসময় প্লেনটা উড়ল। পৃথিবীতে দাঁড়িয়ে মধ্যাকর্ষণ টান টের পাইনা, কিন্তু পেন উড়ার সময় মধ্যাকর্ষণ শক্তি কি জিনিস তা যেন হারে হারে টের পেলাম। জানালার পাশে বিমানের ডানা। ডানার নিচে ইঞ্জিন !

প্লেন যখন উড়ল প্লেনের জানালা দিয়ে রাতের আলোকিত ঢাকা শহরকে দেখলাম। কী বিশাল শহর ! আর কত্ত সুন্দর ! আমি সিটে বসার পর নোটবুকটায় আমার অনুভূতিগুলো একটু একটু করে লিখে নিলাম। কম্বল মুড়ি দিয়ে শুয়ে আছি প্লেনের সিটে, আর জানালায় তাকিয়ে দেখি- মেঘ দিয়ে পরিপূর্ণ চারিদিক ! এক জায়গায় অল্প একটু জায়গা ফাঁকা। সেই জায়গায় একটা চাঁদ। নিচে কোনো একটা দেশের জমি আর সাগরের পানি। সেই পানিতে পরেছে চাঁদের ছায়া। সাধারনভাবে সে ছায়া সাদা হওয়ার কথা, কিন্তু সে ছায়া হয়েছিল লাল! কী যে সুন্দর সে দৃশ্য! তারপর ঘুমিয়ে পরেছিলাম।

### থাইল্যান্ড এয়ারপোর্ট

ভোর ৬.০০ টার সময় থাইল্যান্ডের ব্যাংককে আমাদের প্লেন ল্যান্ড করল। এই এয়ারপোর্টের নাম 'সুবর্ণভূমি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট। ঘুমে ঢুলুঢুলু অবস্থায় পেন থেকে নেমে ওয়াশরুমে গিয়ে ফ্রেশ হলাম। ঝকঝকে সকাল। ভীষণ সুন্দর এয়ারপোর্ট। আমরা সরাসরি ইমিগ্রেশনে গিয়ে পরবর্তী প্লেনে উঠার জন্য ১০ নম্বর গেটের কাছে অপেক্ষা করছিলাম। আমি যার সঙ্গে বসেছিলাম সে আসলে থাকে কানাডাতে। নাম এঞ্জেলিনা। ওর জন্ম কুয়ালালামপুর। বহুদিন পর দেশে যাচ্ছে। আমরা একই প্লেনে কুয়ালালামপুর যাব। এই এয়ারপোর্টে নিউজিল্যান্ডেরও লোকেদের সাথে দেখা হয়েছে। তারা সারা বিশ্ব ঘুরতে বেড়িয়েছে। ইনশালাহ, আমিও ঘুরব। এখানে আমরা কিছু ছবি তুললাম। এখানে একটা সোনালী রঙের বৌদ্ধ মূর্তি ছিল। তারপর সকাল ৯.০০ টায় আবার প্লেনে উঠলাম। এই প্লেনে আমার সিট ছিল মাঝের সারিতে। সেখান থেকেই বাইরের মেঘের জগতকে দেখেছি।

### কুয়ালালামপুর এয়ারপোর্ট!

প্রায় চারঘণ্টা পর আমরা কুয়ালালামপুর ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে। কি যে সুন্দর সে এয়ারপোর্ট ! মাঝে মাঝে মনে হচ্ছিল এটা এয়ারপোর্ট না-শপিং মল! উপরে কাঠ-লাইটের কাজ করা, নিচে পাইপ দিয়ে করা কারুকাজ ! হাঁটতে হাঁটতে এলাম একটা ট্রেনের পাটফর্মে। একটাই গেট এই পাটফর্মে। ইলেকট্রিকাল ট্রেন। কোন চালক নেই। টান মেরে যায়, আসে। উঠেছি আর বসেছি-তো টান মেরে চলে এসেছি। তারপর নেমে গেলাম সেখানকার ইমিগ্রেশনে। সেখানে খুব তাড়াতাড়ি কাজ শেষ হয়ে গেল। বের হয়ে এলাম। তারপর আমাদেরকে যে রিসিভ করবে তাকে খুঁজতে ও লাগেজ নিতে বের হলাম। লাগেজ খুব সহজেই পেয়ে গেলাম। কিন্তু যে আমাদের রিসিভ করবে তাকে বেশ খোঁজাখুঁজি করতে হল। অবশেষে তাকে খুজে পাওয়া গেল।

এ সময় আমরা হংকং ও মালদ্বীপ থেকে আসা দলের দেখা পেলাম। মালদ্বীপের দলের সবাই ওদের বাস পেয়ে চলে গেল। আমাদের আর হংকং এর বাস লেট! তাই কি আর করা ! আমরা হংকং এর মেয়েদের সাথে পরিচিত হতে গেলাম। কথা বলতে গিয়ে দেখি যেন আমার বান্ধবি লাবিবা ! আমি মনে মনে ভাবছি- লাবিবা এখানে ! তাও হংকং এর টিমে! কী করে? তাই ওকে জিজ্ঞেস করলাম ওর নাম কী? ও বলল ওর নাম জেভিসভিয়া ! ওর সাথে আরও অনেকে ছিল। তার মধ্যে একটা মেয়ে ছিল যার নাম এন্ড্রিয়া । আমরা সবাই মজা করে ওকে ডাকতে লাগলাম- এড্রোমিড্রা । তখন হংকং এর মেয়েরাও ওকে এড্রোমিড্রা বলে ডাকতে লাগলো। ওদেরকে আমরা বাংলা শেখাতে চেষ্টা করলাম। আমরা বাংলায় যা বলছিলাম তা আবার ইংরেজিতে ট্রান্সলেট করে দিচ্ছিলাম। আমাদের দলের স্নেহা ওকে জিজ্ঞেস করল-জেভিসভিয়া, তোমার নাম কি? ও তখন বলল- ওহ! ইউ নো মাই নেম। আই এম জেভিসভিয়া।

আমরা ঠিক দুপুরবেলায় এয়ারপোর্টের ভেতরে রাস্তার একপাশে বিশাল ফুটপাতে দাঁড়িয়ে বাসের জন্য অপেক্ষা করছিলাম। বেশ অনেকক্ষণ অপেক্ষার পর বাস এল। আমরা উঠলাম। যেন সিটে বসার সাথে সাথে ঘুমিয়ে গেলাম !

### জুগরা লেক ভিউ

মালয়েশিয়ায় আমাদের ক্যাম্প সাইট হল সেলানগড়ের জুগরা লেক ভিউ। জায়গাটা খুব সুন্দর । আমরা পৌঁছাবার পর রেজিস্ট্রেশন করে দুপুরের খাবার খেলাম।

আমরা রুমে একটু সময় শুয়ে রেস্ট নিতে না নিতেই ওপেন হলরুমে গেলাম। সেখানে ব্রিফিং শুনলাম। বাংলাদেশ দলকে ওরা আলাদাভাবে সাদরে স্বাগত জানালো। তার কিছুক্ষন পরেই আমরা নিজ নিজ

গ্রুপে ভাগ হয়ে গিয়েছিলাম। আমি আর আলভী ভেনেলপি-৪ গ্রুপে। আমাদের এ গ্রুপের দলনেতা বা বিগ সিস্টার ছিলেন শ্রীলঙ্কান তার নাম অপ্সরা কুমারেজ (Apsara Kumarage)। এই গ্রুপে আমি আর আলভী ছাড়া বাংলাদেশের আর কেউ ছিলনা। সবাই সবার সাথে পরিচিত হলাম। কথা বললাম। এখানে আমাদেরকে একটা আইডি কার্ড দিয়েছিল যেখানে লেখা ছিল পাসপোর্ট। এটা এই ক্যাম্পের আইডি কার্ড পাসপোর্ট।

### ডে- ১(২৯ আগস্ট ২০১৯)

ডে- ১ এ আমরা ক্যাম্প সাইটে পৌঁছেছি, রেজিস্ট্রেশন করেছি, দুপুরের খাবার খেয়ে রুম বুঝে নিয়েছি, ব্রিফিং শুনেছি, আমরা গ্রুপে ভাগ হয়েছি, সবার সাথে পরিচিত হয়েছি। রাতে ওপেনিং সেরিমনিতে অনুষ্ঠানের উদ্বোধন হল। মঞ্চে বাংলাদেশের পতাকা নিয়ে গেল রংপুরের তাসমি। সিলেটের চারজনে উদ্বোধন অনুষ্ঠানে নাচ পরিবেশন করল।

### ডে- ২ (৩০ আগস্ট ২০১৯)

(১) অনেকগুলো রঙিন ডাল, বীজ, ছোট ছোট জিনিস একসাথে মেশানো ছিল-যেগুলো আলাদা করতে হবে। আমরা একদিকে ডাল আলাদা করি, অন্যরা বীজ আলাদা করে। ১০ মিনিটে করতে হবে। আমরা সবাই মিলে ৯ মিনিটে শেষ করলাম।

(২) একটা নারকেল -পাম গাছের বিশাল বনে গেলাম। সেখানে আমাদের বলা হল- আমরা তো অনেক সুন্দরি, তাই আমরা প্রিন্সেস। এখন আমাদের জঙ্গল প্রিন্সেস সাজতে হবে। আমি অনেক খুঁজে-পেতে দুটো পাতা পেলাম। গাছের মরা শিকড়কে দড়ি বানিয়ে বেধে মাথার ক্রাউন বানালাম। একটা লতা পেয়েছিলাম-সেটাকেই কোমরে বেঁধে নিয়েছিলাম।

(৩) আটা দিয়ে এক ধরনের খাবার বানাতে হয়েছিল। সেটা খারাপ ছিলনা। বানিয়ে সেগুলো আগুনের তাপে পুড়িয়ে খাওয়ার উপযোগি করতে হয়েছিল। সেটা আমরা সবাই সবার মধ্যে ভাগাভাগি করে দিয়েছিলাম। অনেক মজা হয়েছিল!

(৪) তারপর হেঁটে হেঁটে গেলাম একটা খেলাধুলা করার জায়গায়। সেখানে আমরা হাইকিং করেছি। দড়িতে ঝুলেছি, গাছে উঠেছি, ক্রলিং করেছি (ক্রলিং এর চেষ্টা করেছিলাম, কেউই পুরোপুরি পারেনি) আর দৌড়িয়েছি !

এখানে অনেক কিছু বানালাম, দেখলাম, শিখলাম, জানলাম, নাচলাম। দেখলাম খুব সুন্দর মিউজিয়াম।

মালয়েশিয়ার সব কিছু আমার কাছে মনে হল চোখা, মানে সরু আর খুব রুক্ষ। নারকেল পাম এসবের পাতাগুলো সরু আর তীক্ষ্ণ। মিউজিয়াম দেখা শেষ করে আমরা এলাম Palm Oil Experience Center এ। সেখানে ঢুকেই একটা ডি-এন-এ রিসিপশন। সেখানে আমরা মালয়েশিয়ার ম্যাপ দেখলাম, কারখানা দেখলাম, আরও অনেক কিছু দেখলাম। তারপর ফিরে এলাম ৫ নম্বর বাসে। এসময় আরিফা আমার সাথে ছিল। বাসে উঠে আমরা লেক ভিউতে ফিরলাম। রুমে এসে গোসল করে ড্রেস চেঞ্জ করে এলিয়েন নাইটের জন্য প্রস্তুতি নিলাম। এলিয়েন নাইটে গান হয়েছিল, নাচ হয়েছিল। এখানে রংপুরের চারজন নাচ করেছে। এলিয়েন নাইট শেষ করে এসে রাতের খাবার খেয়ে ক্লান্ত শরীরে বিছানায় যেতেই দিলাম এক ঘুম।

### ডে-৩ ( ৩১ আগস্ট ২০১৯)

ভোর ৬.০০ টায় ঘুম ভেঙ্গে গেছে। হাত-মুখ ধুয়ে রেডি হলাম। টিয়া রঙের টি শার্ট পড়লাম। তারপর নাস্তা সেরে গেলাম ওপেন হল রুমে। সেখানে দেশ ভিত্তিক স্টল করা হয়েছে। আমরা আমাদের স্টলে নিজেরা যে যা নিয়ে গিয়েছি সেগুলো আমাদের টিম লিডার ম্যাম এর কাছে জমা দিলাম। উনারা সেগুলো স্টলে সাজালেন। আমার কাছে অনেক বিস্কুট ছিল। ম্যামকে দিয়েছিলাম স্টলে বিক্রির জন্য। আমরা এগুলোর কিছু বিক্রি করলাম। অন্য স্টলগুলো থেকে তাদের জিনিস কিনলাম। কিছু কিছু গিফট বিতরন করলাম। আমরাও গিফট পেলাম।

আমি ফ্রেন্ডশিপ ব্যাজ, পুতুল, আমাদের দেশের পতাকা সিম্বলের চাবির রিং আর কয়েন নিয়ে গিয়েছিলাম। সেগুলি আমি বিভিন্ন দেশ থেকে আসা বন্ধুদেরকে গিফট করেছি। আজকেও কিছু একটিভিটি ছিল। সেগুলোতে অংশগ্রহন করলাম। অনেকগুলো স্টিকার ও ব্যাজ পেলাম।

সকালের সেশন শেষ করে দুপুরের খাবার খেয়ে আমি একটু ঘুমিয়ে নিয়েছিলাম। তারপর আবার বিকেলের সেশনে গেলাম। সেখানেও অনেক মজা হলো। এরপর মারদেকা নাইটের জন্য প্রস্তুতি নিয়ে আবার গেলাম ওপেন হলে। মারদেকা নাইটে অনেক সুন্দর অনুষ্ঠান হল। নাচ হল। নাচের পোশাকগুলো খুব সুন্দর ছিল। বাংলাদেশের পক্ষে অনুভূতি প্রকাশ করল সিলেটের নাবিলা। এটা আমার করার খুব ইচ্ছা ছিল। আমি দেশ থেকেই প্রস্তুতি নিয়ে গিয়েছিলাম। কিন্তু আমাদের টিম লিডার যাকে সুযোগ দিবেন সে ছাড়া আর কি কেউ করতে পারবে? আমার আর আলভীর নাচ করারও ইচ্ছে ছিল। আমরা পোশাক-গহনা এগুলো নিয়েও গিয়েছিলাম। কিন্তু নাচ কারার সুযোগ পেলাম না।

এই অনুষ্ঠানে মালয়েশিয়ার রানী এসেছিলেন। এটা আমাদের ক্লোজিং সেরেমনিও ছিল। আমরা আমাদের সনদ পেয়েছি এই অনুষ্ঠান শেষে। এই রাতেই ক্যাম্প ফায়ার হল। আমরা গান গাইলাম যা সব্বাইকে মাতিয়ে তুলেছিল। আমরা সবাই সেদিন খুউউব মজা করেছিলাম, খুব আনন্দ করেছিলাম। ৩১ আগস্ট আমাদের দলের শারিকার জন্মদিন। আবার মালয়েশিয়ারও জন্মদিন! আমরা শারিকাকে সারপ্রাইজ দিয়ে হেপি বার্থডে উইশ করলাম। আমাদের সাথে সাথে ব্রুনেই এর মেয়েরাও ওকে উইশ করল। সব মিলিয়ে অনেক মজা হয়েছিল। কিন্তু তারপর রাতে আমার জ্বর এসেছিল। আলভী আমার মাথায় জলপটি দিয়েছিল।

### ডে- ৪ (০১ সেপ্টেম্বর ২০১৯)

আজ আমাদের ফেরা হবে প্রিয়, শান্তির দেশ বাংলাদেশে!

কিছুক্ষন পরেই আমরা পুত্রজায়ায় পৌঁছালাম। সেখানে একটা মসজিদ আছে। খুব সুন্দর বললেও কম হবে। অনেক সুন্দর বললেও কম হবে। কারন ওই জায়গাটার সঙ্গে ওই মসজিদ-এত্ত সুন্দর!

মালয়েশিয়ান লোকজনদের দেখলাম-সকলেরই সাদা জামা। বিশেষ করে মেয়েদের কোমর পর্যন্ত শার্ট সাদা। নিচে অবশ্য জিন্সের থ্রি কোয়াটার প্যান্ট। আবার কেউ কেউ ফ্রক পরেছে সাদা, চুলও সাদা আবার স্কিনের রঙও সাদা ! কথা বলতে গিয়ে বুঝলাম তারা মালয়েশিয়ান।

পুত্রজায়ায় আমরা মালয়েশিয়ান আইসক্রিম খেয়েছিলাম। ওয়ালিদা ম্যাম আমাকে কিনে দিয়েছিলেন। মালয়েশিয়ায় জিনিসের দাম কম। একটা কোণ আইসক্রিম মাত্র ৫ রিঙ্গিত (বাংলাদেশী টাকায় ১০০ টাকা)। সেই আইসক্রিম এত ভালো যে তার স্বাদ এখনো মুখে লেগে আছে। আইসক্রিম খেয়ে আমার জ্বর সেরে গিয়েছিল!

একটা ব্রিজ দেখেছি নদীর উপরে (মালয়েশিয়ানরা বলে লেক), আমরা সেই নদীর বুকে ট্রলার যেতে দেখেছি, নৌকা দেখেছি। নদীর পানি খুবই স্বচ্ছ ছিল। একেবারে নীল পানি।

পুত্রজায়াতে দুজন বাঙালি পেয়েছিলাম। তাদের সাথে শান্তিমত বাংলায় কথা বলেছি। তাদের সাথে ঘুরেছি। আমরা অনেক কিছু করেছিলাম। খেলেছি, ঘুরেছি, দেখেছি, খেয়েছি, ছবি তুলেছি। তারপর বাসে উঠে এয়ারপোর্টে চলে গিয়েছিলাম।

**আবার কুয়ালালামপুর এয়ারপোর্ট !**

কুয়ালালামপুর এয়ারপোর্টে আগেরবার ভালো করে ঘুরেছিলাম। এবার তেমন একটা ঘুরবনা। গিয়েই একখানা বিশাল লিফট। সেই লিফটে উঠতে হবে। একদিক দিয়ে উঠবো, আরেক দিক দিয়ে নামব। পাঁচ তলায় উঠার পর আমরা নেমে তারপর বসলাম। বসার পর আমাদের সাথে আরও যে দুজন ছিলেন তাদের কাছে ব্যাগ-লাগেজ রেখে ওয়াশরুমে গিয়ে হাতমুখ ধুলাম। তারপর আবার ফিরে এসে লাগেজ ও ব্যাগ নিয়ে দাঁড়ালাম ইমিগ্রেশন লাইনে। প্রায় দুই-আড়াই ঘণ্টা দাঁড়িয়ে থাকার পর লাগেজ দিতে পারলাম।

তারপর মেইন ইমিগ্রেশনে গেলাম। বাংলাদেশে এই ইমিগ্রেশনে শুধু একটা বিশাল গেট। আর মালয়েশিয়ায়, সেখানে কাঁচের একটা গেট, বাহিরের মানুষ ভিতরের লোকজনকে দেখতে পারে। গেটের ভেতরে আবার নিচে নামার সিঁড়ি। সেখানে হলো ইমিগ্রেশন। সাঁইত্রিশ নম্বর ইমিগ্রেশনে গিয়ে পঁয়ত্রিশ নম্বর গেটে যেতে হবে পেনে উঠার জন্য। আমরা কিছুক্ষন আগে চলে গিয়েছিলাম। তাই কিছুক্ষন অপেক্ষা করতে হয়েছিল। তারপর গেট খোলা হলে ঢুকে গেলাম। লাইন ধরে প্লেনে উঠলাম।

রাত ৮.৫৫তে প্লেন ছাড়বে। তাই উঠেই সিটে বসলাম। প্রথমে যে সিটে বসেছি দেখি সেটা আমার সিট নয়। পরে নিজের সিট নিজে খুঁজে বসেছি। প্রতি রো তে তিনজনের সিট। আমার সিট হয়েছিল বাম পাশের রো তে মাঝখানে। আমার বাম পাশে বসেছিল একটা চাইনিজ মেয়ে। তার নাম জানিনা। ডানপাশে বসেছিল একটা থাই ছেলে-নাম জেসন। তার সাথে বেশ কথা হল। তারপর একসময় ঘুমিয়ে গেলাম। ঘুম থেকে যখন উঠেছি তখন আমরা থাইল্যান্ডে। তখন বাজে ১০.৩৩। আমাদের হাতে ছিল আধাঘণ্টা। তারমধ্যে ইমিগ্রেশন করে, চেকিং করে, প্লেন খুঁজে পেলাম। জানালা দিয়ে দেখি এটা একটা গোলাপি রঙের প্লেন। আমার সিট ছিল জানালার পাশে। বসলাম। পেন যেন ৫ মিনিট পরেই ছাড়ল। তখন রাত ১১.৩০ মিনিট। আমি আলাহর কাছে যখন শুকরিয়া আদায় করব, তখন শুকরিয়া আদায় করতে করতে কেঁদে ফেললাম। কাঁদতে কাঁদতেই ঘুমিয়ে পড়লাম।

**প্রিয় জন্মভূমি, বাংলাদেশ!**

ঘুম ভেঙ্গেছে পেন ল্যান্ড করার একটু আগে। রাত তখন ১.০০ টা বাজে। বিমান থেকে নামার আগ পর্যন্ত ঠিক ছিলাম। নামার পর, এয়ারপোর্টে দাঁড়ানোর পর যখন ইমিগ্রেশন করতে যাব-নীরবে লুকিয়ে দুচোখে ঝরঝর পানি-কাঁদছি। একই কারনে কাঁদছি যে কারনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বদেশ প্রত্যাবর্তনের দিন কেঁদেছিলেন। সেই কথা মনে করলে এখনও কান্না পায় এই ভেবে, আমি আমার দেশকে কতখানি ভালবাসি। অজানায় (গোপনে) এখনও কাঁদি।

ইমিগ্রেশন শেষ করার পর আমরা লাগেজ নিতে বেল্টের কাছে গেলাম। ঢাকায় তখন তুমুল বৃষ্টি। সেইজন্য এয়ারপোর্ট থেকে বলা হল- বৃষ্টির কারনে লাগেজ পেতে দেরি হবে। আমরা অপেক্ষা করছি। তখনও আমার জ্বর। এমন সময় ওয়ালিদা ম্যামের ফোনে আম্মু ফোন করল। আম্মু আমাদেরকে দেখতে পেয়েছে। ওয়ালিদা ম্যামের কাছেই ছিলাম। তাই আম্মুর সাথে কথা বলতে গিয়ে তাকে দেখলাম। তখন খুশিতে আমি আবার কেঁদে ফেলি। লাগেজ আসার আগেই আম্মুর সাথে দেখা করতে কাঁচের দেয়াল পেরিয়ে কাছে গেলাম। গিয়ে জড়িয়ে ধরে আবারও কান্না করে দিলাম। আম্মু আমাকে বার বার কাঁদতে বারন করছিল। অনেক কিছু বুঝাচ্ছিল। শুনতে কী যে ভালো লাগলো ! কত দিন পর আমার মায়ের গলা !

তারপর লাগেজ নিলাম। নিয়ে আম্মুর কাছে চলে গেলাম। তাঁর সঙ্গে রইলাম। তারপর উবার নিয়ে সোজা গাইড হাউজ। সেখানে গিয়ে আম্মু আমার মাথায় পানি ঢালল। গা মুছিয়ে দিল। মায়ের হাতের ব্রেডটোস্ট খেয়ে প্যারাসিটামল খেলাম। ততক্ষনে প্রায় শেষ রাত। একটু ঘুমিয়ে গেলাম।

সকালবেলা জিএস ও ডিএনসি ম্যাম, মাহজাবিন ম্যাম ও রিতা জেসমিন( উনার কাছেই আমি হলদে পাখি হবার দীক্ষা পেয়েছিলাম) ম্যাম- সবার সাথে দেখা করলাম। ইসতেয়ারা ম্যামের সাথেও দেখা হয়ে গেল। আমাদের অভিজ্ঞতা তাদের জানালাম। সার্টিফিকেট দেখালাম। তাঁরাও খুব খুশি আমাদের অভিজ্ঞতা শুনে। আমরাও খুব খুশি তাদেরকে আমাদের অভিজ্ঞতা জানাতে পেরে। তবে খুব মিস করলাম মালেকা পারভিন লাকি ম্যামকে (লাকি আনটি)। উনি আন্তরিকভাবে চেয়েছিলেন বলেই আমার এই ক্যাম্পে যাওয়া সম্ভব হয়েছে। উনি হজ করতে সৌদি আরব গেছেন। আমি উনার জন্য দোয়া করলাম।

ময়মনসিংহে ফিরে আগে ডাক্তার দেখালাম। তারপর আম্মার (বিদ্যাময়ী স্কুলের প্রধান শিক্ষক নাছিমা আক্তার- তাকে আমি আম্মা ডাকি) সাথে দেখা করলাম। তারপর বিভাগীয় কমিশনার খন্দকার মুস্তাফিজুর রহমান স্যার এর সাথে দেখা করলাম। তারপর গার্ল গাইডস ময়মনসিংহ অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন আরা খান ম্যাম, জিএস সামসুন্নাহার ম্যাম এবং কোষাধ্যক্ষ মালেকা পারভীন (আমার ফুপ্পি) এর সাথে দেখা করে আমার ভ্রমন অভিজ্ঞতা ও কৃতজ্ঞতা জানালাম। এই মানুষগুলো সবাই আমার স্বপ্নটাকে সত্যি করে দিয়েছেন। আরও একজন মানুষ হলেন- আমাদের সিটি কর্পোরেশন মেয়র ইকরামুল হক টিটু। তিনিও আমার এই ভ্রমনে ভুমিকা রেখেছেন। তাঁর প্রতিও আমি এবং আমার পরিবার কৃতজ্ঞ।

একটু সুস্থ হয়ে স্কুলে গেলাম। দেখা করলাম আমার শ্রেণি শিক্ষক লিয়াকত আলি স্যার, প্রধান শিক্ষক ইলিয়াস খান স্যার এবং আমাদের প্রিয় প্রিন্সিপাল লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ জালাল উদ্দিন স্যার এর সাথে। তাঁরা আমাকে অনুমতি না দিলে আমি এ ভ্রমনের সুযোগটি কিছুতেই নিতে পারতাম না।

আর আম্মুর বান্ধবি উম্মে আফসারি জহুরা (মুকুল আনটি) শেষ মুহূর্তে এগিয়ে না এলে হয়ত ভিসাই পেতাম না। সবার কাছে আমরা কৃতজ্ঞ।

### শেষ কথা

মালয়েশিয়া যত সুন্দর দেশ হোকনা কেন, আমার দেশ পৃথিবীর সবচেয়ে সুন্দর দেশ। আমার দেশকে আমি ১০০ তে ১০০০০০০০ দেব। এ অভিজ্ঞতা আমার জীবনের অনেক বড় অংশ। এই অভিজ্ঞতা আমি সারাজীবন মনে রাখবো।



ঝাঁক অবকাশে অংশগ্রহণ করে হলদে পাখিরা তাদের উপযোগী বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণের মধ্য দিয়ে যে শিক্ষা নিয়ে থাকে সেটা তারা একে অপরের সাথে ভাগাভাগি করে আনন্দ পায়



করোনা থেকে বাঁচতে হলে নিজে সচেতন থাকুন
অন্যকেউ সচেতন থাকতে সহায়তা করুন




কুমিল্লা অঞ্চলের উদ্যোগে অনুষ্ঠিত ১ম আঞ্চলিক ঝাঁক অবকাশে অংশগ্রহণকারী হলদে পাখিদের ঝাঁক



গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা অঞ্চলের আঞ্চলিক কমিশনার ও গাইড সদস্যদের শরীয়তপুর জেলার জেলা শিক্ষা কর্মকর্তার সাথে সৌজন্য সাক্ষাত



খুলনা অঞ্চলের গাইড সদস্যরা স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে শ্রদ্ধা জ্ঞাপন



২২তম আন্তর্জাতিক এ্যাডভেঞ্চার প্রোগ্রাম এবং ২য় সানসো এ্যাডভেঞ্চার ক্যাম্প।
ন্যাশনাল এ্যাডভেঞ্চার ইনস্টিটিউট, পাঁচমারী, মধ্যপ্রদেশ, ভারত



পোস্ট রেজি: নং-ঢাকা-৯০৪০২

মুদ্রণে: মদিনা প্রিন্টার্স এন্ড পাবলিশার্স, ২৭৮/৩ এলিফ্যান্ট রোড, কাঁটাবন, ঢাকা-১২০৫